




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA গৌরবের ৭১ তম বছর

Founder : J.C.Paul ■ Former Editor : Paritosh Biswas

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 71 Years ■ Issue-110 ■ 25 January, 2025 ■ আগরতলা ২৫ জানুয়ারি, ২০২৫ ইং ■ ১১ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা







## প্রজাতন্ত্র দিবসকে ঘিরে সীমান্তে বাড়তি নজরদারি, শহরেও চলেছে অভিযান



*ইয়াকুবনগর এলাকায় প্রজাতন্ত্র দিবসের প্রাক্কালে চলছে সীমান্ত সুরক্ষা বাহিনীর নজরদারি।*

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ২৪ জানুয়ারি।।** প্রজাতন্ত্র দিবস উপলক্ষে সীমান্ত এলাকায় জারি রাখা হয়েছে বাড়তি নজরদারি। বিএসএফ জওয়ানরা প্রতিনিয়ত সীমান্তের কাঁটাতার বেড়া এলাকায় টহলদারি চালিয়ে যাচ্ছে। একইসঙ্গে ডগ স্কোয়ার্ড বাহিনীর নজরদারির কাজে ব্যবহার করা হচ্ছে। বলতে গেলে নিচছিদ্র নিরাপত্তা ব্যবস্থায় মুড়ে ফেলা হয়েছে ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী এলাকা গুলি। বাংলাদেশের অনুপ্রবেশ রুখতে কড়া পদক্ষেপণ নেওয়া হয়েছে। বাড়তি নিরাপত্তা ব্যবস্থা রাখতে জোয়ানরা দিনরাত টহল দিচ্ছেন। এদিকে রাজধানী আগরতলা সহ শহরের বিভিন্ন জায়গায় পুলিশি টহল বাড়ানো হয়েছে। শহরের বিভিন্ন জায়গায় চেকিং ও অভিযান জারি রেখেছে রাজ্য পুলিশ। জাতীয় সড়কেও চলছে বিভিন্নভাবে চেকিং। এছাড়া রেলস্টেশন বিমানবন্দর সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ জায়গা গুলিতেও বাড়তি নজরদারি চলছে দিন রাত। একইসঙ্গে নেশা বিরোধী অভিযানও চালিয়ে যাচ্ছে পুলিশ ও আধা সামরিক বাহিনীর জওয়ানরা। সব মিলিয়ে প্রজাতন্ত্র দিবসের প্রাক্কালে শহর এবং শহরতলী ছাড়াও রাজ্যের সর্বত্র নিরাপত্তার বেষ্টনী রয়েছে কঠোর।

উত্তর ত্রিপুরা জেলার ধর্মনগরে প্রজাতন্ত্র দিবসের প্রস্তুতি প্রায় চূড়ান্ত। শুক্রবার প্রজাতন্ত্র দিবসের প্রাক্কালে প্যারেডের কুচকাওয়াজ অনুশীলন অনুষ্ঠিত হয়। প্রজাতন্ত্র দিবসের প্রাক্কালে ধর্মনগরের বীর বিক্রম ইনস্টিটিউশন ময়দানে প্রতিবছরের মতো এবারও প্যারেডের কুচকাওয়াজ অনুশীলন চলছে। আজ ছিল এই অনুশীলনের চূড়ান্ত দিন। প্যারেডে অংশগ্রহণ করেছে ত্রিপুরা স্টেট রাইফেল, ত্রিপুরা পুলিশ, ☞ ৬ এর পাতায় দেখুন

## কর্মক্ষেত্রে নারীদের নিরাপত্তা ও সুরক্ষার দাবিতে সিটুর মিছিল, ডেপুটেশন




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।।** কর্মক্ষেত্রে নারীদের নিরাপত্তাকে সম্পূর্ণ উপেক্ষা করে রাত্রিকালীন কাজ করার জন্য রাজ্য সরকারের একতরফা সিদ্ধান্তের প্রতিবাদে সরব হয়েছে সিআইটিইউ।আজ শহরের বিক্ষোভ মিছিল করে শ্রম দপ্তরের ডেপুটেশনে মিলিত হয়েছেন সংগঠনের নেতৃত্বরা।

এদিন প্রাক্তন শ্রম মন্ত্রী মানিক দে বলেন, গোটা দেশে একটা অরাজক অবস্থা কায়েম হয়েছে। আইটি সেক্টরের মালিকরা সরকারী নিকট দাবি করেছেন কর্মক্ষেত্রে মহিলা কর্মীদের রাত্রিকালীন কাজের সুযোগ দিতে হবে। কিন্তু নারীদের কর্মক্ষেত্রে নিরাপত্তা প্রদানে সেক্টরের মালিকরা দায়িত্ব নিতে অস্বীকার করেছেন। ত্রিপুরা সরকার ও কেন্দ্র সরকারের আইনের সাথে তাল মিলিয়ে বিধানসভায় একটি বিল পাস করেছে। সাধারণত এই বিল পাস করার আগে শ্রমিকদের সাথে কথা বলার দরকার ছিল সরকারের। এরই প্রতিবাদে শ্রমিক স্বার্থে বিভিন্ন দাবি নিয়ে রাস্তায় নেমেছে সিআইটিইউ। তাঁদের দাবি, কর্মক্ষেত্রে নারীদের নিরাপত্তাকে সম্পূর্ণ উপেক্ষা করে রাত্রিকালীন কাজ করার নিয়ম বাতিল করতে হবে।

## প্রজাতন্ত্র দিবস উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা মুখ্যমন্ত্রীর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।।** প্রজাতন্ত্র দিবস উপলক্ষে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা রাজ্যবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। শুভেচ্ছাবার্তায় মুখ্যমন্ত্রী বলেন, "আমাদের সংবিধান আমাদের গর্ব। বিশ্বের বৃহত্তর গণতান্ত্রিক দেশের নাগরিক হিসাবে আমরা আমাদের মহান সংবিধানের প্রতি শ্রদ্ধাশীল। সংবিধানের প্রতি দায়িত্বনিষ্ঠ থেকে সকল নাগরিকদেরই উচিত উন্নত দেশ ও জাতি গঠনে নিজেদেরকে নিয়োজিত করা। জাতির এই পবিত্র দিনে দেশপ্রেমিক বীর শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করছি। আমি রাজ্যবাসীর উজ্জ্বল ভবিষ্যৎ এবং সুখ-সমৃদ্ধি কামনা করছি"।

## একই দোকানে পরপর চুরি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।।** রাতের আঁধারে সিপাহীজলা এসপি অফিস সংলগ্ন এলাকায় একই দোকানে পর পর দুইবার দুঃসাহসিক চুরি হয়েছে। ওই ঘটনায় শহরে রাতের নিরাপত্তায় ফের একবার প্রশ্ন উঠেছে। চোরের দল হানা দিয়ে বিভিন্ন মূল্যবান সামগ্রী সহ নগদ টাকা নিয়ে পালিয়েছে।

ঘটনার বিবরণে এক দোকান মালিক জানিয়েছেন, সিপাহীজলা এসপি অফিস সংলগ্ন এলাকায় তাঁর মুদিখানার দোকান ছিল। গতকাল রাতে প্রতিদিনের মতো দোকান বন্ধ করে বাড়ি গিয়েছিলেন তিনি। আজ ☞ ৬ এর পাতায় দেখুন

## বিরোধী দলনেতার উপর আক্রমনের চেষ্টা, অভিযোগ বিজেপির বিরুদ্ধে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।।** বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরীর উপর আক্রমণের চেষ্টা করেছে দুষ্কৃতিকারীরা। এক বিবৃতিতে এমনই অভিযোগ জানিয়েছে সিপিআইএম।

বিবৃতিতে জানানো হয়েছে, কুমারঘাট মহকুমায় পেঁচারথলের বাঘাইছড়া বাজারে সিপিআই(এম)-এর একটি জনসভার কমসূচি ছিল। জনসভাতে প্রধান বক্তা হিসেবে সিপিআইএম রাজ্য সম্পাদক তথা বিরোধী দলনেতা জীতেন্দ্র চৌধুরী উপস্থিত থাকার জন্য নির্ধারিত সময়ে কুমারঘাট যান। বাঘাইছড়া যাওয়ার তিনটি রাস্তাই মদমত্ত অবস্থায় সমবেত করে কিছু দুষ্কৃতীরা পথ অবরোধ করে বলে অভিযোগ।

কুমারঘাট মহকুমার পার্টির নেতৃত্ব মহকুমার পুলিশ কর্তৃপক্ষকে জানালেও কার্যকরি কোন ভূমিকাই পুলিশ নেয়নি, বলে অভিযোগ। অগত্যা গোলযোগ এড়াতে জীতেন্দ্র চৌধুরী সমেত পার্টি মহকুমা নেতৃত্ব দীর্ঘ ঘোরাপথে বাঘাইছড়া পৌঁছান। জনসভা চলাকালীন সময়ও সভা বানচাল করতে দুর্বৃত্তরা চেষ্টা করে বলে অভিযোগ। উল্লেখ্য, এই জনসভায় বিজেপি ও ত্রিপ্রামথা দলের উল্লেখযোগ্য সংখ্যক পরিবারের কর্মীসমর্থক পদত্যাগ করে সিপিআই(এম) দলে যোগদান করেন।

জনসভা শেষে ফেরার পথেও পেঁচারথল বাজারে বিজেপি অফিসের সামনে জাতীয় সড়কে জীতেন চৌধুরীদের গাড়ি আটকানোর চেষ্টা করা হয়েছে বলে অভিযোগ জানিয়েছেন বিরোধীরা। জীতেন্দ্র চৌধুরী সমস্ত ঘটনা টেলিফোনে অতিরিক্ত ডিজিকে জানান। এদিনের এই ঘটনায় বিজেপিকেই দায়ী করেছেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী। ঘটনার তীব্র নিন্দা জানিয়েছেন নেতৃত্বরা।

## মনু নদীর বাঁধের অবস্থা ভয়াবহ সংস্কারের দাবি জানালেন বীরজিৎ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।।** কৈলাসহরের মনু নদীর পাড়ের বাঁধের অবস্থা ভয়াবহ। খুব শীঘ্রই যদি বাঁধ সংস্কার কিংবা পুননির্মাণের কাজ শুরু না করা হয় তাহলে আসন্ন বর্ষার মরশুমে কৈলাসহরে ভয়াবহ বন্যা হবে এটা হলফ করে বলা যায়। আজ বিকেলে কৈলাসহর মহকুমার অধীনে থাকা বিভিন্ন এলাকায় মনু নদীর পাড়ের বাঁধ পরিদর্শনে গিয়েছেন বিধায়ক বিরজিত সিনহা এবং জেলা কংগ্রেসের সভাপতি তথা গৌরনগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান মো: বদরুজ্জামান।

বাঁধ পরিদর্শনে গিয়ে সবাই চমকে যান এবং উৎকণ্ঠিত হয়ে পড়েন। বিধায়ক বিরজিত সিনহা এবং জেলা কংগ্রেসের সভাপতি মোঃ বদরুজ্জামান কাউলিকুড়া, পশ্চিম কাউলিকুড়া, ঠাঠামাড়া, পশ্চিম কামরাংগাবাড়ি, পূর্ব দূর্গাপুর, ছৈনতল, সোনামাড়া, পশ্চিম গোবিন্দপুর ইত্যাদি এলাকায় মনু নদীর পাড়ের বাঁধ পরিদর্শন করেন। প্রতিটি অঞ্চলে বাঁধের অবস্থা খুবই শোচনীয়। কোথাও বাঁধ ভঙ্গ রয়েছে, কোথাও বাঁধ নীচু হয়ে রয়েছে, কোথাও বাঁধ নির্দিস্ট মাপ থেকে ছোটো হয়ে রয়েছে। বাঁধের এই শোচনীয় অবস্থায় বাঁধের উপর দিয়ে প্রতিদিন বালুর গাড়ি এবং বড় বড় ট্রাক প্রতিদিন যাতায়াত করছে বলে স্থানীয় গ্রামবাসীরা অভিযোগ করেন। তাছাড়া প্রতিবছর বর্ষার সময়ে প্রশাসনের পক্ষ থেকে লক্ষ লক্ষ টাকা খরচ করে বালুর বস্তা বাঁধের উপর এবং মনু নদীর পাড়ে ফেলা হয়। বর্ষাকাল চলে গেলে প্রশাসনের পক্ষ থেকে স্থায়ী ভাবে বাঁধের কাজ করানো হয়না বলেও গ্রামবাসীরা অভিযোগ করেন।

বাঁধ পরিদর্শন শেষে বিধায়ক বিরজিত সিনহা সংবাদ প্রতিনিধিদের জানান যে, রাজ্য সরকারের উচিত খুব শীঘ্রই কৈলাসহরের মনু নদীর বাঁধের সংস্কার কিংবা পুনর্নির্মানের কাজ শুরু করা। খুব শীঘ্রই কাজ শুরু না করলে আসন্ন বর্ষায় কৈলাসহর জলের নীচে থাকবে বলে উনি আশংকা প্রকাশ করেন। তাছাড়াও বিধায়ক আরও গুরুতর অভিযোগ করেন যে, বাঁধের পাশে সুইস গেইট গুলো দীর্ঘদিন ধরে সংস্কারের অভাবে সুইস গেইট গুলো বিকল হয়ে রয়েছে। সুইস গেইট গুলো দিয়ে জল নিষ্কাশন হয় না। প্রায় চল্লিশ বছর পূর্বে কৈলাসহরের মনু নদীর পাড়ে বাঁধ এবং সুইস গেইট গুলো নির্মান করা হয়েছিলো। এরপর আর কোনো দিনই এগুলো সংস্কার ☞ ৬ এর পাতায় দেখুন

## কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে যুব বিকাশে স্টার্ট আপ প্রকল্পের সূচনা করলেন মুখ্যমন্ত্রী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।।** রাজ্যের যুবা সম্প্রদায়ের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে সরকার অগ্রাধিকার দিয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রায়ই বলেন যুবা সম্প্রদায় হচ্ছে দেশের অন্যতম সম্পদ। দেশের যুবা সম্প্রদায়ের যদি উন্নয়ন করা যায় তাহলে দেশ উন্নতির পথে দ্রুত এগিয়ে যাবে। এই লক্ষ্য নিয়েই প্রধানমন্ত্রী ২০১৬ সালে দেশব্যাপী স্টার্টআপ ইন্ডিয়া প্রকল্পের সূচনা করেছিলেন। রাজ্য সরকারও প্রধানমন্ত্রীর মার্গদর্শনে রাজ্যে স্টার্টআপ ইন্ডিয়া প্রকল্পের সফল বাস্তবায়নের লক্ষ্যে কাজ করছে। আজ প্রজ্ঞাভবনে ত্রিপুরা স্টার্টআপ পলিসি, ২০২৪-এর সূচনা করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্যের উদ্যোগী যুবক ☞ ৬ এর পাতায় দেখুন

## কৃষকদের আয় দ্বিগুন সরকারের লক্ষ্য ঃ রতন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।।** রাজ্য সরকার চাইছে কৃষকদের আয় দ্বিগুন করতে। রাজ্য সরকারের উদ্দেশ্যকে সাফল্যমন্ডিত করতে কাজ করে যাচ্ছে কৃষি দপ্তর। আজ ঋষ্যমুখ ব্লকে সাবসিডির মাধ্যমে বেনিফিসারী নির্ধারন করে কৃষিজ সামগ্রী বিতরন অনুষ্ঠানে একথা বলেন কৃষি মন্ত্রী রতন লাল নাথ। এদিন তার হাত ধরে কৃষিজ সামগ্রীগুলি কৃষকদের হাতে তুলে দেওয়া হয়।

বর্তমান সময়ে কৃষকদের কৃষিকাজের জন্য গ্রেইভস কোম্পানির নেপচুন মিনি ট্রাকটারের চাহিদা রয়েছে। কৃষকদের চাহিদা অনুযায়ী আজকের অনুষ্ঠানে ১৯ জন বেনিফিসারীকে গ্রেইভস কোম্পানির এই মিনিট্রাকটারগুলো প্রদান করেন কৃষিমন্ত্রী। কৃষি দপ্তরের ☞ ৬ এর পাতায় দেখুন



*প্রজাতন্ত্র দিবসকে সামনে রেখে শুক্রবার আসাম রাইফেলস ময়দানে মহড়া।*

## শহরে ট্রান্সফরমারে আগুন ঃ চাঞ্চল্য



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।।** মুখ্যমন্ত্রী বাসভবন সংলগ্ন লোকনাথ মন্দিরের বিপরীতে আন্ডার গ্রাউন্ড বিদ্যুৎ লাইনের কন্টোল বক্সে অগ্নিসংযোগ ঘটে। সাথে সাথে খবর দেওয়া হয়েছে দমকলবাহিনীকে। দমকলের একটি ইঞ্জিন এবং বিদ্যুৎ নিগমের কর্মীরা ঘটনাস্থলে ছুটে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনেন। ওই ঘটনায় গোটা এলাকায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, আজ সকালে পথচলতি মানুষ মুখ্যমন্ত্রী বাসভবন সংলগ্ন ☞ ৬ এর পাতায় দেখুন

## বিদ্যুতের খুঁটিতে উঠে বিদ্যুৎপৃষ্ট যুবক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।।** বিদ্যুতের খুঁটিতে উঠে বিদ্যুৎপৃষ্ট হয়ে গুরুতর আহত হয়েছেন এক যুবক। আত্মহত্যা করার জন্যেই সে বিদ্যুতের খুঁটিতে উঠেছিল বলে প্রাথমিক ধারনা করা হচ্ছে। ঘটনাটি ঘটেছে ☞ ৬ এর পাতায় দেখুন

## উত্তর পূর্বাঞ্চলের কৃষ্টি সংস্কৃতিকে রক্ষা করতে হবে ঃ সাংসদ রাজীব

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।।** পুথিবা ওয়েলফেয়ার এবং কালচারেল সোসাইটি ও পুথিবা লাইহারওবা কমিটির যৌথ উদ্যোগে আয়োজিত পুথিবা লাইহারওবা অনুষ্ঠানের শেষ দিনে উপস্থিত ছিলেন বিজেপি প্রদেশ সভাপতি তথা সাংসদ রাজিব ভট্টাচার্য্যী, বিধায়ক সুশান্ত দেব সহ আরো অন্যান্যরা। এদিন বক্তব্য রাখতে গিয়ে উত্তর - পূর্বাঞ্চলের কৃষ্টি সংস্কৃতি তুলে ধরেন সাংসদ রাজীব ভট্টাচার্য্য।



তিনি বলেন, উত্তর পূর্বাঞ্চলের কৃষ্টি সংস্কৃতিকে রক্ষা করতে হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি উত্তর ☞ ৬ এর পাতায় দেখুন

## দিল্লিতে প্রজাতন্ত্র দিবসে থাকার আমন্ত্রন পেল ৬ ওবিসি ছাত্রছাত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।।** ভারত সরকারের সামাজিক ন্যায়বিচার মন্ত্রকের আমন্ত্রণে রাজ্যের ওবিসি সম্প্রদায়ভুক্ত ৬ জন ছাত্রছাত্রী নয়াদিল্লীতে আয়োজিত প্রজাতন্ত্র দিবসের অনুষ্ঠানে উপস্থিত থাকার আমন্ত্রণ পেয়েছে। আজ ওবিসি কল্যাণ দপ্তরের পক্ষ থেকে এই ৬ জন ছাত্রছাত্রীকে শুভেচ্ছা ও সংবর্ধনা জানানো হয়। ওবিসি কল্যাণ মন্ত্রী সান্ত্বনা চাকমা, সচিব তাপস রায় ও অধিকর্তা নির্মল অধিকারী ছাত্রছাত্রীদের হাতে পুস্পস্তবক ও উত্তরীয় পরিয়ে শুভেচ্ছা জানান।

শুভেচ্ছা জ্ঞাপন অনুষ্ঠানে ওবিসি কল্যাণ দপ্তরের মন্ত্রী শান্তনা চাকমা বলেন, দেশের এই ঐতিহ্যমন্ডিত অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারা নিঃসন্দেহে একটি গৌরবের বিষয়। ওবিসি সম্প্রদায়ের বিভিন্ন স্কীমে স্কলারশীপ পাওয়া মেধাবী ছাত্রছাত্রীরা এবারই দপ্তরের পক্ষ থেকে প্রথমবারের মতো এই অনুষ্ঠানে অংশ নিচ্ছেন। ভবিষ্যতেও দপ্তরের পক্ষ থেকে ওবিসি ভুক্তদের কল্যাণে সরকারের এই ধরনের উদ্যোগ অব্যাহত থাকবে বলে তিনি আশা ব্যক্ত করেন। দপ্তরের সচিব তাপস রায় বলেন, জাতীয়স্তরের এই অনুষ্ঠানে উপস্থিত থাকা অত্যন্ত সৌভাগ্যের বিষয়। রাজ্যের প্রতিনিধিরা ত্রিপুরার নাম উজ্জ্বল করবেন বলে তিনি প্রত্যাশা ব্যক্ত করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ওবিসি কল্যাণ দপ্তরের অধিকর্তা নির্মল অধিকারী। তিনি বলেন, এবারই প্রথম ওবিসি কল্যাণ দপ্তরের পক্ষ থেকে রাজ্যের নির্বাচিত ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা,২৫ জানুয়ারি ২০২৫ ইং
১১ মাঘ, শনিবার,১৪৩১ বঙ্গাব্দ

# ভারতীয় গণতন্ত্রে ভোটার দিবস

ভারতে জাতীয় ভোটার দিবস প্রতি বছর ২৫ জানুয়ারি তারিখে উদযাপন করা হয়। ২০১১ সাল থেকে এই দিবসটি পালন করা হইতেছে। এটি উদযাপনের মূল উদ্দেশ্য হইলো ভোটারদের ভোটাধিকার সম্পর্কে সচেতন করা এবং গণতান্ত্রিক প্রক্রিয়ায় সক্রিয় অংশগ্রহণে উৎসাহিত করা।

২৫ জানুয়ারি দিনটি ভারতের নির্বাচন কমিশন প্রতিষ্ঠা দিবস। ১৯৫০ সালের এই দিনে নির্বাচন কমিশন প্রতিষ্ঠিত হয়। ২০১১ সালে কমিশনের ৬১তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে প্রথমবার জাতীয় ভোটার দিবস উদযাপিত হয়। ভোটার দিবস পালনের উদ্দেশ্য হইলো ১৮ বছর বা তাহার বেশি বয়সী নতুন ভোটারদের তালিকাভুক্ত করা এবং তাহাদের ভোটদানে উৎসাহিত করা।গণতান্ত্রিক ব্যবস্থায় সকল নাগরিকের সমান অংশগ্রহণ নিশ্চিত করা।ভোটাধিকার সম্পর্কে জনসাধারণকে সচেতন করা এবং ভোট দেওয়ার গুরুত্ব বোঝানো।নতুন ভোটারদের ভোটার কার্ড প্রদান এবং গণতন্ত্র রক্ষায় শপথ করানো।বিভিন্ন মাধ্যমে ভোটদানের গুরুত্ব প্রচার করা।শিক্ষাপ্রতিষ্ঠান ও সামাজিক সংগঠনগুলোতে আলোচনা সভা ও কর্মশালার আয়োজন।প্রতি বছর একটি নির্দিষ্ট থিমের মাধ্যমে দিবসটি উদযাপন করা হয়।জাতীয় ভোটার দিবস ভারতের গণতন্ত্রকে শক্তিশালী করিতে এবং জনসাধারণকে তাহাদের দায়িত্ব পালনে উতাহিত করিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

গণতান্ত্রিক দেশ ভারতবর্ষে জনগণকে ভোট দান সম্পর্কে সচেতন করিতে প্রতিবছর ভোটার দিবস পালিত হইয়া থাকে। এই বছরও তাহার ব্যতিক্রম থাকিবে না। নির্বাচন কমিশনের উদ্যোগে প্রতিটি রাজ্যে ভোটা দিবস পালনের প্রস্তুতি গ্রহণ করা হইয়াছে। এ ব্যাপারে নানা সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা হইয়াছে। রাজ্য নির্বাচন দপ্তরের পক্ষ হইতে বেশ কিছু সংখ্যক নতুন ভোটারের হাতে এই দিন ভোটার সচিত্র পরিচয় পত্র তুলিয়া দেওয়া হইবে। গণতান্ত্রিক রাষ্ট্রে এটি একটি উৎসবের পরিণত হইয়াছে। নতুন প্রজন্মের ভোটারদের উৎসাহিত পরিবার জন্যই এই ধরনের পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে। জাতীয় মতদাতা দিবস ভারতে প্রতি বছর ২৫ জানুয়ারি তারিখে পালন করা হয়। ২০১১ সালের ২৫ জানুয়ারি তারিখ ভারতের নির্বাচনী আয়োগের ৬১তম প্রতিষ্ঠা দিবসের সঙ্গে সংগতি রাখিয়া তখনকার রাষ্ট্রপতি প্রতিভা পাটিল এই দিবসের আনুষ্ঠানিক সূচনা করিয়াছিলেন। ১৯৫০ সালের ২৫ জানুয়ারি গঠিত হয় ভারতীয় নির্বাচন কমিশন। নতুন ভোটারদের ভোটদানে উতসাহিত করিতে ২০১১ সাল থেকে নির্বাচন কমিশন প্রতিষ্ঠার দিনটিকে জাতীয় ভোটার দিবস হিসেবে পালন করা শুরু হয়।

জাতীয় ভোটার দিবস ২৫ জানুয়ারী একই দিনে পালিত হয় কারণ ১৯৫০ সালের এই দিনে নির্বাচন কমিশন প্রতিষ্ঠিত হইয়াছিল। নির্বাচন কমিশনের ৬১তম প্রতিষ্ঠা দিবসে ভোটার দিবস শুরু হইয়াছে।

যেকোনো গণতান্ত্রিক দেশে সরকার গঠনে ভোটারদের ভূমিকা সবচেয়ে বেশি থাকে।ভোটার তাহার মূল্যবান ভোট দিয়া নির্দিষ্ট দলকে পাঁচ বছরের জন্য ক্ষমতায় আনে এবং দেশ ও রাষ্ট্রের উন্নয়নে নাগরিক হিসেবে তাহার দায়িত্ব পালন করে।কিন্তু ভারতের মতো বৃহত্তম গণতান্ত্রিক দেশে ভোটের প্রতি মানুষের আগ্রহ কম।ভোটারদের ভোটের গুরুত্ব সম্পর্কে সচেতন করিতে প্রতি বছর জাতীয় ভোটার দিবস পালিত হয়।এ বছর নির্বাচনের ঠিক আগে ২৫ জানুয়ারি জাতীয় ভোটার দিবস পালিত হইবে।দেশে ১৮ বছর বয়সী তরুণ-তরুণীরা প্রথমবারের মত ভোট দেওয়ার সুযোগ পাইবে।ভোটারদের সচেতন করা যে দেশের অগ্রগতির জন্য প্রতিটি ভোট অপরিহার্য।ভোটার দিবস উদযাপনের উদ্দেশ্য হইল যোগ্য ভোটারদের চিহ্নিত করা এবং তাদের ভোট দিতে উৎসাহিত করা।গণতান্ত্রিক দেশের নাগরিকদের তাহাদের কর্তব্যের কথা স্মরণ করাইয়া দিতে এই দিনটি পালিত হয়।ভোটার দিবসে সারা দেশে সমস্ত ভোটকেন্দ্র এলাকায় যোগ্য ভোটারদের চিহ্নিত করা হয়।যোগ্য ভোটারদের মধ্যে ১৮ বছর বয়সী যুবকরা অন্তর্ভুক্ত।ভোটার তালিকায় এসব ভোটারদের নাম লেখার পর তাহাদের হাতে তুলিয়া দেওয়া হয় নির্বাচনী পরিচয়পত্র।প্রতি বছর ভোটার দিবসে ভোটারদের ভোট দেওয়ার শপথও দেওয়া হয় যাহাতে তাহারা গণতন্ত্র রক্ষায় সচেতন থাকেন।

## শূন্যে গুলি ছুড়ে টুর্নামেন্টের সূচনা, উদ্ধার আগ্নেয়াস্ত্র, এফআইআর দায়ের

মালদা, ২৪ জানুয়ারি (হি.স.): মালদায় এ বার খেলাধুলোর প্রতিযোগিতার সূচনায় শূন্যে গুলি ছুড়লেন একদল যুবক। সেই ভিডিয়ো ছড়িয়ে পড়তেই শোরগোল এলাকায়। নড়েচড়ে বসেছে প্রশাসনও। পুলিশ সূত্রের খবর, ইতিমধ্যে কয়েকটি বন্দুক এবং আগ্নেয়াস্ত্র উদ্ধার করা হয়েছে। এফআইআর-ও দায়ের হয়েছে। তবে এই ঘটনায় আটক বা গ্রেফতারির কোনও খবর মেলেনি।

জানা গেছে, শুক্রবার সকালে "টিপটপ ক্লাব"-এর উদ্যোগে এই টুর্নামেন্ট অনুষ্ঠিত হচ্ছিল নুরপুর উচ্চ বিদ্যালয়ের প্রাঙ্গণে। খেলার সূচনা করতে গিয়ে কয়েকজন যুবক হাতে বন্দুক নিয়ে গুলি ছোড়েন! এই দেখে দর্শকদের মধ্যেও প্রবল উচ্ছ্বাস দেখা দেয়। ঘটনার ভিডিও ভাইরাল হওয়ার পরে সঙ্গে সঙ্গে সক্রিয় হয় প্রশাসন।

পুলিশ জানিয়েছে, কয়েকটি আগ্নেয়াস্ত্র উদ্ধার করা হয়েছে এবং এই ঘটনায় যারা জড়িত, তাদেক বিরুদ্ধে এফআইআর দায়ের করা হয়েছে। তবে, এখনও কোনও গ্রেফতারির খবর পাওয়া যায়নি। অভিযুক্তদের মধ্যে রয়েছেন মনসুর আহমেদ খান, মহম্মদ আমিনুর রহমান খান, আলকামা খান চৌধুরী ও মহম্মদ বখতোয়ার খান।

প্রসঙ্গত, মালদার ইংরেজবাজারে তৃণমূল নেতাকে গুলি করে খুন করা হয়েছে ঠিক ২২ দিন আগে। বৃহস্পতিবার মালদহে কালিয়াচকে পুলিশকে লক্ষ্য করে গুলি চালিয়েছে দুষ্কৃতীরা। সেই পরিস্থিতির আঁচ না মিটতেই মালদায় ঘটল এদিনের ঘটনা।

## উত্তর প্রদেশে পথ দুর্ঘটনায় দুই বাইক আরোহীর মৃত্যু

আজমগড়, ২৪ জানুয়ারি (হি.স.) : উত্তর প্রদেশের গম্ভীরপুর থানার অন্তর্গত রোহুয়া মোড়ে বৃহস্পতিবার গভীর রাতে একটি গাড়ির ধাক্কায় দুই বাইক আরোহীর মৃত্যু হয়। এক পুলিশ আধিকারিক জানান , তাঁরা ধাবায় খাবার খেয়ে বাড়ি ফিরছিলেন। গভীর রাত হওয়ায় এবং ঘন কুয়াশার কারণে বাড়ি ফেরার পথে আজমগড়-বারাণসী সড়কের রোহুয়া মোড়ে একটি গাড়ি তাঁদের বাইকে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই মৃত্যু হয় দুই যুবকের। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায়। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

## সইফকে হামলা : ২৯ জানুয়ারি পর্যন্ত পুলিশ হেফাজত শেহজাদের

মুম্বই, ২৪ জানুয়ারি (হি.স.): অভিনেতা সইফ আলি খানকে হামলায় অভিযুক্তকে আগামী ২৯ জানুয়ারি পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠালো আদালত। অভিযুক্ত মহম্মদ শরিফুল ইসলাম শেহজাদকে আগামী ২৯ জানুয়ারি পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। আদালত পর্যবেক্ষণ করেছে, অপরাধ গুরুতর এবং দায়রা আদালতে বিচারযোগ্য। এমনকি অভিযুক্তের নির্দোষিতা নিশ্চিত করার জন্যও এই ধরনের তদন্ত প্রয়োজন, তাই বিএনএসএস (ভারতীয় ন্যায় সংহিতা) ধারা ৩৫-এর অধীনে নোটিশ সংক্রান্ত দাখিলগুলি প্রযোজ্য নয়।

# স্বামী বিবেকানন্দের অর্থনৈতিক জ্ঞান বিদেশি পন্ডিতদের বিস্মিত করেছিল

ড. কুমারেশ চক্রবর্তী

১৮৯৩ সালের ১১ সেপ্টেম্বর। শিকাগো বিশ্ব ধর্ম সভা! এখানে স্বামী বিবেকানন্দের ঐতিহাসিক ভাষণের কথা সকলের জানা। ভারত সহ সারা পৃথিবী সেদিন চিনেছিল প্রকৃত ভারতবর্ষকে এবং শ্রীরামকৃষ্ণের শিষ্য - বিবেকানন্দকে। এসব কথা ভারত সহ সারা পৃথিবীর অধিকাংশ মানুদেরই জানা কিন্তু অনেকেরই কাছেই অজানা এর দিন পাঁচ আগে আর একটি অর্থনৈতিক মহাসম্মেলনে বিবেকানন্দের আরেকটি চিরস্মরণীয় বক্তৃতার কথা। সেদিন আমেরিকার সোশ্যাল সাইন্স কর্তৃক আয়োজিত অর্থনীতি সংক্রান্ত একটা আন্তর্জাতিক সম্মেলন ছিল। সেই সম্মেলনে অতিথি বক্তা হিসেবে আমন্ত্রিত হয়েছিলেন স্বামী বিবেকানন্দ। সেই সভায় স্বামী বিবেকানন্দ অর্থনীতি বিষয়ে যে বক্তৃতা দিয়েছিলেন তা শুনে আমেরিকা এবং বিশ্বের তাবড় তাবর অর্থনৈতিক পন্ডিতরা একেবারে মুগ্ধ হয়ে যান। বিবেকানন্দের অর্থনৈতিক সংক্রান্ত জ্ঞান দেখে তারা এর বিস্মিত। একজন সন্ন্যাসী অর্থনীতির উপর আধুনিক গভীর জ্ঞান কি করে অর্জন করে? তারা ধরেই নিলেন এই হিন্দু সন্ন্যাসীর এটা অলৌকিক প্রতিভার বহিঃপ্রকাশ।

মহাসম্মেলন চলাকালীন এবং পরে আমেরিকা সহ বিশ্বের নানা প্রান্ত থেকে আসা অর্থনৈতিক পন্ডিতরা বিবেকানন্দের সঙ্গে এসে আলাপ পরিচয় করলেন, অনেক কথা বললেন, অনেক প্রশ্ন করলেন। তারপর তারা বুঝলেন। বিবেকানন্দের বক্তৃতায় তারাও মন্ত্রমুগ্ধ হলেও এর মধ্যে কোন মন্ত্র নেই। স্বামীজী যা অর্জন করেছেন তার প্রধান মাধ্যম হল তার কঠিন কঠোর বাস্তব অভিজ্ঞতা এবং - গভীর পড়াশোনা। আসলে অনেকেরই অজানা যে স্বামীজী ভারতে থাকাকালীন এবং ভারতের বাইরে অর্থনীতির ওপর প্রচুর বইপত্র পড়তেন কারণ তার চিন্তা ছিল দেশের কোটি কোটি মানুষের দুঃখ ক দারিদ্র দূর করতে হবে। তিনি জানতেন এটা মন্ত্র দ্বারা সম্ভব নয়, এর জন্য চাই উন্নত অর্থনীতি। আর সেই চেষ্টায় তিনি সর্বদাই বিভিন্ন গ্রন্থ অধ্যয়ন করতেন রাস্তা খুঁজে পাওয়ার জন্য। স্বামী বিবেকানন্দের অনেক প্রতিভার মধ্যে একটি অলৌকিক প্রতিভা ছিল এই অধ্যয়ন সংক্রান্ত। তিনি অসম্ভব দ্রুত বই পড়তে পারতেন এবং শুধু - পড়া নয় তা প্রায় কণ্ঠস্থ হয়ে থাকতো। সাধারণ মানুষের পক্ষে একটা বই পড়তে যদি পাঁচ দিন সময় লাগে বিবেকানন্দের পক্ষে সেটা এক ঘন্টাতেই হয়ে যায়। এটাও তার একটা জন্মগত প্রতিভা যা পরবর্তীকাল কালে আরো চর্চার মধ্য দিয়ে আরো উন্নত হয়েছিল। সেই অর্থনৈতিক মহা সম্মেলনে বিবেকানন্দ উন্নত রাষ্ট্রগুলির ক্ষেত্রে শিল্পায়নের উপর গুরুত্ব প্রদান করেছিলেন। একই সঙ্গে তিনি শিল্প উন্নত দেশগুলিকে শিল্প ছাড়াও অন্যান্য বিষয়ের উপর গুরুত্ব দেওয়ার কথা বলেন। কারণ একেবারেই গ্রামাঞ্চলে যে হাজার হাজার গরীব মানুষ বাস করে শিল্প তাদের স্পর্শ করতে পারেনা। সেখানে প্রয়োজন তাদের মত অর্থনীতি অর্থাৎ তিনি শিল্পের সঙ্গে সঙ্গে কৃষির ওপর জোর দিতে চেয়েছিলেন।

কিন্তু অবাক কান্ড বিদেশীরা স্বামী বিবেকানন্দের অর্থনৈতিক পরামর্শ গ্রহণ করলেও ভারত বিবেকানন্দের অর্থনৈতিক চিন্তাকে কখনো গুরুত্ব দেয়নি। এমনকি বাংলাতেও বিবেকানন্দের অর্থনৈতিক চিন্তা গুরুত্ব পায়নি। অবশ্য এটা বলাই ভালো স্বামী বিবেকানন্দের অর্থনৈতিক চিন্তাভাবনা সম্পর্কে বাঙালিদের ধারণা অতি সামান্য, তাই তার চিন্তাধারায় গুরুত্ব দেয়ার প্রশ্নই ওঠে না। তৎকালীন নবজাগরণের যুগে স্বামী বিবেকানন্দকে সকলেই সমাজ ও ধর্মীয় জগতেই সীমাবদ্ধ রাখতে চেয়েছিলেন। সেই সময় ভারতের মনীষীদের মধ্যে অর্থনীতির সংক্রান্ত ব্যাপারে যারা গুরুত্ব পেয়েছেন তার মধ্যে প্রধান হলেন রাজা রামমোহন রায়। এছাড়া দাদাভাই নৌরোজি, রমেশচন্দ্র দত্ত, মহাদেব গোবিন্দ রানাডে। এছাড়া কিছুটা স্বীকৃতি পেয়েছিলেন বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়। কিন্তু এখানে স্বামী বিবেকানন্দের নাম কখনো উল্লেখ করা হয়নি। শিকাগো ধর্ম সম্মেলনের আগে ৬ সেপ্টেম্বর আন্তজাতিক অর্থনৈতিক সম্মেলনে স্বামী বিবেকানন্দ যে বক্তৃতা দিয়েছিলেন তার বিষয়ে ছিল "ভারতে রূপোর ব্যবহার। এখানে তিনি অনুন্নত গরিব দেশ হিসেবে ভারতের অর্থনৈতিক সংস্কার ও উন্নয়নের পথ আলোচনা করেছিলেন। সেই আলোচনায় ফুটে উঠেছিল ভারত সম্পর্কে তাঁর বাস্তব অভিজ্ঞতা এবং গ্রামীণ অর্থনীতির ওপর অগাধ পাণ্ডিত্য। শ্রোতারা সকলেই অবাক হয়েছিলেন, ধর্ম-কর্ম নিয়ে থাকা একজন সন্ন্যাসীর পক্ষে এই ধরনের জ্ঞান অর্জন কিভাবে সম্ভব হয়। পরের দিন আমেরিকা সহ বিশ্বের বিভিন্ন সংবাদপত্রে বিশেষ করে অর্থনীতির সংক্রান্ত কাগজগুলোতে স্বামী বিবেকানন্দের বক্তৃতা এবং তার জ্ঞানের প্রশংসা ফলাও করে প্রকাশিত হয়েছিল, এর মধ্যে আমেরিকার একটি জনপ্রিয় দৈনিক সংবাদপত্র ছিল। যার নাম Saratogain। ওই পত্রিকায় বিবেকানন্দের বক্তৃতা গুরুত্ব সহকারে ছাপা হয় এবং অর্থনীতি সংক্রান্ত তাঁর গভীর জ্ঞানের ও পান্ডিত্যের কথা বারবার উল্লেখ করা হয়েছিল। ৬ সেপ্টেম্বরের বক্তৃতার পরে বহু আমেরিকান পন্ডিত ও পাশ্চাত্য অর্থনীতিবিদরা বিবেকানন্দের অর্থনৈতিক চিন্তার প্রশংসা করেছিলেন। যার মধ্যে অন্যতম ছিলেন পাশ্চাত্য পন্ডিত এরিক হ্যামন্ড। তিনি Reminiscences of Swami Vivekananda গ্রন্থে বলেছেন, স্বামী বিবেকানন্দ ইতিহাস ও রাষ্ট্রীয় অর্থনীতিতে সমান জ্ঞানী ও বিশেষজ্ঞ এটা প্রমাণ করে দিয়েছেন। বিবেকানন্দ তার ধর্মীয় জীবনে প্রবেশের আগে এবং পরে খুব নিবিড়ভাবে সাধারণ মানুষের সঙ্গে মিশেছেন। জাত পাত সবকিছু অপেক্ষা করে সকলের কাছেই গেছেন।সকলের সুবিধা এই অসুবিধের কথা শুনেছেন। আর সাধন পর্বে ভারত পরিক্রমা তাঁকে পরিপূর্ণতা দান করেছিল। এই সময়ে বিবেকানন্দ ভারতের প্রায় প্রতিটি শহরে গ্রামে নগরে বন্দরে গিয়েছেন। বিশেষ করে প্রান্তিক গ্রামগুলির অতি দরিদ্র মানুষের সঙ্গে মিশেছেন তাদের সঙ্গে থেকেছেন, উপলব্ধি করেছেন তাদের দুঃখ কষ্ট বেদনা থেকে মুক্তির উপায়। এইসব বাস্তব অভিজ্ঞতা তাকে আরো পরিণত ও সমৃদ্ধ করে। তাছাড়া সবার উপরে ছিল তাঁর গুরু ঠাকুর রামকৃষ্ণের আশীর্বাদ। তিনি নরেন্দ্রনাথ কে তার মনের মতন করে শুধু গড়ে তুলেছিলেন তা নয় তাঁর সর্বস্ব দিয়ে গিয়েছিলেন নরেন্দ্রনাথ রূপী স্বামী বিবেকানন্দকে। স্বামী বিবেকানন্দ তারই আদর্শে তারই মতে, পথে চিরকাল চলেছেন। তাঁকে অদৃশ্য থেকে শক্তি ও সাহস যুগিয়েছেন ঠাকুর শ্রীরামকৃষ্ণ। তাঁর সেই কথাগুলো বিবেকানন্দকে সর্বদাই অনুপ্রাণিত করেছে। শুধু মনে রাখেন নি, সবাইকে প্রতি মুহূর্তে মনে করিয়ে দিয়েছেন যে, জীবের দয়া নয়, শিব জ্ঞানে জীব সেবাই হচ্ছে আসল ধর্ম আসল মন্ত্র। তাই রামকৃষ্ণের ভাবাদর্শকে বিবেকানন্দ এত সুন্দর ভাবে এত সুস্পষ্ট ভাবে সর্বক্ষেত্রেই ফুটিয়ে তুলতে সমর্থ হয়েছেন, সেটা ধর্মের বিশ্ব সম্মেলন হোক অথবা অর্থনীতির আন্তর্জাতিক সম্মেলন হোক। তিনি মনে করেন এটাই তার গুরুর কৃপা এটাই সেই রামকৃষ্ণের দর্শন। পাশ্চাতের অর্থনৈতিক পন্ডিতগণ বিবেকানন্দের অর্থচিন্তা এবং অর্থনীতিতে তার গভীর জ্ঞানের স্বীকৃতি দিলেও ভারত কিংবা বাংলার পণ্ডিত ব্যক্তিরা কিন্তু স্বামীজীর অর্থচিন্তাকে কোন গুরুত্ব দিতে রাজি নন, বিশেষ করে বাঙালি বুদ্ধিজীবিরা যেমন অধ্যাপক ভবতোষ দত্ত, ড. বি এন গাঙ্গুলী প্রমুখ অর্থনীতিবিদদের মতে স্বামী বিবেকানন্দের সামাজিক রাজনৈতিক ধর্মীয় ক্ষেত্রে অসাধারণ জ্ঞান ও চিন্তা এবং বক্তব্য সারা বিশ্বের সমাদৃত হলেও অর্থনীতি বিষয়ে স্বামীজীর চিন্তা মোটেই গুরুত্বপূর্ণ নয়। তবে তারা বিষয়টিকে গুরুত্ব না দিলেও বিখ্যাত ফরাসি উপন্যাসিক দার্শনিক মনীষী রোমা রোলা ও সিস্টার নিবেদিতা স্বামীজির অর্থনৈতিক চিন্তাকে যথেষ্ট গুরুত্ব দিয়ে থাকেন। তাঁরা মনে করেন, বিবেকানন্দের অর্থনৈতিক চিন্তা কার্যকরী হলে গরিব মানুষের দুঃখ দুর্দশা অনেকাংশেই দূর হতে পারে। এই মতের সঙ্গে আধুনিক পশ্চিমি অর্থনীতিবিদেরা অনেকেই একমত। আরো মনে করেন, বিবেকানন্দের অর্থনৈতিক চিন্তার মধ্যে অনেক মৌলিক বৈশিষ্ট্য আছে এবং স্বামী বিবেকানন্দই প্রথম বিশ্বের অর্থনৈতিক সমস্যার মূল বিষয়টা কি তা উপলব্ধি করতে পেরেছিলেন এবং তা অত্যন্ত প্রাঞ্জল ভাষায় সেটাকে প্রকাশ করে গেছেন। ভারতে এই মতের সমর্থক হলেন অধ্যাপক বিমানবিহারী মজুমদার, ডক্টর সত্যেন্দ্রনাথ চক্রবর্তী, অর্থনীতিবিদ সান্তনা দাশগুপ্ত প্রমুখ। তৎকালীন ভারতের অর্থনৈতিক চরম দৈনতা ও ভারতের দারিদ্র্যের প্রধান কারণ হিসেবে স্বামীজি বলেছেন, ইংরেজ সরকারের প্রশাসন এবং ধনী ও অভিজাত শ্রেণীর স্বার্থ রক্ষার্থে গরিবের উপর শোষণ ও অত্যাচার। প্রায় ১০০ বছর পার হয়ে প্রায় একই কথাই পুনরাবৃত্তি করেছেন বিশ্ববিজয়ী নোবেল জয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেন। যার মধ্যে বিবেকানন্দের অর্থনৈতিক চিন্তার অনেকটা সাদৃশ্য দেখতে পাই। তবুও বিবেকানন্দের অর্থনীতিকে আমরা আজও স্বীকৃতি দান করতে পারি না। এটাও আমাদের দের চিরকালীন ঔপনিবেশিক দাসত্বের বহিঃপ্রকাশ ছাড়া আর কিছুই নয়।

স্বামীজি বলেছিলেন, অর্থনৈতিক সংস্কার ও উন্নয়ন করতে হলে উৎপাদনের তৃণমূল স্তরে যেতে হবে। কৃষক ও শ্রমিকের দুঃখ কষ্ট দূর দূর করতে হবে, দারিদ্র দূর করতে হবে। তিনিও শিল্পায়ন চেয়েছিলেন। কারণ তাঁর মতে শিল্পায়ন ছাড়া দ্রুত উন্নয়ন সম্ভব নয়। কিন্তু তিনি একই সঙ্গে বলেছিলেন, কৃষক দিনমজুর ও কুটির শিল্পের ক্ষতি করে শিল্পায়ন সফল হতে পারেনা। ভাবতে অবাক লাগে আজ থেকে শতাধিক বছর আগেও ভারতের উন্নয়নের জন্য স্বামীজি যা বলেছিলেন আজও তা অক্ষরে অক্ষরে সত্য। অর্থাৎ সামাজিক ও রাজনৈতিক ক্ষেত্রে যেমন বিবেকানন্দের পথে মুক্তির পথ, অর্থনৈতিক সংস্কার ও শিল্পায়নের ক্ষেত্রেও তেমনি স্বামী বিবেকানন্দের পরামর্শ সবচেয়ে উপযুক্ত মন্ত্র ও মুশকিল আসান সান। **(সৌজন্যে দৈ: স্টেটসম্যান)**

# মোনালিসার ছবি এত ভুবন বিখ্যাত হওয়ার কারণ কী ?

তানহা তাসনিম

জীবনে একবারও মোনালিসার ছবির রেপ্লিকা দেখেননি কিংবা ছবিটির বিষয়ে শোনেননি- এমন মানুষ খুঁজে পাওয়া কঠিন। রেনেসাঁ যুগের চিত্রশিল্পী লিওনার্দো দ্য ভিঞ্চির আঁকা পাঁচশ বছরের পুরনো এই ছবিটিই সম্ভবত বিশ্বের সবচেয়ে আলোচিত চিত্রকর্ম।

প্রশ্ন হচ্ছে, যুগে যুগে আরও অনেক শিল্পীই এমন ছবি এঁকেছেন যা শিল্পগুণের দিক থেকে 'মাস্টারপিস'। কিন্তু সেই সব চিত্রকর্মের চেয়ে মোনালিসার ছবি অনেক বেশি বিখ্যাত এবং পরিচিত। এর কারণ কী?

বিশ্লেষকরা বলছেন, কেবল শিল্পগুণই না, ছবিটির সঙ্গে জড়িয়ে থাকা রহস্য এবং একাধিক ঘটনা এটিকে বিশ্বের সবচেয়ে জনপ্রিয় চিত্রকর্মগুলোর একটি করার পিছনে ভূমিকা রেখেছে।

যেভাবে সৃষ্টি হয় মোনালিসা বলা হয়ে থাকে, ১৫০৩ সাল থেকে ১৫১৭ সাল পর্যন্ত এই বিখ্যাত ছবিটি আঁকেন লিওনার্দো দ্য ভিঞ্চি। প্রথমে ইতালির ফ্লোরেন্সে এবং পরে রাজা ফ্রান্সিস প্রথমের আমন্ত্রণে ফ্রান্সে যাওয়ার পর সেখানেও ছবিটি নিয়ে কাজ করেন তিনি। গবেষণাভিত্তিক অলাভজনক সংবাদমাধ্যম দ্য কনভার্সেশনে প্রকাশিত একটি প্রবন্ধে বলা হয়েছে, মোনালিসার ছবিটি অঁকা হয়েছিল একজন সিল্ক ব্যবসায়ীর অনুরোধে। লিওনার্দোর প্রথম দিককার জীবনীকার ইতালিয়ান স্কলার জর্জিও ভাসারি ১৫৫০ সালে রচিত একটি বইতে এনিয়ে লেখেন। তিনি লিখেছেন, সিল্ক ব্যবসায়ী ফ্রান্সেসকো ডেল গিওকোন্ডো লিওনার্দোকে তার স্ত্রী লিসা গেরারদিনির প্রোট্রেট অঁকতে অনুরোধ করেন। ইতালিতে যে কোনও নারীকে 'মোনা' বলে সম্বোধন করা হতো। আর ছবিতে থাকা নারীর নাম লিসা। শব্দ দু'টো মিলিয়ে ছবিটির নাম হয় 'মোনালিসা'। তবে ছবিটি আসলেই তার ছিল কি না, এনিয়েও আছে বিতর্ক। ছবিটির সঙ্গে লিওনার্দোর চেহারার অনেক বৈশিষ্ট্যের মিল থাকায় অনেকেই মনে করেন এটি আসলে শিল্পীর নিজেরই ছবি। আবার অনেকের ধারণা, এটি লিওনার্দোর মা কিংবা তার বান্ধবীর পোট্রেট। সবশেষ ২০১৫ সালে প্রচলিত সব তত্ত্বকে চ্যালেঞ্জ করেন প্যারিসের একজন বিজ্ঞানী পাসকাল কোট। দশ বছর ধরে গবেষণার পর এই গবেষক দাবি করেন, প্রোট্রেটের রহস্যময়ী এই নারী অন্য কেউ ছিলেন। তার দাবি, ক্যানভাসের মোনালিসার পিছনে তিনটি আলাদা আলাদা ইমেজ। তৃতীয় যে ইমেজটি তিনি খুঁজে পাচ্ছেন সেটি অন্য এক নারীর মুখ, তার ঠোঁটে কোনও হাসি নেই। এই বিজ্ঞানী বেশ নিশ্চিত যে ক্যানভাসে খালি চোখে না দেখতে পাওয়া সেই মুখই লিসা গেরারদিনির। তবে লিওনার্দো নিয়ে যারা গবেষণা করেছেন তাদের অনেকেই নতুন তত্ত্বটিকে তেমন গুরুত্ব দেননি।

'অমূল্য' মোনালিসা ইতিহাস, দর্শন ও শিল্প নিয়ে কাজ করা প্ল্যাটফর্ম দ্য কালেক্টর বলছে, ১৮০৪ সাল থেকে চিত্রকর্মটি ল্যুভর জাদুঘরে আছে। আইন অনুসারেই এই ছবিটি ফরাসি নাগরিকদের। ফলে এটি বিক্রি করা অত্যন্ত কঠিন। সবমিলিয়ে এর দাম নির্ধারণ করা প্রায় অসম্ভব। তবে ১৯৬২ সালে যখন একে ইনস্যুরেন্সের অধীনে আনা হয়, তখন এর মূল্য ধরা হয়েছিল ১০ কোটি ডলার, মূল্যস্ফীতির হিসেব ধরেই বর্তমানে যার বাজারমূল্য হতে পারে ৮৩ কোটি ডলারের বেশি। এদিকে ২০২০ সালে ফরাসি উদ্যোক্তা স্টিফেন ডিস্টিংগুইন বলেছিলেন, মহামারীর বিপর্যয়কর প্রভাব থেকে ফ্রান্সকে পুনরুদ্ধারে মোনালিসাকে বিক্রি করা যেতে পারে। আর ছবিটি যে পরিমাণ রাজস্ব এনেছে তার পরিপ্রেক্ষিতে এর দাম পাঁচ হাজার কোটি ডলার পর্যন্ত উঠতে পারে বলেও সেসময় মন্তব্য করেন তিনি। তবে দাম নিয়ে তার এই মত খারিজ করে দেন শিল্প- সংশ্লিষ্টরা।

**মোনালিসার বৈশিষ্ট্য**-বলা হয়, মোনালিসা ছিল লিওনার্দোর নিজের আঁকা সবচেয়ে প্রিয় ছবিগুলোর একটি। যদিও মৃত্যুর আগে লিওনার্দো ছবিটির কাজ শেষ করে যেতে পারেননি। চিত্রকর্মটি নিয়ে সবচেয়ে আলোচিত বিষয়গুলোর একটি হলো মোনালিসার হাসি। এতে লিওনার্দো এমনভাবে রঙের ব্যবহার করেছেন যাতে করে ছবির নারীর হাসিতে এক ধরনের রহস্যময়তা ফুটে উঠেছে। সাধারণভাবে তাকালে যেখানে মনে হয় চিত্রকর্মের নারীটি হাসছেন, আবার হাসির দিকে এক নজরে তাকিয়ে থাকলে সেই হাসি যেন ক্রমেই মিলিয়ে যায়। রঙের আঁচড়ে দৃষ্টির এই বিভ্রম তৈরি ছাড়াও মোনালিসার ছবি এমনভাবে আঁকা হয়েছে যে চিত্রকর্মটির যেদিকেই দাঁড়ানো হোক না কেন, মনে হয় ছবিটির চোখ সেদিকেই তাকিয়ে রয়েছে।

এর আগেও এই পদ্ধতিতে একাধিক ছবি আঁকা হলেও মোনালিসার জনপ্রিয়তার সঙ্গে সঙ্গে এই পদ্ধতির নামই হয়ে গেছে 'মোনালিসা এফেক্ট'। এছাড়াও ল্যুভর মিউজিয়ামের ওয়েবসাইটে বলা হয়েছে, ছবিটিতে লিওনার্দো ব্যবহার করেছেন স্ফুমাটো কৌশল, যার ব্যবহার সেই সময় খুব বেশি প্রচলিত ছিল না।

এর মাধ্যমে সেই সময় সাধারণত শিল্পীদের লাইন টেনে ছবি আঁকার যে কৌশল ব্যবহার করতেন তা থেকে বেরিয়ে আসেন লিওনার্দো। বরং ছবির কিনারায় স্পষ্ট বিভাজন না করে রঙের মিশ্রণে চোখের কোন এবং মুখের উপর ছায়া ফেলেন তিনি। আর এই কৌশলের কারণেই মোনালিসার অভিব্যক্তি আরও বেশি রহস্যময় হয়ে উঠেছে। কোনও ধরনের লাইন না টেনেই আলো-ছায়ার বিভ্রম তৈরি করতে লিওনার্দো এমনভাবে ছবিটি এঁকেছেন, যার কারণে কাছের বিষয়গুলো স্পষ্ট এবং দূরের বিষয়গুলো ধীরে ধীরে অস্পষ্ট হয়ে গেছে। সেই সময় শিল্পীরা আঁকার জন্য ক্যানভাসের ব্যবহার করলেও ৩০/ ২১ ইঞ্চির এই ছবিটি লিওনার্দো এঁকেছিলেন কাঠের উপর। যে কারণে মোনালিসার ছবি এত বিখ্যাত মোনালিসার ছবির শিল্পগুণ নিয়ে সন্দেহের অবকাশ নেই। তবে কেবল এর আঁকার উৎকর্ষতার কারণেই মোনালিসার ছবি আকাশচুম্বী খ্যাতি পায়নি। বরং এর জনপ্রিয়তার পিছনে ছবিটির সঙ্গে জড়িয়ে থাকা রহস্য ছাড়াও আছে ফ্রান্সের বিপ্লব, রেনেসাঁ পরবর্তী যুগে লিওনার্দোর পরিচিতি কিংবা মোনালিসার ছবি চুরি যাওয়ার মতো ঘটনা। ল্যুভর জাদুঘরের ওয়েবসাইটে বলা হয়েছে, মোনালিসার রহস্যময় হাসি শতাব্দী ধরে দর্শকদের মুগ্ধ করছে। তাদের মধ্যে প্রথম ছিলেন রাজা ফ্রান্সিস প্রথম। তিনি ১৫১৮ সালে মোনালিসার ছবিটি কিনে নেন। আর এর মাধ্যমে জগদ্বিখ্যাত ছবিটি ফরাসি রাজকীয় সংগ্রহে আসে এবং ফরাসি বিপ্লবের পর থেকে ল্যুভরে প্রদর্শন করা হচ্ছে। আমেরিকা-কানাডা ভিত্তিক মিডিয়া অর্গানাইজেশন টেড-এড'র একটি ভিডিওতে বলা হয়েছে, লিওনার্দোসহ ইতালির রেনেসাঁ যুগের একাধিক শিল্পীকে নিয়ে পরবর্তী সময়ে জর্জিও ভাসারির লেখা বই বেশ জনপ্রিয়তা পায় এবং একাধিক ভাষায় অনূদিত হয়। বইটিতে 'মোনালিসা' নিয়ে অত্যুৎসাহী বর্ণনা দেয়া হয়।

পরবর্তী বছরগুলোতে ফ্রান্সের রাজকীয় সংগ্রহের অন্যতম একটি হয়ে দাঁড়ায় মোনালিসা। এটি কিছুদিন নেপোলিয়নের শোবার ঘরের দেয়ালেও ঝুলানো ছিল। পরে জনসাধারণের সামনে প্রদর্শনের জন্য এটি ল্যুভর জাদুঘরে রাখা হয়। ১৮'শ' সালের দিকে আলফ্রেড ডুমেন্সিল, থিওফিল গতিয়ার ও ওয়াল্টার পেটারের মতো একাধিক ইউরোপিয়ান স্কলার মোনালিসা চিত্রকর্মটি নিয়ে বেশ আগ্রহ দেখান। এনসাইক্লোপিডিয়া ব্রিটানিকায় প্রকাশিত এক প্রবন্ধে বলা হয়েছে, 'জিনিয়াস' বা 'প্রতিভাধর' হিসেবে ১৯ শতকে লিওনার্দোকে নিয়ে বেশ সাড়া পড়ে যায়। বিশেষ করে সময়ের তুলনায় তার এগিয়ে থাকা চিন্তা এবং ১৯ শতকে এসে রেনেসাঁর প্রতি আগ্রহ বেড়ে যাওয়ায় কেবল একজন চিত্রশিল্পী হিসেবেই নয়, বরং একজন মহান বিজ্ঞানী এবং উদ্ভাবক হিসেবেও তিনি পরিচিতি পান। তবে পরবর্তী সময়ে বিজ্ঞান ও স্থাপত্যে তার অবদানের জায়গা সংক্ষিপ্ত হিসেবে দেখা হলেও তাকে ঘিরে গড়ে ওঠা মিথ একুশ শতকেও সমানভাবে প্রচলিত ছিল, যা মোনালিসার খ্যাতিতেও বিশেষ ভূমিকা রেখেছে। ল্যুভর থেকে খোয়া যায় মোনালিসা ছবিটি ঘিরে লেখকদের আগ্রহের মধ্যেই ১৯১১ সালের আগস্টে ল্যুভর জাদুঘর থেকে মোনালিসার চুরি যাওয়ায় ঘটনা একে বিশ্বব্যাপী আগ্রহের কেন্দ্রে নিয়ে আসে। এই ঘটনার পর মানুষের আগ্রহ এমন পর্যায়ে পৌঁছায় যে মোনালিসার ছবি ঝুলানোর খালি জায়গা দেখতেও সাধারণ মানুষ সেখানে ভিড় করতো। এমনকি মোনালিসার ছবি চুরি যাওয়ার ঘটনায় সন্দেহভাজন হিসেবে বিখ্যাত চিত্রশিল্পী পাবলো পিকাসোকেও গ্রেফতার করা হয়। অবশেষে দুই বছর পর ইতালি থেকে ছবিটি উদ্ধার করা হয়। ভিনসেঞ্জো পেরুজ্জিয়া নামের একজন ইতালীয় নাগরিক ফ্রান্সের ল্যুভরে কাজ করতেন। মোনালিসাকে নিজ দেশের সম্পদ মনে করতেন তিনি। তাই নিজেদের সম্পদ দেশে ফিরিয়ে নিতে তিনি ছবিটি চুরি করেন বলে জানান। কিন্তু চুরির দুই বছরেও কোথাও এটি বিক্রি করতে না পারায় ইতালির একজন আর্ট ডিলারের সাথে যোগাযোগ করলে ওই ব্যবসায়ী পুলিশকে এ বিষয়ে জানিয়ে দেন। পরে ইতালি থেকে ছবিটি ফ্রান্সে ফেরত আনা হয়। পরবর্তী সময়ে ১৯৬৩ সালে যুক্তরাষ্ট্র এবং ১৯৭৪ সালে মোনালিসার জাপান সফর একে 'সেলিব্রেটি' তকমা এনে দেয়। ছবিটি ১৯৬৬ সাল থেকে প্রদর্শনের জন্য ল্যুভর জাদুঘরের আলাদা একটি কক্ষ বরাদ্দ করা হয়। তবে একাধিকবার অ্যাক্টিভিস্টদের আক্রমণের মুখে পড়ার পর ২০০৫ সাল থেকে ছবিটি বুলেটপ্রুফ কাঁচের মধ্যে রাখা হচ্ছে। সব মিলিয়ে বলা যায়, কোনও একটি নির্দিষ্ট ঘটনা মোনালিসাকে এই খ্যাতি এনে দেয়নি। বরং বিভিন্ন সময়ের ঘটনা পরম্পরা এবং এটি ঘিরে মানুষের বাড়তে থাকা আগ্রহই চিত্রকর্মটির খ্যাতি এমন অনন্য উচ্চতায় নিয়ে গেছে।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

### বিনামূল্যে পরামর্শ ও ওষুধ, উপকৃত ১.২১ লক্ষেরও বেশি মানুষ

# বিদেশী পর্যটকদের জন্য অন্যতম আকর্ষণ আয়ুষ স্টল




নতুন দিল্লি ২৩ জানুয়ারী, ২০২৫: প্রয়াগরাজের মহা কুম্ভে আয়ুষ ওপিডি, ক্লিনিক এর স্টল এবং পরিষেবা পুন্যার্থী, তীর্থযাত্রী এবং দর্শনার্থীদের জন্য আকর্ষনের কেন্দ্রবিন্দু হয়ে উঠেছে। আয়ুষ মন্ত্রক এই মেগা উৎসবে উত্তরপ্রদেশের জাতীয় আয়ুষ মিশনের সহযোগিতায় দেশীয় ও আন্তর্জাতিক ভক্তদের বিনামূল্যে স্বাস্থ্য পরিষেবা প্রদানের জন্য বেশ কয়েকটি আয়ুষ পরিষেবা প্রদানের ব্যবস্থা করেছে। এপর্যন্ত ১.২১ লক্ষেরও বেশি পুন্যার্থী এই সুবিধাগুলিতে আয়ুষ পরিষেবা পেয়েছেন।

মহাকুম্ভ-এ দিনরাত চিকিৎসা পরিষেবা প্রদানের জন্য ২০টি ওপিডি-তে ৮০ জন চিকিৎসক নিয়ে আয়ুষ দল গঠিত হয়েছে। এই ওপিডিগুলি সাধারণ অসুস্থতা এবং কিছু কিছু জটিল রোগের সমাধানের লক্ষে কাজ করে চলেছে। বিদেশী পূন্যার্থীরাও ওপিডি পরামর্শ সহ আয়ুষ পরিষেবা গ্রহন করছেন। এছাড়াও, নতুন দিল্লির আয়ুষ মন্ত্রকের মোরারজি দেশাই ন্যাশনাল ইনস্টিটিউট অফ যোগ (এমডিএনআইওয়াই)-এর প্রশিক্ষকদের নেতৃত্বে সঙ্গম এলাকা এবং সেক্টর-৮-এ নির্ধারিত ক্যাম্পগুলিতে প্রতিদিন সকাল ৮ টা থেকে সকাল ৯ টা পর্যন্ত থেরাপিউটিক যোগ সেশন পরিচালিত হচ্ছে। এই ক্যাম্পে বিদেশি পূন্যার্থীদের অংশগ্রহণ স্থানীয় এবং বিশ্বব্যাপী জনসাধারণের মধ্যে আয়ুষ পরিষেবার প্রতি আগ্রহ এবং বিশ্বাসকে বাড়িয়ে তুলতে সাহায্য করছে। আয়ুষ চিকিৎসা পদ্ধতি, ঔষধি গাছ সম্পর্কেও পূন্যার্থীদের অবহিত করা হচ্ছে। ন্যাশনাল মেডিসিনাল প্ল্যান্টস বোর্ড (এনএমপিবি) ঔষধি গাছের একটি প্রদর্শনীর আয়োজন করেছে। পাশাপাশি আয়ুষ চিকিৎসা পদ্ধতি এবং ঔষধি গাছের উপকারিতা সহ এই গাছগুলি সম্পর্কে বিস্তারিত জানাবার জন্য বিশেষজ্ঞরা নিযুক্ত রয়েছেন। পূন্যার্থীদের এই গাছগুলি চাষ করার বিষয়ে সম্ভাব্য আর্থিক সুবিধা সম্পর্কেও অবহিত করা হয়েছে এবং বিনামূল্যে ঔষধি গাছের চারা বিতরণও করা হচ্ছে। মহাকুম্ভ-এর আয়ুষ নোডাল অফিসার ডঃ অখিলেশ সিং বলেন, 'আমাদের দল শুধুমাত্র রোগীদের চিকিৎসা করে না, ঔষধি গাছের অর্থনৈতিক সম্ভাবনা সম্পর্কেও তাদের অবহিত করে। এই গাছের চাষাবাদের প্রচারের মাধ্যমে, আমরা তাদের স্বাস্থ্যের উন্নতির পাশাপাশি মানুষের জন্য জীবিকার উৎস তৈরি করার দিকেও লক্ষ্য রেখে চলেছে।' প্রবীনদের যত্ন এবং বিনামূল্যে ওষুধ বিতরণঃ মহাকুম্ভ-এ আয়ুষ টিম ইমিউনিটি বুস্টার এবং ক্যালসিয়াম ট্যাবলেট সহ বিনামূল্যে ওষুধ বিতরণের ব্যবস্থা করেছে। প্রবীণদের স্বাস্থ্যের প্রতি বিশেষ মনোযোগ নিশ্চিত করার জন্য আয়ুষ মন্ত্রকের এই প্রচেষ্টার সাথে সামঞ্জস্য রেখে, মহাকুম্ভ-এ আয়ুষ দল প্রবীণদের সুবিধার্থে এবং তাদের আয়ুষ পরিষেবা প্রদানের জন্য নিবেদিত। এখন পর্যন্তসুবিধাভোগীদের ৪৫ শতাংশ বয়স্ক মানুষ। সাধারণ অসুস্থতা এবং তাদের আয়ুষ প্রতিকারের উপর তথ্যমূলক পুস্তিকাও বিতরণ করা হচ্ছে। সুলতানপুর থেকে আসা এক পূন্যার্থী রঘু নন্দন প্রসাদ তাঁর অভিজ্ঞতা ব্যক্ত করে বলেন দীর্ঘদিন ধরে তিনি ত্বকের রোগে ভুগছিলেন। তিনি বলেন, 'আয়ুষ শিবির থেকে ওষুধ খাওয়ার পর, আমার অবস্থার ধীরে ধীরে উন্নতি হয়েছে। আমি সরকার এবং আয়ুষকে তাদের প্রচেষ্টার জন্য ধন্যবাদ জানাই '।

**ABRIDGED NOTICE INVITING TENDER**

The tender in separate sealed cover for Technical bid & Financial bid is hereby invited for the bonafied registered Shop /Agency / cooperative societies of Tripura for supply of Disaster Management related office articles for office of the DM & Collector, South Tripura. Detail notice issued Vide No.F.9(47)-DM/S/NAZ/2024/650, dated-20th January, 2025 may be seen in the office notice board or visit official website www.southtripura.nic.in

ICA/C/3430/25

**Sd/-illegible**
**Addl. District Magistrate & Collector**
**South Tripura, Belonia.**

**Press Notice Inviting E-Tender (PNIT)**

On behalf of the Governor of Tripura, the E-Tenders (NIT wise) Major Carp Fingerlings of > 7 CM to < 10 CM Body Length are invited by the undersigned for procurement & distribution to beneficiaries of different G.P./V.C./A.M.C. of Sadar, Sub - Division of the West Tripura, District.

| NIT NO. | ITEMS FOR WHICH E – TENDER IS INVITED | QUANTITY (In Nos.) | TENDER VALUE (RS. IN LAKHS) | NECESSARY DATES & TIME |
|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 |
| NO.F.3(28)-SF(SDR)/DEV/IMC/E-TENDER/2025-26/ | Major Carp Fingerlings of > 7 CM to < 10 CM Body Length | 5.00 Lakhs | Rs. 6.50 Lakhs | i. E - Tender E-Publication Date 24th January, 2025<br>ii. Bid Documents can be Start Downloaded From 27th January, 2025 from 15:00 Hours (03:00 PM)<br>iii. Pre Bid Meeting on 28th January, 2025 at 11:00 Hours (11:00 AM)<br>iv. Bid Submission Start Date 28th January, 2025 from15:00 Hours (03:00 PM)<br>v. Document Download End Date 18th February, 2025 at 15:00 Hours (03:00 PM)<br>vi. Last date of online Bid submission of E – Tender up to 19th February, 2025 up to 15:00 Hours (03:00 PM)<br>vii. Opening date if E – Tender at 20th February, 2025 at 15:00 Hours (03:00 PM)<br>Times are as per clock time of E – Procurement website https://www.tripuratenders.gov.in |

The bidders have to get details of the NITs & apply online by visiting the web site https://www.tripuratenders.gov.in & No. Bid will be accepted in off-line mode.

ICA/C/3423/25

**(SUBIR DEBBARMA)**
**T.H.F.S., Gr. IV Superintendent of Fisheries**
**Sadar, Agartala**

**PNIT No. F. 31/EE/PWD(R&B)/KHW/ 2024-25 date: 18-01-2025**

The Executive Engineer, Khowai Division, PWD(R&B), Khowai, Tripura on behalf of the 'Governor of Tripura', invites online percentage rate e-tender for the following works:

| Sl. No. | Name of work/ DNIeT | Estimated Cost | Earnest Money | Time for completion |
|---|---|---|---|---|
| 1 | DNIeT No: 68/SE-II/PWD(R&B)/2024-25 | ₹ 92,47,998.00 | ₹. 1,84,960.00 | 120 ( One hundred twenty) Days |
| 2 | DNIeT No: 72/SE-II/PWD(R&B)/2024-25 | ₹ 74,82,949.00 | ₹. 1,49,659.00 | 120 ( One hundred twenty) Days |
| 3 | DNIeT No: 107/SE-II/PWD(R&B)/2024-25 | ₹ 62,07,405.00 | ₹. 1,24,148.00 | 180 (One hundred eighty) Days |
| 4 | DNIeT No: 108/SE-II/PWD(R&B)/2024-25 | ₹ 96,66,117.00 | ₹. 1,93,322.00 | 180 (One hundred eighty) Days |
| 5 | DNIeT No: 109/SE-II/PWD(R&B)/2024-25 | ₹ 54,56,249.00 | ₹. 1,09,125.00 | 180 (One hundred eighty) Days |

Note: The bid forms and other details including online activities should be done in the e-procurement portal https://tripuratenders.gov.in

ICA/C/3416/25

**Executive Engineer**
**Khowai Division, PWD(R&B)**
**Khowai Tripura**

**PRESS NOTICE INVITING e-TENDER NO:PNIe-T-19/EE/DWS/JRN/2024-25, Dated- 17/01/2025.**

The Executive Engineer, DWS Division, Jirania, Ranirbazar, West Tripura invites the Single Bid percentage rated e-tender from the approved and eligible Contractors/Firms/Agencies of appropriate class registered with PWD/TTAADC/MES/CPWD/Railway/P&T/Other State PWD/ Central & State Sector for the work as detailed below:

| SL. NO. | DNIe-T NO. | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | Bid Fee | CLASS OF BIDDER |
|---|---|---|---|---|---|---|
| 1. | DNIe-T No: 82/DNIeT/EE/DWS/JRN/2024-25. | ₹.12,79,672.00 | ₹. 25,593.00 | 60 days. | ₹. 1,000.00 | Appropriate Class |
| 2. | DNIe-T No: 83/DNIeT/EE/DWS/JRN/2024-25. | ₹.46,41,600.00 | ₹. 92,832.00 | 180 days. | ₹. 1,000.00 | Appropriate Class |
| 3. | DNIe-T No: 84/DNIeT/EE/DWS/JRN/2024-25. | ₹.46,41,600.00 | ₹. 92,832.00 | 180 days. | ₹. 1,000.00 | Appropriate Class |
| 4. | DNIe-T No: 94/DNIeT/EE/DWS/JRN/2024-25. | ₹. 9,67,536.00 | ₹.19,351.00 | 120 Days | ₹. 1,000.00 | Appropriate Class |
| 5. | DNIe-T No: 101/DNIeT/EE/DWS/JRN/2024-25. | ₹.9,68,752.00 | ₹. 19,375.00 | 90 days. | ₹. 1,000.00 | Appropriate Class |
| 6. | DNIe-T No: 104/DNIeT/EE/DWS/JRN/2024-25. | ₹.19,66,256.00 | ₹. 39,325.00 | 90 days. | ₹. 1,000.00 | Appropriate Class |

Starting date and Time for Document Downloading and Bidding w-e-f 18/01/2025.at 18.00 hours. Last date and Time for Document Downloading and Bidding- 31/01/2025 up to 15.00 hours. Date and Time for Opening of Bid- 31/01/2025 at 15.30 hours.

This detailed press notice & bid documents for the work can be seen on website www.tripuratenders.gov.in as well as office of the undersigned at free of cost. The bid can only be submitted after uploading the mandatory scanned documents as specified in this tender document on the e-Procurement website www.tripuratenders.gov.in.

ICA/C/3414/25

**For and on behalf of the Governor of Tripura"**
**(Er. S. Debbarma)**
**Executive Engineer DWS Division, Jirania,**
**Ranirbazar, West Tripura**

**PNIeT No: 15/EE/WR/D-V/KMP/2024-25 Dated: 22-01-2025.**

The Executive Engineer, W.R Division No-V, Kamalpur, Dhalai Tripura* on behalf of the 'Governor of Tripura', invites online percentage rate e-tender for the following work:

| Sl No. | DNIeT No. | Estimated Cost | Earnest Money | Bid Fee |
|---|---|---|---|---|
| 1. | No. 05/SE/WRC-II/DNIeT/KGT/2024-25. | Rs. 34,39,401.00 | Rs. 68,788.00 | Rs. 1,000/- |
| 2. | No. 06/SE/WRC-II/DNIeT/KGT/2024-25. | Rs. 34,39,401.00 | Rs. 68,788.00 | Rs. 1,000/- |
| 3. | No. 55/EE/WR/D-V/KMP/2024-25. | Rs. 7,90,854.00 | Rs 15,817.00 | Rs. 1,000/- |
| 4. | No. 58/EE/WR/D-V/KMP/2024-25. | Rs. 8,63,546.00 | Rs 17,217.00 | Rs. 1,000/- |

Last date & time for online Bidding: 29-01-2025 up to 3:00 PM

Note: The bid forms and other details including online activities should be done in the e-procurement portal https://tripuratenders.gov.in

ICA/C/3436/25

**Executive Engineer**
**WR Division No. V Kamalpur Dhalai Tripura**

**PRESS NOTICE INVITING e-TENDER NO- e-PT-24/EE/RDUD/G/2024-25 DATED- 21/01/2025**

On behalf of the 'Governor of Tripura' The Executive Engineer, R.D Udaipur Division, Udaipur, Gomati District invites percentage rate e-tender from the eligible Bidders up to 15.00 Hrs on 29/01/2025 for the following work-

1. Providing of Internal Electrification at Liquid Nitrogen Plants to strengthen A.I. network in Tripura State at ARDD Udaipur, Gomati District.
2. Construction of Roof Shed (GCI sheet) building at "PATH BHABAN" Udaipur Rabindra Parishad, Gomati district (PWD SOR 2023)
3. Construction of Community Sanitary Complex/toilet block at Ram Thakur Vidya Mandir School, Giridharipalli, Udaipur, Gomati Tripura (PWD SOR 2023)

For details visit website https://tripuratenders.gov.in and contact

ICA/C/3441/25

**Executive Engineer**
**R.D Udaipur Division**
**Gomati District,Tripura.**

**PRESS NOTICE INVITING e-TENDER NO- e-PT-XI/EE/RDUD/G/2024-2025 DATED- 03-01-2025**

On behalf of the 'Governor of Tripura' The Executive Engineer, R.D Udaipur Division, Udaipur,Gomati District invites percentage rate e-tender from the eligible Bidders up to 15.00 Hrs on 30-01-2025 for the following work,

1. Procurement and Supply of Ceramic/Vitrified tiles,size Marble Slab & adhesive etc at various worksite under Matabari/Kakraban/Killa/Tepania R.D Block Udaipur, under Gomati Tripura district during the year 2024-25.

For details visit website https://tripuratenders.gov.in and contact by e-mail rdud.division@gmail.com. Any subsequent corrigendum will be available in the website only.

ICA/C/3433/25

**(Er. T.K. Sarkar) Executive Engineer R.D Udaipur Division Gomati District,Tripura.**

# পর্যটকদের জন্য সুখবর, উদ্যান ও অভয়ারণ্যের টিকিট মুকুব

কোচবিহার, ২৪ জানুয়ারি (হি.স.): রাজ্যের কোনও জাতীয় উদ্যান ও অভয়ারণ্যে ঢুকতে পর্যটকদের এখন থেকে আর টিকিট কাটতে হবে না। মুখ্যমন্ত্রীর নির্দেশে শুক্রবার থেকে কার্যকর হচ্ছে এই নিয়ম।

উত্তরবঙ্গের বক্সা ব্যাঘ্র প্রকল্পের রাজাভাতখাওয়া, জলদাপাড়া ও গরুমারা জাতীয় উদ্যান এবং চাপড়ামারি অভয়ারণ্যে বেড়াতে আসা পর্যটকদের আর টিকিট কাটতে হবে না। স্বাভাবিকভাবেই উচ্ছসিত পর্যটকরা। তবে জিপসি গাড়ি ও গাইড নিয়ে পর্যটকদের জঙ্গল প্রবেশ করতে হবে।

যাঁরা আগে আসবেন তারাই প্রবেশ করতে পারবেন। নিয়ম মেনে প্রতিটি ওয়াচ টাওয়ার প্রতি যতজন যাওয়ার অনুমতি দেওয়া হত সেভাবেই পর্যটকরা যেতে পারবেন বলে জানা গিয়েছে।

এই বিষয়ে জলদাপাড়া বন্যপ্রাণী বিভাগের বিভাগীয় বনাধিকারিক প্রবীন কাশোয়ান জানান, মুখ্যমন্ত্রীর নির্দেশে জলদাপাড়া জাতীয় উদ্যানে বেড়াতে আসা পর্যটকদের শুক্রবার থেকে কোনও প্রবেশমূল্য লাগবে না। রাজ্যের কোনও জাতীয় উদ্যান ও অভয়ারণ্যে ঢুকতেই আর টিকিট আর লাগবে না।

প্রসঙ্গত, আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলাল মুখ্যমন্ত্রীর চলতি সফরে প্রশাসনিক সভায় রাজভাতখাওয়ায় বেড়াতে আসা পর্যটকদের কাছ থেকে বিপুল পরিমাণ অর্থ নেওয়ার কথা মুখ্যমন্ত্রীকে জানান। এরপরেই টিকিট না নেওয়ার নির্দেশ দেন মমতা।

**PRESS NOTICE INVITING TENDER NO.F.5 (122)/RNB/MC/Tender/2018-19**

Separate Sealed percentage rate tender(s) are hereby invited from Central & State Public Sector undertaking / Enterprise and eligible Contractors / Firms./Agencies of appropriate class registered with PWD/TTAADC/MES/ CPWD/Railway/Other.State PWD up to 2.00 P.M on 01/02/2025 for the following work:-

| Sl. No. | DNIT No. | ESTIMATED COST (Rs) | EARNEST MONEY (Rs) | TIME FOR COMPLETION (Month) | LAST DATE AND TIME FOR RECEIPT OF APPLICATION FOR ISSUE OF TENDER FROM | TIME AND DATE OF OPENING OF TENDER | PLACE OF SALE OF TENDER DOCUMENTS |
|---|---|---|---|---|---|---|---|
| 1. | 15/RNB/MC/2024-25/ | 4,99,693.00 | 9,994.00 | 2(Two) Months | Up to 2.00 PM on 01/02/2025 | At 3.00 PM on On 01/02/2025 | Office of the Municipal Council Ranirbazar , West Tripura |
| 2. | 16/RNB/MC/2024-25/ | 4,98,873.00 | 9,977.00 | | | | |
| 3. | 17/RNB/MC/2024-25/ | 4,99,933.00 | 9,999.00 | | | | |
| 4. | 18/RNB/MC/2024-25/ | 5,00,000.00 | 10,000.00 | | | | |
| 5. | 19/RNB/MC/2024-25/ | 4,99,081.00 | 9,982.00 | | | | |
| 6. | 20/RNB/MC/2024-25/ | 4,97,237.00 | 9,945.00 | | | | |
| 7. | 21/RNB/MC/2024-25/ | 4,88,938.00 | 9779.00 | | | | |
| 8. | 22/RNB/MC/2024-25/ | 4,88,938.00 | 9779.00 | | | | |
| 9. | 23/RNB/MC/2024-25/ | 4,97,882.00 | 9958.00 | | | | |
| 10. | 24/RNB/MC/2024-25/ | 4,99,368.00 | 9987.00 | | | | |
| 11. | 25/RNB/MC/2024-25/ | 4,98,940.00 | 9979.00 | | | | |
| 12. | 26/RNB/MC/2024-25/ | 1,78,060.00 | 3561.00 | | | | |
| 13. | 27/RNB/MC/2024-25/ | 4,99,846.00 | 9997.00 | | | | |
| 14. | 28/RNB/MC/2024-25/ | 4,98,328.00 | 9967.00 | | | | |
| 15. | 29/RNB/MC/2024-25/ | 4,97,365.00 | 9947.00 | | | | |
| 16. | 30/RNB/MC/2024-25/ | 4,98,377.00 | 9968.00 | | | | |

All other necessary details information can be seen in the office of the Ranirbazar Municipal Council under Ranirbazar, Tripura (West) during office hour.

ICA/C/3403/25

**Cmartorpes**
**Chief Executive Officer Ranirbazar Municipal Council**

**Press Notice Inviting e-tender NO. 05/ EE/NH-DIV/PWD (NH)/KGT/2024-25 Dt. 06/01/2025**

The Executive Engineer, PWD(NH), NH Division, Kumarghat, Unakoti, Tripura invites on behalf of the 'Governor of Tripura' sealed percentage rate e-tender (Single Bid) from the Central & State public sector undertaking/enterprise and eligible Contractors /Firms/Agencies of appropriate class registered with PWD/TTAADC/MES/CPWD/Railway/Other State PWD up to 15.00 Hrs. on 28.01.2025 for the following

| Sl. No. | NAME OF THE WORK | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION |
|---|---|---|---|---|
| 1 | DNIeT No: 13/CE/PWD(NH)/SPA/2024-25. | ₹. 3,84,51,525.00 | ₹. 7,69,031.00 | 6 (Six) months |
| 2 | DNIeT No: 14/CE/PWD(NH)/SPA/2024-25. | ₹. 2,27,08,035.00 | ₹. 4,54,161.00 | |
| 3 | DNIeT No: 15/CE/PWD(NH)/SPA/2024-25. | ₹.3,38,19,305.00 | ₹.6,76,386.00 | |
| 4 | DNIeT No: 16/CE/PWD(NH)/SPA/2024-25. | ₹. 3,99,64,882.00 | ₹. 7,99,298.00 | |
| 5 | DNIeT No: 17/CE/PWD(NH)/SPA/2024-25. | ₹. 5,16,09,236.00 | ₹. 10,32,185.00 | |

The last date and time for documents downloading and bidding is on 28.01.2025 up to 3:00 PM.

The bids will be opened on 29.01.2025 at 12:00 Hrs, if possible.

For details please visit: https://tripuratenders.gov.in

NB:- i) Publication for 4(four) Nos. Local leading Newspapers published daily.

CORRIGENDUM

Please refer PNIET No. 05/EE/NH-DIV/PWD(NH)/KGT/2024-25; Dated: 06/01/2025.

This is to bring to the notice of all concern; that all the uploaded documents (pdf and xls files) for the works from Serial No. 1 to 5 of PNIeT No. 05/EE/NH-DIV/PWD(NH)/KGT/2024-25; Dated: 06/01/2025 of Tender for Tender ID 2025_CEPWD_56573_1, 2025_CEPWD_56600_1, 2025_CEPWD_56584_1, 2025_CEPWD_56590_1 and 2025 CEPWD_56595_1 respectively should be now read as SPA (Special Assistance) instead of CRIF.

Except the above changes, all other terms and conditions of the Bid will remain unchanged. The corrigendum is being published today the 16th January, 2025; which can be downloaded from the tender website "https://tripuratenders.gov.in".


ICA/98402/25

**Executive Engineer,**
**NH Division, PWD (NH)**
**Kumarghat, Unakoti Tripura**

INDRA SENA REDDY NALLU
इंद्र सेना रेड्डी नल्लू
ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু

GOVERNOR TRIPURA

RAJ BHAVAN
Agartala-799 010
Tel. : 0381-2414091
Fax : 0381-2418758
E-mail : rajbhavanagt@gmail.com
rajbhavanagt-tr@gov.in
24th January, 2025



**MESSAGE**

I convey my heartiest greetings to all the people of the State of Tripura on this auspicious occasion of the Republic Day on 26th January, 2025. It is a very special occasion for our nation, as on this day in 1950, the Constitution of India, adopted by the Indian Constituent Assembly on the 26th November, 1949, came into effect and made India a Sovereign, Democratic, Republic committed to ensure justice, Liberty, Equality and Fraternity for all the citizens of India.

On this auspicious day, I would like to convey our special gratitude to all the members of our valiant Armed Forces, State and Central Para Military Forces who are guarding our frontiers on the land, sea, air and look after the internal security with utmost sincerity and dedication.

The development of India depends on the development of every corner of the country. Government of India is giving utmost importance to the immediate progress and development of North Eastern Region with special emphasis on Tripura.

On this special day, let us join to pledge to work hand in hand for peace and brotherhood amongst all sections of people of the society and towards making our State bright and prosperous.

Thanks, Hambai

Jai Hind

ICA/D-1745/25

(Indra Sena Reddy Nallu)

# কাজের সন্ধান

## মাধ্যমিক থেকে শুরু, এইমস-এ ৪৫৯৭ নিয়োগ
## ত্রিপুরা থেকে অনলাইনে আবেদনের সুযোগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** এইমস-এ এমপিডব্লিও, অ্যাসিস্ট্যান্ট, ফার্মাসিস্ট, টেকনেশিয়ান, স্টোরকীপার, এলডিসি, ইঞ্জিনিয়ার পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৪৫৯৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ জানুয়ারি, বাছাইকৃতদের কমন রিক্রুটটেন্ট টেস্ট ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে। বিস্তারিত খবর হলো — কেন্দ্রীয় সরকারের অধীনে পরিচালিত এইমস-এ এমপিডব্লিও, অ্যাসিস্ট্যান্ট, ফার্মাসিস্ট, টেকনেশিয়ান, স্টোরকীপার, এলডিসি, ইঞ্জিনিয়ার ইত্যাদি বিভিন্ন পদে পদে ৪৫৯৭ জন নিয়োগ করা হবে বলে বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। প্রার্থিবাছাই করবেন নির্দিষ্ট এইমস-এর রিক্রুটমেন্ট সেল অর্থাৎ এইমস-এর ম্যানেজমেন্ট স্টাফ নিয়ে গঠিত এক সিলেকশন কমিটি। অন্যান্য রাজ্যের প্রার্থীদের মতো ত্রিপুরার এসসি/ এসটি/ ওবিসি/ জেনারেল যে-কোনও প্রার্থীরাই আবেদন করতে পারবেন। বয়স হতে হবে ৩১-০১-২০২৫ তারিখের হিসেবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। তফশিলি, ওবিসি ও প্রতিবন্ধীদের জন্য সরকারি নিয়মানুসারে আসন সংরক্ষণ যেমন থাকবে, তেমনি বয়সের উর্ধ্বসীমায়ও যথারীতি ছাড় রয়েছে। তবে পৃথক পৃথক পদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমাও ভিন্নতর। শূন্যপদের বিশদ বিভাজন এবং ক্যাটেগরি ভিত্তিক সংরক্ষিত পদ ইত্যাদি দেখতে পাবেন এঁদের ওয়েব সাইটে, লগ অন করে 'রিক্রুটমেন্ট' ট্যাব লিঙ্কে। শূন্যপদের বিভাজন এই রকম —

মোট শূন্যপদের সংখ্যা ৩০৩৬টি। ক্রমিক নং (১) ঃ পদের নাম - অ্যাসিস্ট্যান্ট এডমিনিস্ট্রেটিভ অফিসার, শূন্যপদ ১৫টি। ক্রমিক নং (২) ঃ পদের নাম - অ্যাসিস্ট্যান্ট ডায়েটিশিয়ান, শূন্যপদ ৭টি। ক্রমিক নং (৩) ঃ পদের নাম - অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (এসি এন্ড আর), শূন্যপদ ৭টি। ক্রমিক নং (৪) ঃ পদের নাম - অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল), শূন্যপদ ৮টি। ক্রমিক নং (৫) ঃ পদের নাম - অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেকট্রিক্যাল), শূন্যপদ ৬টি। ক্রমিক নং (৬) ঃ পদের নাম - অ্যাসিস্ট্যান্ট লন্ড্রি সুপারভাইসর, শূন্যপদ ১৭টি। ক্রমিক নং (৭) ঃ পদের নাম - অ্যাসিস্ট্যান্ট স্টোর অফিসার, শূন্যপদ ৬টি। ক্রমিক নং (৮) ঃ পদের নাম - অডিওলজিস্ট, শূন্যপদ ১২টি। ক্রমিক নং (৯) ঃ পদের নাম - অডিওলজিস্ট, স্পিচ, শূন্যপদ ৫টি। ক্রমিক নং (১০) ঃ পদের নাম - বায়ো মেডিক্যাল ইঞ্জিনিয়ার, শূন্যপদ ৩টি। ক্রমিক নং (১১) ঃ পদের নাম - ক্যাশিয়ার, শূন্যপদ ৩৮টি। ক্রমিক নং (১২) ঃ পদের নাম - চীফ ক্যাশিয়ার, শূন্যপদ ৩টি। ক্রমিক নং (১৩) ঃ পদের নাম - ক্লার্ক/ রেকর্ডার, শূন্যপদ ২২৫টি। ক্রমিক নং (১৪) ঃ পদের নাম - টেকনেশিয়ান, শূন্যপদ ৫টি। ক্রমিক নং (১৫) ঃ পদের নাম - ডার্ক রুম অ্যাসিস্ট্যান্ট, শূন্যপদ ১৫টি। এধরনের ক্রমিক নং ১৬ থেকে ১০০ পর্যন্ত প্রতিটি পদের নাম, শূন্যপদের সংখ্যা, ক্যাটেগরি ভিত্তিক বিভাজন, যোগ্যতা, অভিজ্ঞতা, বয়সের উর্ধ্বসীমা, বেতনক্রম ইত্যাদি জানার জন্য এঁদের ওয়েবসাইট দেখে নিতে হবে। মূল মাইনের সঙ্গে কেন্দ্রীয় সরকারের নিয়ম অনুযায়ী অন্যান্য ভাতাসমূহও রয়েছে। প্রয়োজনে শূন্যপদের সংখ্যা পরিবর্তনও হতে পারে।

প্রার্থিবাছাই হবে বাছাইকৃতদের লিখিত পরীক্ষা, অভিজ্ঞতা ও নির্দিষ্ট ট্রেড বা স্কিল টেস্টের মাধ্যমে। পরীক্ষার দিনক্ষণও স্থান স্থির হয়নি। নির্ধারিত সময়ে কল লেটারে সমস্ত কিছু জানানো হবে। এসএমএস-এ কল লেটারের কথা জানানো হলে তা ডাউনলোড করে নিলেই সমস্ত তথ্য জেনে নেওয়া যাবে। দরখাস্ত পাঠানোর কৌশল ও নিয়মকানুন সহ এই বিজ্ঞপ্তির পুরো বিবরণ পাবেন এঁদের নিজস্ব ওয়েবসাইটে। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার রসিদ ইত্যাদি বের করে রাখার পাশাপাশি লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

আবেদন করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে ৩১ জানুয়ারির মধ্যে। অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখ ৩১ জানুয়ারি। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তৈরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটো, প্রয়োজনীয় সমস্ত ডকুমেন্টসও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে। প্রয়োজনে সেগুলো আপলোড করতে হবে। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা/ মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এই সংশোধনের সুযোগ পাবেন ৩ বার পর্যন্ত। আপনার পক্ষ থেকে কাজ চূড়ান্ত হয়ে গেলে অনলাইন পেমেন্টের মাধ্যমে অ্যাপ্লিকেশন ফি এবং/ অথবা পোস্টাল চার্জ বাবদ নির্দিষ্ট ফি জমা দিতে হবে। এছাড়া, অনলাইনে ফর্ম ফিলাপ, প্রিন্ট আউট বের করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, কল লেটার ডাউনলোড করানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হয়। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের ২ কপি প্রিন্ট-আউট নিয়ে নেবেন। কোথাও পাঠাতে হবে না। ফি পেমেন্ট চালানের কপিও যত্ন করে রাখবেন। লিখিত পরীক্ষার দিন কললেটার ছাড়াও লাগবে মূল পেমেন্ট চালান, ছবিওলা পরিচিতি-প্রমান (আধার কার্ড, প্যান কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। টাকা জমা দেওয়ার চালান-এর একটা বাড়তি ফটো কপিও নিজের কাছে রেখে দেবেন।

## এক নজরে চাকরির খবর

* পদের নাম ঃ **এপ্রেন্টিস ( ভারতীয় রেল),**
শূন্যপদ ঃ ৪,২৩২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ ১৫-২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ জানুয়ারি,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কললেটারে জানানো হবে।

* পদের নাম ঃ **এপ্রেন্টিস ( ডিফেন্স সেক্টর),**
শূন্যপদ ঃ ১০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-২৬ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৯ জানুয়ারি,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কললেটারে জানানো হবে।

* পদের নাম ঃ **ইয়ুথ অর্গানাইজর (ক্রীড়া দপ্তর, ত্রিপুরা),**
শূন্যপদ ঃ ১০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ গ্র্যাজুয়েট পাশ, নির্দিষ্ট কাজে অন্ততপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে,
বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ জানুয়ারি,
লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র আগরতলা, তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* পদের নাম ঃ **ডেটা এন্ট্রি অপারেটর, জুনিয়র ইঞ্জিনিয়ার, অ্যাসিস্ট্যান্ট, এলডিসি, ইউডিসি ইত্যাদি (এইমস)**
শূন্যপদ ঃ ৪,৫৯৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ জানুয়ারি,
পরীক্ষা, ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (ইএসআইসি),**
শূন্যপদ ঃ ২৮৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ এমডি, এমএস পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ জানুয়ারি,
ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* পদের নাম ঃ **জুনিয়র অ্যাসিস্ট্যান্ট, সুপারিটেনড্যান্ট (সিবিএসই),**
শূন্যপদ ঃ ২১২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ জানুয়ারি,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

* পদের নাম ঃ **প্রবেশনারি ইঞ্জিনিয়ার (কর্পোরেট সেক্টর),**
শূন্যপদ ঃ ৩৫০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক, বিএসসি ডিগ্রি পাশ হতে হবে।
বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ জানুয়ারি,
পরীক্ষা ও সাক্ষাৎকারের কেন্দ্র ও দিনক্ষণ এঁদের ওয়েবসাইটে জানানো হবে।

* পদের নাম ঃ **ওয়ার্কার (অর্ডিন্যান্স ফ্যাক্টরি),**
শূন্যপদ ঃ ২০৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ জানুয়ারি,
লিখিত পরীক্ষা ও স্কিল টেস্টের দিনক্ষণ ও কেন্দ্র এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে, পাশাপাশি কল লেটারেও জানানো হবে।

* পদের নাম ঃ **ফিটার, ইলেকট্রিশিয়ান (কর্পোরেট সেক্টর),**
শূন্যপদ ঃ ২২৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২ ফেব্রুয়ারি,
লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* পদের নাম ঃ **স্পেশালিস্ট মেডিক্যাল অফিসার (ত্রিপুরা)**
টিপিএসসি পরীক্ষার মাধ্যমে,
শূন্যপদ ঃ ১৭২টি,
যোগ্যতা ঃ মেডিক্যাল কোয়ালিফিকেশন সহ পিজি ডিপ্লোমা, পিজি ডিগ্রি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৪ ফেব্রুয়ারি,
এপিআই স্কোরের ভিত্তিতে বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* পদের নাম ঃ **এয়ারম্যান (এয়ার ফোর্স),**
শূন্যপদ ঃ ৫০০টি (সম্ভাব্য),
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা, গ্র্যাজুয়েট পাশ হতে হবে।
বয়স ঃ অনূর্ধ্ব ২১ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৫ ফেব্রুয়ারি,
সরাসরি সাক্ষাৎকার, র‍্যালী ও পরীক্ষার কেন্দ্র ও দিনক্ষণ এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

* পদের নাম ঃ **শর্ট সার্ভিস কমিশন, আর্মি (ডিফেন্স),**
শূন্যপদ ঃ ৫০০টি (সম্ভাব্য),
শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক পাশ,
বয়স ঃ ২০-২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৫ ফেব্রুয়ারি,
বাছাইকৃতদের পরীক্ষা অথবা সরাসরি সাক্ষাৎকারের কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* পদের নাম ঃ **লোক্যাল ব্যাঙ্ক অফিসার (রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক),**
শূন্যপদ ঃ ২৫০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি/ বিবিএ/ বিই/ বিটেক ... ইত্যাদি গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই,
বয়স ঃ ২০-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৫ ফেব্রুয়ারি,
বাছাইকৃতদের কম্পিউটার ভিত্তিক পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (শিপ বিল্ডার্স),**
শূন্যপদ ঃ ২০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, বিই, বিটেক পাশ,
বয়স ঃ ১৮-২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৫ ফেব্রুয়ারি,
বাছাইকৃতদের পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

## কর্পোরেট সেক্টরে ৩৫০ নিয়োগ
## ত্রিপুরা থেকে আবেদনের সুযোগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা ।।** কেন্দ্রীয় মন্ত্রকের অধীনে বিশেষ করে খ্যাতনামা কর্পোরেট সেক্টর ভারত ইলেকট্রনিক্স লিমিটেডে প্রবেশনারি ইঞ্জিনিয়ার পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩৫০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক, বিএসসি ডিগ্রি পাশ হতে হবে। বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ জানুয়ারি, পরীক্ষা ও সাক্ষাৎকারের কেন্দ্র ও দিনক্ষণ এঁদের ওয়েবসাইটে জানানো হবে। বিস্তারিত খবর হলো — বহিঃরাজ্যে কেন্দ্রীয় সরকারের অধীনস্থ কর্পোরেট সেক্টরে প্রবেশনারি ইঞ্জিনিয়ারস পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। উপযুক্ত শিক্ষাগত যোগ্যতা এবং আবশ্যকীয় অভিজ্ঞতার পাশাপাশি, ০১-০১-২০২৫ তারিখের হিসেবে ১৮ থেকে ২৫-এর মধ্যে বয়স হলে অনলাইনে দরখাস্ত পাঠাতে পারেন। এই নিয়োগের বিজ্ঞপ্তির নম্বর ১৭৫৫৬/ এইচআর/ অল ইন্ডিয়া/ ২০২৫। তারিখ ১০-০১-২০২৫। তবে সারা দেশব্যাপী জোন অনুযায়ী এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বরও বিভিন্ন।

দরখাস্ত পাঠানোর কৌশল ও নিয়মকানুন সহ এই বিজ্ঞপ্তির পুরো বিবরণ পাবেন এঁদের ওয়েবসাইটে। দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন্ করে, ৩১ জানুয়ারির মধ্যে। অর্থাৎ অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখ ৩১ জানুয়ারি। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটোও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে (যেমন, ছবি কীরকম কী ব্যাকগ্রাউন্ডে তুলবেন, ছবির ডাইমেনশন যেন হয় ২০০ বাই ২৩০ পিক্সেল আর মাপ ২০-৫০ কেবির মধ্যে, স্বাক্ষরের ক্ষেত্রে ১৮০ বাই ১৬০ পিক্সেল, মাপ ১০-২০ কেবির মধ্যে, ইত্যাদি মাপে সেভ করতে হবে জেপিজি বা জেপিইজি ফর্ম্যাটে)। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা/ মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এজন্য প্রয়োজনীয় তথ্য পরামর্শ সাইটেই পাবেন। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্তের প্রিন্ট আউট ইত্যাদি বের করে রাখার পাশাপাশি লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত জানতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই বা হ্যালো' লিখে মেম্বারশীপ গ্রহণ করে নিতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে নেবেন, কোথাও পাঠাতে হবে না। প্রযোজ্য ক্ষেত্রে ফি পেমেন্ট চালানের কপিও যত্ন করে রাখবেন। পরীক্ষা বা ইন্টারভিউতে ডাক পেলে ওই প্রিন্ট আউট এবং সমস্ত মূল প্রমানপত্র (যাঁর ক্ষেত্রে যা-যা দরকার) সঙ্গে নিয়ে যাবেন।

প্রার্থিবাছাই হবে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, ইন্টারভিউ ও মৌখিক পরীক্ষার মাধ্যমে। বড় শহরগুলিতে পরীক্ষা কেন্দ্রের ব্যবস্থা করা হবে। তবে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ও ইন্টারভিউর দিনতারিখ পরবর্তী সময়ে জানানো হবে এবং প্রাথমিক বাছাই করেই পরীক্ষার জন্য ডাকা হবে। এই নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তির বিস্তারিত পাবেন এঁদের ওয়েবসাইটে। শূন্যপদগুলি হল ঃ — পোস্ট কোড (১) ঃ প্রবেশনারি ইঞ্জিনিয়ার (ইলেকট্রনিক্স) ইন ই-টু গ্রেড ঃ মোট শূন্যপদ ২০০টি। পোস্ট কোড (২) ঃ প্রবেশনারি ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল) ইন ই-টু গ্রেড ঃ মোট শূন্যপদ ১৫০টি। সর্বোপরি মোট শূন্যপদ ৩৫০টির মধ্যে অসংরক্ষিত ১৪৩টি। এছাড়া, ইডব্লিওএস প্রার্থীর জন্য ৩৫টি, এসসি'র জন্য ৫২টি, এসটি'র জন্য ২৬টি এবং ওবিসি'র জন্য ৯৪টি পদ সংরক্ষিত। প্রতিক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বয়সের উর্ধবসীমা, বেতনক্রম ইত্যাদি বিস্তারিত জানার জন্য অবশ্যই এঁদের ওয়েবসাইটে দেখে নিতে হবে। ইচ্ছুক উপযুক্ত এবং অভিজ্ঞতাসম্পন্ন কর্মপ্রার্থীরা দরখাস্ত করবেন অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে। বাছাইকৃতদের কম্পিউটার ভিত্তিক পরীক্ষার তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে। দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন্ করে নির্দিষ্ট তারিখের মধ্যে। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে বিজ্ঞাপনের বিস্তারিত পড়ে নেবেন। নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটোও স্ক্যান করে রাখতে হবে। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে তা নির্দিষ্ট উপায়ে সুরক্ষিত রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা/ মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এজন্য প্রয়োজনীয় তথ্য পরামর্শ সাইটেই পাবেন। পরীক্ষা বা ইন্টারভিউতে ডাক পেলে ওই রেজিস্ট্রেশন নাম্বার, পাশওয়ার্ড ব্যবহার করেই এঁদের ওয়েবসাইটে আপনার ড্যাশবোর্ডে প্রবেশ করতে পারবেন।

## সামনে চাকরি ও শিক্ষার কী-কী পরীক্ষা, কবে?

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।**

* ভারতীয় রেলে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৪,২৩২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ, বয়স ঃ ১৫-২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ জানুয়ারি, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কললেটারে জানানো হবে।

* কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে শর্তসাপেক্ষে আজই আপনার হোয়াটস্অ্যাপ নম্বর নথীভুক্ত করে মেম্বারশিপ্ গ্রহণ করে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের **সমস্ত চাকরির আপডেট খবর,** চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর, সিলেবাস এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

* ডিফেন্স সেক্টরে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-২৬ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৯ জানুয়ারি, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কললেটারে জানানো হবে।

* রাজ্য যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরে **ইয়ুথ অর্গানাইজর** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ গ্র্যাজুয়েট পাশ, নির্দিষ্ট কাজে অন্ততপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে, বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ জানুয়ারি, লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র আগরতলা, তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* সর্বভারতীয় এইমস-এ **ডেটা এন্ট্রি অপারেটর, জুনিয়র ইঞ্জিনিয়ার, অ্যাসিস্ট্যান্ট, এলডিসি, ইউডিসি ইত্যাদি** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৪,৫৯৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ জানুয়ারি, পরীক্ষা, ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* ইএসআইসি-তে **অ্যাসিস্ট্যান্ট প্রফেসর** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২৮৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ এমডি, এমএস পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ জানুয়ারি, ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* সিবিএসই-তে **জুনিয়র অ্যাসিস্ট্যান্ট, সুপারিটেনড্যান্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২১২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ জানুয়ারি, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

* কর্পোরেট সেক্টরে **প্রবেশনারি ইঞ্জিনিয়ার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩৫০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক, বিএসসি ডিগ্রি পাশ হতে হবে। বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ জানুয়ারি, পরীক্ষা ও সাক্ষাৎকারের কেন্দ্র ও দিনক্ষণ এঁদের ওয়েবসাইটে জানানো হবে।

* অর্ডিন্যান্স ফ্যাক্টরিতে **ওয়ার্কার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২০৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ, বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ জানুয়ারি, লিখিত পরীক্ষা ও স্কিল টেস্টের দিনক্ষণ ও কেন্দ্র এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে, পাশাপাশি কল লেটারেও জানানো হবে।

* কর্পোরেট সেক্টরে **ফিটার, ইলেকট্রিশিয়ান** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২২৮টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ, বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২ ফেব্রুয়ারি,
লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* রাজ্য সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যান দপ্তরের অধীনে **স্পেশালিস্ট মেডিক্যাল অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। টিপিএসসি পরীক্ষার মাধ্যমে, শূন্যপদ ঃ ১৭২টি, যোগ্যতা ঃ মেডিক্যাল কোয়ালিফিকেশন সহ পিজি ডিপ্লোমা, পিজি ডিগ্রি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৪ ফেব্রুয়ারি, এপিআই স্কোরের ভিত্তিতে বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* এয়ারফোর্সে **এয়ারম্যান** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৫০০টি (সম্ভাব্য), শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা, গ্র্যাজুয়েট পাশ হতে হবে। বয়স ঃ অনূর্ধ্ব ২১ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৫ ফেব্রুয়ারি, সরাসরি সাক্ষাৎকার, র‍্যালী ও পরীক্ষার কেন্দ্র ও দিনক্ষণ এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।


* কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রনালয়ে **শর্ট সার্ভিস কমিশন, আর্মি** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৫০০টি (সম্ভাব্য), শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক পাশ, বয়স ঃ ২০-২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৫ ফেব্রুয়ারি, বাছাইকৃতদের পরীক্ষা অথবা সরাসরি সাক্ষাৎকারের কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে **লোক্যাল ব্যাঙ্ক অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২৫০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি/ বিবিএ/ বিই/ বিটেক ... ইত্যাদি গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, বয়স ঃ ২০-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৫ ফেব্রুয়ারি, বাছাইকৃতদের কম্পিউটার ভিত্তিক পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* শিপ বিল্ডার্স-এ **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, বিই, বিটেক পাশ, বয়স ঃ ১৮-২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৫ ফেব্রুয়ারি, বাছাইকৃতদের পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

## মাধ্যমিক ও আইটিআই পাশদের জন্য কর্পোরেট সেক্টরে চাকরি

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** কেন্দ্রীয় মন্ত্রকের অধীনে কর্পোরেট সেক্টরে ফিটার, ইলেকট্রিশিয়ান পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২২৮টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ, বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২ ফেব্রুয়ারি, লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং ০১/২০২৫, তারিখ ১০ জানুয়ারি, ২০২৫। শূন্যপদগুলো হলো — (১) এপ্রেন্টিস ফিটার ট্রেড, শূন্যপদ ৮০টি। (২) এপ্রেন্টিস ইলেকট্রিশিয়ান ট্রেড, শূন্যপদ ৮০টি। (৩) এপ্রেন্টিস ওয়েল্ডার (গ্যাস এন্ড ইলেকট্রিক) ট্রেড, শূন্যপদ ৩৮টি। (৪) এপ্রেন্টিস টার্নার/ মেশিনিস্ট ট্রেড, শূন্যপদ ১০টি। (৫) এপ্রেন্টিস ইনসট্রুমেন্ট মেকানিক ট্রেড, শূন্যপদ ৪টি। (৬) এপ্রেন্টিস মেকানিক্যাল ডিজেল/ মেকানিক্যাল মোটর ভেহিকল ট্রেড, শূন্যপদ ১০টি। (৭) এপ্রেন্টিস কার্পেন্টার ট্রেড, শূন্যপদ ৩টি। (৮) এপ্রেন্টিস প্লাম্বার ট্রেড, শূন্যপদ ৩টি। প্রতিটি পদের ক্ষেত্রেই ক্যাটেগরি ভিত্তিক বিভাজন ও সংরক্ষণ রয়েছে। অর্থাৎ এসসি, এসটি, ওবিসি, ইডব্লিওএস, জেনারেল যে-কেউ এর জন্য আবেদন করতে পারেন। সর্বোপরি কিছু সংখ্যক পদ শারীরিকভাবে বিশেষ সক্ষম প্রার্থী এবং এক্স-সার্ভিসম্যানদের জন্য সংরক্ষিত রয়েছে। এ বিষয়ে বিস্তারিত দেখে নিতে হবে এঁদের ওয়েবসাইটে লগ-অন করে। বয়স ঃ ০৩-০১-২০২৫ তারিখের হিসেবে অনূর্ধ্ব ২৫ বছর। সংরক্ষিত পদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমায় ছাড় রয়েছে। শিক্ষাগত যোগ্যতা - মাধ্যমিক পাশের পর নির্দিষ্ট বিভাগে আইটিআই বা ডিপ্লোমা পাশ হতে হবে। দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ-অন করে ২ ফেব্রুয়ারির মধ্যে। অর্থাৎ অনলাইনে আবেদনের শেষ তারিখ ২ ফেব্রুয়ারি। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার 'ই-রিসিপ্ট' ইত্যাদি বের করে রাখার পাশাপাশি লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটোও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে (যেমন, ছবি কীরকম কী ব্যাকগ্রাউন্ডে তুলবেন, ছবির ডাইমেনশন যেন হয় ২০০ বাই ২৩০ পিক্সেল আর মাপ ২০-৫০ কেবির মধ্যে, স্বাক্ষরের ক্ষেত্রে ১৮০ বাই ১৬০ পিক্সেল, মাপ ১০-২০ কেবির মধ্যে, ইত্যাদি মাপে সেভ করতে হবে জেপিজি বা জেপিইজি ফর্ম্যাটে)। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা/ মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এই সংশোধনের সুযোগ পাবেন ৩ বার পর্যন্ত। আপনার পক্ষ থেকে কাজ চূড়ান্ত হয়ে গেলে অনলাইন পেমেন্টের মাধ্যমে অ্যাপ্লিকেশন ফি এবং/ অথবা পোস্টাল চার্জ বাবদ নির্দিষ্ট ফি জমা দিতে হবে। এছাড়া, অনলাইনে ফর্ম ফিলাপ, প্রিন্ট আউট বের করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, কল লেটার ডাউনলোড করানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হয়। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে নেবেন, কোথাও পাঠাতে হবে না। ফি পেমেন্ট চালানের কপিও যত্ন করে রাখবেন। লিখিত পরীক্ষার দিন কললেটার ছাড়াও লাগবে মূল পেমেন্ট চালান, ছবিওলা পরিচিতি-প্রমান (ভোটার আই কার্ড, প্যান কার্ড, কলেজের আই কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। প্রতি ক্ষেত্রেই, এসসি/এসটি প্রার্থীদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৫ বছরের এবং ওবিসি প্রার্থীদের জন্য ৩ বছরের শিথিলতা রয়েছে। প্রার্থিবাছাইয়ের জন্য প্রথম দরখাস্তের ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের সরাসরি ইন্টারভিউ নেওয়া হবে, সফল হলে চূড়ান্ত সাক্ষাৎকার। পরীক্ষা কেন্দ্র হবে বহিঃরাজ্যে। ত্রিপুরা সহ নর্থ-ইস্টের প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারেন, তবে পরীক্ষা দিতে হবে বহিঃরাজ্যে নিকটবর্তী কোনও কেন্দ্রে গিয়ে। প্রার্থীরা চূড়ান্তভাবে সফল হলে ডাক্তারি পরীক্ষাও আছে। পরীক্ষা ও সাক্ষাৎকারের স্থান-কাল যথাসময়ে ইমেল বা এসএমএস করে বা ওয়েবসাইটে জানানো হবে সেইমতো অ্যাডমিট কার্ড ডাউনলোড করে নিয়ে সাক্ষাৎকারে যেতে হবে।



শুক্রবার আগরতলায় আয়োজিত রক্তদান শিবিরে উপস্থিত সাংসদ রাজীব ভট্টাচার্য ও মন্ত্রী সুশান্ত চৌধুরী সহ সাংসদ অভিষেক রায় সহ অন্যান্য।

# বৃদ্ধার বাড়ি থেকে উদ্ধার নলিকাটা দেহ, কারণ নিয়ে ধোঁয়াশা

উত্তর ২৪ পরগনা, ২৪ জানুয়ারি (হি.স.): শুক্রবার জেটিয়ায় ঘর থেকে উদ্ধার হয়েছে বৃদ্ধার নলিকাটা দেহ।

ঘটনাকে কেন্দ্র করে প্রবল শোরগোল দেখা দিয়েছে এলাকায়। খুনের কারণ নিয়ে দেখা দিয়েছে ধোঁয়াশা। মৃতার নাম ফুলজান বিবি। তাঁর বয়স ৮০ বছর। বারাকপুর পুলিশ কমিশনারেটের অন্তর্গত কাঁপাচাকলা পঞ্চায়েতের জেটিয়া থানার পাল্লাদহ শিমুলতলা মথুরাবিল এলাকার বাসিন্দা তিনি। মেয়ের বিয়ে হয়ে গিয়েছে।

প্রতিবেশী সূত্রে খবর, বৃহস্পতিবারও বৃদ্ধার মেয়ে তাঁর কাছে এসেছিল। দীর্ঘক্ষণ কথাও বলেন। বিকেলে শ্বশুরবাড়ি ফিরে যান তিনি।

এরপর রাতে ফোনেও কথা হয় দুজনের। শুক্রবার বেলা গড়িয়ে গেলেও বৃদ্ধা ঘর থেকে বেরননি। তাতেই সন্দেহ হয় প্রতিবেশীদের। এরপর বৃদ্ধার বাড়ি থেকে উদ্ধার হয় নলিকাটা দেহ।

সঙ্গে সঙ্গে খবর দেওয়া হয় জেটিয়া থানায়। পুলিশ গিয়ে বৃদ্ধার দেহ উদ্ধার করে পাঠিয়েছে ময়নাতদন্তের জন্য। পুলিশের তরফে জানানো হয়েছে, প্রাথমিকভাবে মনে করা হচ্ছে খুনের ঘটনা। তবে এখনও কিছু স্পষ্ট নয়।

দ্রুতই রহস্যের জট খুলবে বলে আশাবাদী পুলিশ।

# অভিমানী ছেলেকে খুঁজতে গিয়ে বাইক থেকে পড়ে মায়ের মৃত্যু

মুর্শিদাবাদ, ২৪ জানুয়ারি (হি.স.): বাইকের পিছনের আসন থেকে পড়ে মৃত্যু হল এক মহিলার। বৃহস্পতিবার নওদা থানার আমতলা এলাকার ঘটনা। রাতেই আহত ওই মহিলাকে উদ্ধার করে মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ নিয়ে যাওয়া হয়েছিল। চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়।

পুলিশ সূত্রের খবর, মৃতার নাম মিতালি মণ্ডল। ৩৮ বছরের ওই মহিলার বাড়ি নওদা থানার সর্বাঙ্গপুরে।

পরিবার সূত্রে খবর, বুধবার মায়ের উপর রাগ করে বাড়ি থেকে বেরিয়ে যায় মিতালির নাবালক পুত্র। রাত পর্যন্ত তার কোনও সন্ধান না পেয়ে চিন্তায় পড়ে যায় পরিবার। এর পর বৃহস্পতিবার দুপুরে ভাই দেবাশিস মণ্ডলকে সঙ্গে নিয়ে নওদা থানায় যান মিতালি।

ছেলের নামে নিখোঁজ ডায়েরি করে আত্মীয়দের বাড়িতে কোনও খোঁজ পাওয়া যায় কি না দেখতে বেরিয়েছিলেন।

আমতলা এলাকায় রাজ্য সড়ক দিয়ে যাওয়ার সময় খারাপ রাস্তার কারণে ঝাঁকুনি হয় বাইকে। মিতালি পিছনের আসন থেকে ছিটকে রাস্তায় পড়ে যান।

মিতালির ভাই প্রথমে কিছু বুঝতে না পেরে বাইক নিয়ে এগিয়ে যান। পথচলতি কয়েক জন চিৎকার করে তাঁকে বাইক থামাতে বলেন। মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজে নিয়ে গেলে সেখানেই মৃত্যু হয় তাঁর।

মৃতার মেয়ে প্রিয়াঙ্কা মণ্ডল বলেন, "মা মামার মোটরবাইকে চড়ে যাচ্ছিল। মামার কোনও দোষ ছিল না। রাস্তা খারাপের কারণে মা বাইকের পিছন থেকে পড়ে গিয়েছিল।" অন্য দিকে, নিখোঁজ ছেলেটিকে এখনও পাওয়া যায়নি।

# বন্যায় সব্জি চাষে বিপুল লোকসান, বিকল্প কাঁঠাল চাষে ঝুঁকছেন চাষীরা

দুর্গাপুর, ২৪ জানুয়ারি (হি.স.) : দফায় দফায় নিম্নচাপ ও ভারী বৃষ্টির জেরে বন্যায় নষ্ট হয়েছে ফুলকপি, বাঁধাকপি, কাকরোল, বেগুন-সহ একাধিক সব্জি। তার সঙ্গে রাসায়নিক সারের অস্বাভাবিক দাম। সব মিলিয়ে চাষে লোকসান গুনতে হচ্ছে দামোদর তীরবর্তী দুর্গাপুর লাগোয়া সোনাইচণ্ডীপুরের চাষীদের। আর সেই ক্ষতি পূরণে এবার বিকল্প হিসাবে বারোমাসি কাঁঠাল চাষে ঝুঁকছেন এখানকার চাষীরা।

সোনাইচণ্ডীপুর বাঁকুড়ার মেজিয়া ও বড়জোড়া ব্লকের অন্তর্গত একটি ছোট গ্রামে প্রায় ৩৬টি পরিবারের বসবাস। চাষজমি বলতে নদীর চর, যেখানে ছাইমাটিতে আলু, পেঁয়াজ, বেগুন, মটর, গাজর, কলা, পেঁপে-সহ বিভিন্ন ফসল চাষ করেই জীবিকা নির্বাহ করেন চাষীরা। তবে চলতি বছর বন্যার কারণে ফুলকপি, বাঁধাকপি, লেটুসের মতো শীতকালীন সব্জি নষ্ট হয়েছে। আলু চাষে আশার আলো দেখে ছিলেন এখানকার চাষীরা। কিন্তু রাসায়নিক সারের কালোবাজারি ও বেশি খরচের কারণে সেই চাষ থেকেও মুখ ফিরিয়ে নিয়েছেন অনেকে। এমন পরিস্থিতিতে বিকল্প বারোমাসি কাঁঠাল চাষের দিকে ঝুঁকছেন এখানকার চাষীরা।

বারোমাসি কাঁঠালের ফলন সারা বছর হয়। বাজারে এঁচোড়ের (কাঁচা কাঁঠাল) চাহিদা বছরের পর বছর ধরেই বেশি। সুমিষ্ট ও পুষ্টিগুণে ভরপুর এই ফল বাঙালির রান্নাঘরে অত্যন্ত জনপ্রিয়। শুধু ফলই নয়, গাছের পাতা গবাদি পশুর খাদ্য হিসেবে ব্যবহার করা যায়। তাই কম খরচে বেশি লাভের আশায় কাঁঠাল চাষে আগ্রহ দেখাচ্ছেন চাষীরা। সোনাইচণ্ডীপুরের এক চাষি বলেন , প্রথমবার কাঁঠাল চাষ শুরু করেন। তারা জানান, বন্যার কারণে এবছর অনেক ক্ষতি হয়েছে। গত বছর মুর্শিদাবাদ থেকে ২০০টি বারোমাসি কাঁঠালের চারা এনেছিলাম। প্রতিটি চারার দাম ৮০ টাকা। চারা রোপণের সময় জমিতে এনপিকে সার দিয়েছিলাম। কিন্তু বন্যায় ৬০টি চারা নষ্ট হয়ে গেছে। এখন কিছু গাছ আড়াই-তিন ফুট লম্বা হয়েছে। কয়েকটিতে ফলন ধরেছে। তিনি আরও বলেন, কাঁঠাল চাষে খরচ কম। নিয়মিত পরিচর্য্যা করতে হয়। ৫ বছর পর গাছ প্রতি এক কুইন্টাল ফলন দেবে। এর পাশাপাশি গাছের নীচে সব্জি চাষ করাও সম্ভব।

বুদবুদ কেন্দ্রীয় কৃষি বিজ্ঞান ও গবেষণাগারের বিজ্ঞানীরা বিকল্প চাষে কাঁঠালের গুরুত্ব সম্পর্কে চাষীদের অবহিত করছেন। ইতিমধ্যেই কাঁকসার মলানদীঘির স্বরস্বতীগঞ্জে চাষীদের জন্য এক বিশেষ প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়। বিজ্ঞানী ড. সুব্রত সরকার জানান, কাঁঠাল একটি পুষ্টিকর ও লাভজনক ফসল। এঁচোড়ে খনিজ, ফাইবার, ভিটামিন রয়েছে, যা রোগ প্রতিরোধ ক্ষমতা ও হজম শক্তি বাড়ায়। এছাড়া গাছের পাতা গবাদি পশুর জন্য অত্যন্ত পুষ্টিকর খাদ্য। চাষীদের আশা, কাঁঠাল চাষে কম খরচে বেশি মুনাফা হবে। পাশাপাশি, বাজারে এঁচোড় ও কাঁঠালের চাহিদা থাকায় সারা বছর আয়ও নিশ্চিত। তবে প্রকৃতির বৈরিতার সঙ্গে লড়াই করে নিজেদের জীবিকা পুনরুদ্ধারে তাঁদের লড়াই এখনও অব্যাহত।

## মহাকুম্ভে আস্থার ডুব দিলেন মেঘওয়াল, ব্যবস্থাপনায় খুশি কেন্দ্রীয় মন্ত্রী

প্রয়াগরাজ, ২৪ জানুয়ারি (হি.স.): প্রয়াগরাজের মহাকুম্ভে পুণ্যস্নান করলেন কেন্দ্রীয় মন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল। শুক্রবার মহাকুম্ভের দ্বাদশতম দিনে ত্রিবেণী সঙ্গমে পুণ্যস্নান করেছেন কেন্দ্রীয় মন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল। পুণ্যস্নানের পর কেন্দ্রীয় মন্ত্রী মেঘওয়াল বলেছেন, 'আমি এর আগেও কুম্ভে গিয়েছি, কিন্তু প্রয়াগরাজের মহাকুম্ভে সুযোগ-সুবিধা চমৎকার। ত্রিবেণীর ঘাটে অনেক মানুষ জড়ো হয়েছেন যা একতার বার্তা দেয়। আমিও আজ একটি অনুষ্ঠানে যোগ দেব, "মেরা সংবিধান", মেরা স্বাভিমান" এই দিনটি ছিল "গঙ্গা স্নানের" দিন এবং এটি ছিল অত্যন্ত পবিত্র।'

## হাসপাতালে পার্থ চট্টোপাধ্যায়ের শারীরিক অবস্থার অবনতি

কলকাতা, ২৪ জানুয়ারি (হি.স.): নিয়োগ দুর্নীতি মামলায় অভিযুক্ত রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের শারীরিক অবস্থার আরও অবনতি হয়েছে বলে হাসপাতাল সূত্রে জানা যাচ্ছে।

গত সোমবার থেকে এসএসকেএমে ভর্তি রয়েছেন পার্থ। বৃহস্পতিবার রাতে তাঁকে আইসিইউতে স্থানান্তর করা হয়েছিল। জানা যাচ্ছে, এখনও সেখানেই রাখা হয়েছে তাঁকে। কারণ, শারীরিক অবস্থান আরও অবনতি হয়েছে। হাসপাতাল সূত্রের খবর, প্রাক্তন শিক্ষামন্ত্রীর কিডনি ও ফুসফুসের সমস্যা ছিলই। বাড়তি বিড়ম্বনা হিসেবে ক্রিয়েটিনিন, পটাশিয়াম, সোডিয়ামের মাত্রাতে গোলমাল দেখা দিয়েছে।

## এমসিসির নতুন পরামর্শক বোর্ডে জয় শাহ, চেয়ারম্যান হলেন সাঙ্গাকারা

দুবাই, ২৪ জানুয়ারি (হি.স.) : এমসিসির 'ওয়ার্ল ক্রিকেট কমিটি'র বদলে আরও বৃহত্তর ভূমিকা নিয়ে গঠিত হল এমসিসি 'ওয়ার্ল ক্রিকেট কানেক্টস অ্যাডভাইজরি বোর্ড।' এর পরামর্শক কমিটির প্রথম চেয়ারম্যান হয়েছেন এমসিসির প্রাক্তন চেয়ারম্যান ও শ্রীলঙ্কার প্রাক্তন অধিনায়ক কুমার সাঙ্গাকারা। ১৩ সদস্যের বোর্ডে এলেন আইসিসির চেয়ারম্যান ও ভারতীয় বোর্ডের প্রাক্তন সচিব জয় শাহ।

ক্রিকেট খেলার বৈশ্বিক অবস্থা পর্যালোচনা করার জন্য ১০০-র বেশি ক্রিকেট ব্যক্তিত্বকে নিয়ে গত বছর ওয়ার্ল ক্রিকেট কানেক্টস ফোরাম আয়োজন করে ছিল এমসিসি। লর্ডসে সেই আয়োজনে আমন্ত্রণ পাননি জয় শাহ। তাঁকে এবার রাখা হল প্রথম গঠিত বোর্ডে। বিশ্ব ক্রিকেটে তাঁর প্রভাবও আরো বাড়ল।

ওয়ার্ল ক্রিকেট কানেক্টস অ্যাডভাইজরি বোর্ড :

কুমার সাঙ্গাকারা (চেয়ারম্যান, প্রাক্তন শ্রীলঙ্কা অধিনায়ক)
আনুরাগ দাহিয়া (আইসিসির প্রধান বাণিজ্যিক কর্মকর্তা)
ক্রিস দেরিং (ক্রিকেট ওয়েস্ট ইন্ডিজের প্রধান নির্বাহী)
সৌরভ গাঙ্গুলি ( প্রাক্তন ভারতীয় অধিনায়ক ও ভারতীয় বোর্ডের প্রাক্তন প্রধান)
সানযোগ গুপ্তা (জিওস্টার স্পোর্টসের প্রধান নির্বাহী)
মেল জোন্স ( প্রাক্তন অস্ট্রেলিয়ান ক্রিকেটার ও ধারাভাষ্যকার)
হিদার নাইট (ইংল্যান্ড মহিলা দলের বর্তমান অধিনায়ক)
ট্রুডি লিন্ডব্লেড (ক্রিকেট স্কটল্যান্ডের প্রধান নির্বাহী)
হিথ মিলস (ওয়ার্ল ক্রিকেটার্স অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান)
ইমতিয়াজ প্যাটেল (সুপারস্পোর্টের প্রাক্তন চেয়ারম্যান)
জয় শাহ (আইসিসি চেয়ারম্যান ও ভারতীয় বোর্ডের প্রাক্তন সচিব)
গ্রায়েম স্মিথ ( প্রাক্তন দক্ষিণ আফ্রিকা অধিনায়ক ও এসএ টোয়েন্টির কমিশনার)
অ্যান্ড্রু স্ট্রাউস ( প্রাক্তন ইংল্যান্ড অধিনায়ক)

## জার্মানি কোচ জুলিয়ান নাগেলসম্যান ইউরো ২০২৮ পর্যন্ত চুক্তি বাড়িয়েছেন

মিউনিখ, ২৪ জানুয়ারি (হি.স.) : জুলিয়ান নাগেলসম্যান ২০২৮ সালের ইউরোপীয় চ্যাম্পিয়নশিপ শেষ না হওয়া পর্যন্ত জার্মানির প্রধান কোচ হিসাবে তাঁর চুক্তির মেয়াদ বাড়িয়েছেন, জার্মান ফুটবল অ্যাসোসিয়েশন (ডিএফবি) শুক্রবার ঘোষণা করেছে। ডিএফবি তাঁকে জার্মানি আয়োজিত ইউরো ২০২৪-এ ভালো পারফরমেন্সের জন্য ২০২৬ বিশ্বকাপ এবং দুই বছর পরে ইউরোতে কোচ করতে রাজি হয়েছে।

"আমরা সঠিক পথে আছি এবং এটি এখনও শেষ হয়নি। আমরা উন্নয়ন অব্যাহত রাখতে চাই। আমরা শিরোপা জিততে চাই," ৩৭ বছর বয়সী এই কোচ এক বিবৃতিতে বলেন। প্রাক্তন বায়ার্ন মিউনিখ কোচ ২০২৩ সালের সেপ্টেম্বরে জার্মান জাতীয় দলের দায়িত্ব গ্রহণ করেছিলেন।

## এ বার তপসিয়ায় ফ্ল্যাটবাড়ি হেলে পড়া নিয়ে আতঙ্ক

কলকাতা, ২৪ জানুয়ারি (হি.স.): বাঘাযতীন, ট্যাংরা, বাগুইআটির পরে তপসিয়া। তপসিয়ার লোকনাথ বোস গার্ডেন রোডে একটি চারতলা ফ্ল্যাটবাড়ি হেলে পড়েছে বলে শুক্রবার সকালে নজরে আসে স্থানীয়দের। স্থানীয়দের দাবি, বাড়িটি সাত-আট বছর আগে তৈরি হয়েছে। তাঁরা আঙুল তুলেছেন কলকাতা পুরসভার দিকে। উদ্বেগে রয়েছেন বাড়ির বাসিন্দারা। শুক্রবার সকালে বাড়িটি পরিদর্শন করে বাসিন্দাদের সঙ্গে কথা বলেন স্থানীয় ৫৯ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর জলি বসু। তিনি পাশে থাকার আশ্বাস দিয়েছেন।

কয়েকটি বিম দিয়ে দুটি বহুতলের মাঝে ঠেকনা দেওয়া হয়েছে। সেই বিমগুলির উপর নির্ভর করেই দাঁড়িয়ে রয়েছে হেলে পড়া আবাসনটি। প্রায় প্রতিটি তলায় বিম রয়েছে। নিচ থেকে উপরের দিকে তাকালে দুটি আবাসন যে আরও কাছিকাছি এসে পড়েছে, তা দেখা যাচ্ছে। আতঙ্কে দুই আবাসনের বাসিন্দারা। এদিকে কলকাতা পুরসভার পক্ষ থেকে কাউন্সিলের কাছে ওয়ার্ডের সমস্ত বিপজ্জনক আবাসনের তথ্য চাওয়া হয়েছে।

জলি বিশ্বাস জানান, "বিষয়টি আমাদের নজরে এসেছে। আগে জানতাম না। পুরসভার এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার (সিভিল) আমার কাছে ওয়ার্ডের পুরনো বহুতলের তথ্য চেয়েছেন। আমি পাঠিয়ে দেব।" মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যেখানে বেআইনি নির্মাণের বিরুদ্ধে কড়া পদক্ষেপের কথা বলেছেন, তারপরও কেন সেই বিষয়ে নজরদারি চালানো হচ্ছে না। তা নিয়ে প্রশ্ন উঠছে।

## রাজ্যস্থানে দুটি পৃথক পথ দুর্ঘটনায় মৃত ২ জন

যোধপুর, ২৪ জানুয়ারি (হি.স.) : যোধপুরের মথানিয়া ও বোরণাডা থানা এলাকায় পৃথক সড়ক দুর্ঘটনায় এক নারী ও এক মধ্যবয়স্ক ব্যক্তির মৃত্যু হয়েছে। মথানিয়া থানার এক পুলিশ আধিকারিক জানান, রামগড় জেলু গ্রামের বাসিন্দা গগাড়ি এলাকার একটি গাড়িচালকের গাফিলতির কারণে তাঁর বোলেরো গাড়ি উল্টে যায়। এই দুর্ঘটনায় তাঁর মা-সহ অন্য যাত্রীরা আহত হন। গুরুতর আহত অবস্থায় তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়। তবে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। পুলিশ নিহতের দেহ ময়নাতদন্তর পর পরিবারের কাছে হস্তান্তর করে।

অন্যদিকে, বোরণাডা থানার এক পুলিশ আধিকারিক জানান, ফক্কো বাস ডোলি ঝনভার গ্রামের বাসিন্দা তাঁর ৫৫ বছর বয়সী ভাই ওমারাম বাইক নিয়ে নারনাডি এলাকার একটি হোটেলের সামনে দিয়ে যাচ্ছিলেন। সেই সময় একটি গাড়ি তাঁকে ধাক্কা দেয়। গুরুতর আহত অবস্থায় তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। পুলিশ নিহতের দেহ ময়নাতদন্তর পর পরিবারের কাছে হস্তান্তর করে। উভয় গাড়ির চালককে শনাক্তকরণ চলছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

## পূর্ব মেদিনীপুরের ময়নায় বধূকে খুন, অভিযুক্ত স্বামী গ্রেফতার

পূর্ব মেদিনীপুর, ২৪ জানুয়ারি (হি.স.): পূর্ব মেদিনীপুরের ময়নায় বধূকে খুনের ঘটনায় পুলিশের হাতে গ্রেফতার হল স্বামী। পুলিশ সূত্রে খবর, মৃতা ওই মহিলার নাম শেফালি বর্মণ। তাঁর বাড়ি ময়না থানার আড়ংকিয়ারানা গ্রামে। শুক্রবার সকালে পুলিশ তাঁর স্বামীকে গ্রেফতার করেছে। ধৃতের নাম পবিত্র বর্মন।

প্রাথমিক তদন্তে পুলিশ জানতে পেরেছে, পবিত্র কর্মসূত্রে আন্দামানে বসবাস করত। বাড়িতে শেফালি একাই থাকত। অভিযোগ, তিনি বিবাহ বহির্ভূত সম্পর্কে জড়িয়ে পড়েছিলেন। ভগবানপুর থানা এলাকার এক যুবককে তিনি না কি লুকিয়ে বিয়েও করেছিলেন। সেই খবর কোনওভাবে পবিত্র জানতে পারে। এরপরই সে শেফালিকে খুনের পরিকল্পনা করে।

## যেন অঘোষিত জরুরি মিটিং চলছে, জেপিসি বৈঠক প্রসঙ্গে মন্তব্য কল্যাণের

নয়াদিল্লি, ২৪ জানুয়ারি (হি.স.): 'যেন একটা অঘোষিত জরুরী মিটিং চলছে, চেয়ারম্যান মিটিং চালিয়ে যাচ্ছেন এবং তিনি কারও কথা শুনছেন না। ওয়াকফ সংশোধনী বিল ২০২৪ নিয়ে যৌথ সংসদীয় কমিটির বৈঠক প্রসঙ্গে শুক্রবার এই মন্তব্য করলেন তৃণমূল কংগ্রেস সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়। তিনি আরও বলেছেন, সম্পূর্ণ প্রহসন চলছে।

উল্লেখ্য, জেপিসি বৈঠকে হট্টগোলের পরে ওয়াকফ সংশোধনী বিল ২০২৪-এর যৌথ সংসদীয় কমিটির বৈঠক থেকে ১০ বিরোধী সাংসদকে দিনের মতো সাসপেন্ড করা হয়েছে। বরখাস্ত হওয়া বিরোধী সাংসদের মধ্যে রয়েছেন কল্যাণ বন্দ্যোপাধ্যায়, মোঃ জাওয়াইদ, এ রাজা, আসাদউদ্দিন ওয়াইসি, নাসির হুসেন, মহিবুল্লাহ, এম আবদুল্লাহ, অরবিন্দ সাওয়ান্ত, নাদিমুল হক, ইমরান মাসুদ।

## সেনাবাহিনীর তৃতীয় চোখ হয়ে উঠবে "সঞ্জয়", পতাকা দেখিয়ে সূচনা করলেন রাজনাথ

নয়াদিল্লি, ২৪ জানুয়ারি (হি.স.): প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং শুক্রবার নতুন দিল্লিতে ব্যাটলফিল্ড সার্ভিল্যান্স সিস্টেম "সঞ্জয়"-এর সূচনা করেছেন। এই নজরদারি ব্যবস্থা অত্যাধুনিক সেন্সর ও অত্যাধুনিক বিশ্লেষণে সজ্জিত, সেনাবাহিনীর তৃতীয় চোখ হয়ে উঠবে "সঞ্জয়"। চলতি বছরের মার্চ থেকে তিন দফায় ভারতীয় সেনাবাহিনীতে অন্তর্ভুক্ত করা হবে।

"সঞ্জয়" ভারতীয় সেনাবাহিনী ও ভারত ইলেকট্রনিক্স লিমিটেড দ্বারা দেশীয় এবং যৌথভাবে তৈরি করা হয়েছে। দুই হাজার ৪০২ কোটি টাকায় এই ব্যবস্থা তৈরি করা হয়েছে। কর্তব্য পথে আসন্ন প্রজাতন্ত্র দিবসের কুচকাওয়াজে ব্যাটলফিল্ড সার্ভিল্যান্স সিস্টেম "সঞ্জয়" একটি মূল আকর্ষণ হবে।

## বুমরাহ, জয়সওয়াল এবং জাদেজা ২০২৪ সালের আইসিসি পুরুষদের টেস্ট দলে এলেন

দুবাই, ২৪ জানুয়ারি (হি.স.) : শুক্রবার ভারতের জসপ্রিত বুমরাহ, রবীন্দ্র জাদেজা এবং যশস্বী জয়সওয়ালকে আইসিসি পুরুষদের ২০২৪ সালের টেস্ট দলে নাম যুক্ত করা হয়েছে। আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল( আইসিসি), অস্ট্রেলিয়ান পেসার প্যাট কামিন্সকে অধিনায়ক করে ১১ সদস্যের দল সোশ্যাল মিডিয়ায় ঘোষণা করেছে।

৩ নম্বরে নিউজিল্যান্ডের প্রাক্তন অধিনায়ক কেন উইলিয়ামসনের সঙ্গে ওপেনার হিসেবে তালিকাভুক্ত হয়েছেন জয়সওয়াল এবং ইংল্যান্ডের বেন ডাকেট। মিডল অর্ডারে আছেন ইংল্যান্ডের জো রুট ও হ্যারি ব্রুক এবং শ্রীলঙ্কার কামিন্দু মেন্ডিস।উইকেটরক্ষক-ব্যাটার স্থান দখল করেছেন ইংল্যান্ডের জেমি স্মিথ। বোলিং আক্রমণে জাদেজা একমাত্র স্পিনার হিসাবে পেসার বুমরাহ, কামিন্স এবং নিউজিল্যান্ডের ম্যাট হেনরিকে নেওয়া হয়েছে।

## বিশ্ব হিন্দু পরিষদকে বইমেলায় স্টল না দেওয়ার কারণ জানতে চাইলেন বিচারপতি

কলকাতা, ২৪ জানুয়ারি (হি.স.): "আগে মনে হয়নি বিশ্ব হিন্দু পরিষদের লেখা বই স্পর্শকাতর? তাহলে কেন অনুমতি দিলেন?" আসন্ন কলকাতা বইমেলায় স্টল না পেয়ে পরিষদ মামলা করেছিল বুকসেলার্স অ্যান্ড পাবলিশার্স গিল্ডের বিরুদ্ধে। শুনানীতে শুক্রবার গিল্ডের কাছে এই হাইকোর্ট প্রশ্ন রাখে।

বিচারপতি অমৃতা সিনহার এজলাসে এদিন ওঠে মামলাটি। ওই মামলাতেই বিশ্ব হিন্দু পরিষদের আইনজীবীর বক্তব্য, গিল্ডের তরফে বিজ্ঞপ্তি দিয়ে বিভিন্ন শর্ত জানানো হয়। সেই শর্ত মেনে ৬০০ স্কোয়ার ফুট জায়গার কথা বলে সংগঠনের তরফে আবেদন জানানো হয়। এই সঙ্গে গিল্ডের তরফে বলা হয়, "বিশ্ব হিন্দু পরিষদের বই যথেষ্ট সেন্সেটিভ এবং বিতর্কিত। গিল্ড কর্তৃপক্ষ কোনও বিতর্ক চায় না"।

বিচারপতি জানতে চান, "আপনারা কি জানেন না বিশ্ব হিন্দু পরিষদের নিজস্ব পাবলিকেশন আছে? এত বছর ধরে অনুমতি দিয়ে আসছেন, তখন মনে হয়নি তাদের লেখা বই স্পর্শকাতর? তাহলে কেন অনুমতি দিলেন?"

জবাবে গিল্ডের তরফে বলা হয়, ১০ জানুয়ারি ইমেল করে পরিষদের কাছে জানতে চাওয়া হয়। কিন্তু, গিল্ডের তরফে এখনও পর্যন্ত কিছুই জানানো হয়নি। সেই কারণে তারা আদালতের দ্বারস্থ হয়েছেন।

গিল্ড সরকারিভাবে স্টল দেওয়া হবে না বলে কোনও প্রমাণ মেলেনি। সেই মামলাই খারিজ করে দেন বিচারপতি সিনহা। প্রসঙ্গত, আগামী ২৮ জানুয়ারি থেকে শুরু হচ্ছে চলতি বছরের বইমেলা। উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বিশ্বের নানা প্রান্ত থেকে বহু দেশ যোগ দেয় এই মেলায়।

## আইসিসির বর্ষসেরা মহিলা ওয়ানডে দলে স্মৃতি মন্ধানা, দীপ্তি শর্মা, পুরুষ দলে ভারতীয় নেই

দুবাই, ২৪ জানুয়ারি (হি.স.) : ভারতের তারকা ব্যাটার স্মৃতি মন্ধানা এবং অলরাউন্ডার দীপ্তি শর্মা শুক্রবার ২০২৪ সালের আইসিসি মহিলা ওয়ানডে অল স্টার দলে নির্বাচিত হয়েছেন, কিন্তু ভারতের পুরুষ প্রতিপক্ষদের মধ্যে কেউই শ্রীলঙ্কা, পাকিস্তান এবং আফগানিস্তানের আধিপত্যপূর্ণ পুরুষদের দলে জায়গা পাননি।

মহিলা অল-স্টার দলে দুই ভারতীয় ছাড়াও ইংল্যান্ডের ৩ জন, অস্ট্রেলিয়ার দুইজন, দক্ষিণ আফ্রিকার দুইজন এবং শ্রীলঙ্কা ও ওয়েস্ট ইন্ডিজের একজন করে খেলোয়াড় রয়েছেন। ২০২৪ সালে ১২ ম্যাচে ৬৯৭ রান করা দক্ষিণ আফ্রিকার ব্যাটার লরা ওলভার্ডকে আইসিসি দলের অধিনায়ক মনোনীত করা হয়েছেন।

ভারতের পুরুষরা অবশ্য আইসিসি একাদশে অনুপস্থিত। এটি গত বছর দেশের হয়ে ওডিআই খারাপ পারফরমেন্সকে দায়ী করা হয়েছে। ২৮ বছর বয়সী মন্ধানা ২০২৪ সালে মহিলাদের ওয়ানডেতে সর্বোচ্চ রান সংগ্রাহক হওয়ার জন্য ১৩ ম্যাচে ৭৪৭ রান সংগ্রহ করে ছিলেন। তিনি আইসিসি মহিলা ওয়ানডে ক্রিকেটার অফ দ্য ইয়ার পুরস্কারের দৌড়ে রয়েছেন।




শুক্রবার কংগ্রেস সদর কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে দলের কর্মকর্তারা।

# হেপাটাইটিস ফাউন্ডেশনের নেশা বিরোধী দিবস উদযাপন




আগরতলা, ২৩ জানুয়ারি : ২৩ জানুয়ারি নেতাজী সুভাষ চন্দ্র বসুর জন্মদিন রাজ্যে নেশা বিরোধী দিবস হিসেবে উদযাপন করেছে হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরা। কর্মসূচির অঙ্গ হিসেবে ফাউন্ডেশনের সদস্যরা রাজ্যের বিভিন্ন স্থানে নেশা বিরোধী সচেতনতা মূলক আলোচনা সভা, বর্নাঢ্য র‍্যালি, কুইজ ইত্যাদির আয়োজন করেছেন। আগরতলায় কেন্দ্রীয় অফিসে ড্রাগসের কুপ্রভাব নিয়ে আলোচনা করেছেন নার্সিং ফ্যাকাল্টি দেবী চক্রবর্তী। অনুষ্ঠানে এইচ এফ টি ইনস্টিটিউট অব নার্সিং সায়েন্সেস এর ছাত্রীরা উপস্থিত ছিল। সভাপতিত্ব করেছেন প্রবীণ সদস্য অশোক চক্রবর্তী। উদয়পুর কমিটির উদ্যোগে অনুষ্ঠিত হয়েছে আলোচনা সভা আলোচনা করেছেন সম্পাদক পার্থ সাহা সহ অন্যান্যরা। খোয়াই শাখার উদ্যোগে হাসপাতালের এমপিএইচ ক্লিনিকে অনুষ্ঠিত হয়েছে আলোচনা সভা। আলোচনা করেছেন ডা জ্ঙ্গুস্ঠ দেবনাথ ও সম্পাদক রামকৃষ্ণ মল্ল বর্মন। সোনামুড়াতেও অনুষ্ঠিত হয়েছে আলোচনা সভা ও র‍্যালি। আলোচনা করেছেন এমপিডাব্লিও খাদিজা বেগম। ঋষ্যমুখ শাখার উদ্যোগে বিলোনিয়া কলেজে এক সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়েছে। আলোচনা করেছেন ডা জগদীশ নমঃ। ফাউন্ডেশনের অন্যান্য শাখা কমিটির উদ্যোগেও বিভিন্ন স্থানে নানা সচেতনতা মূলক অনুষ্ঠান হয়েছে। প্রসঙ্গত, ২০২১ সাল থেকে হেপাটাইটিস ফাউন্ডেশন ২৩ জানুয়ারি নেশা বিরোধী দিবস হিসেবে উদযাপন করে আসছে। এদিন ফাউন্ডেশনের সদস্যগন জাতীয় পতাকা উত্তোলন করে নেতাজীর প্রতি শ্রদ্ধা নিবেদন করে নেশা মুক্ত রাজ্য গঠনের লক্ষ্যে বিভিন্ন ধরনের সচেতনতা মূলক কর্মসূচির আয়োজন করে আসছে।

## অভিযান

● প্রথম পাতার পর

ত্রিপুরা মহিলা পুলিশ, ডি আর পুলিশ, এনসিসি, স্কাউট অ্যান্ড গাইড এবং দুটি বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা। আজকের অনুশীলনে সবাই তাদের পূর্ণ পোশাক পরে প্যারেডের চূড়ান্ত মহড়া সম্পন্ন করে। মহড়ার সময় উপস্থিত ছিলেন ধর্মনগর মহকুমা পুলিশ অফিসারসহ অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকরা। প্রজাতন্ত্র দিবসের প্রস্তুতির এই জমকালো মুহূর্ত স্থানীয়দের মধ্যে যথেষ্ট উৎসাহ সৃষ্টি করেছে।

এদিকে প্রজাতন্ত্র দিবসকে সামনে রেখে আন্তর্জাতিক সীমান্তে কঠোর নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। যেকোনো ধরনের অনুপ্রবেশ প্রতিহত করতে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে বিএসএফকে নির্দেশ দেওয়া হয়েছে। উত্তর ত্রিপুরা জেলার ধর্মনগর মহকুমার ইয়াকুবনগর, ভাগ্যপুর, মালাকার বস্তি প্রভৃতি এলাকায় অবস্থিত ভারত-বাংলাদেশ সীমান্তে ২৬শে জানুয়ারি প্রজাতন্ত্র দিবস উপলক্ষে সীমান্ত সুরক্ষা বাহিনী কঠোর টহলদারি চালিয়ে যাচ্ছে। প্রজাতন্ত্র দিবসের প্রাক্কালে যে কোনো ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা এড়ানোর উদ্দেশ্যে সীমান্তে এই বাড়তি সতর্কতা গ্রহণ করা হয়েছে।

## রাজীব

● প্রথম পাতার পর

পূর্বাঞ্চলকে শ্রেষ্ঠ বানাতে চাইছেন। তাই প্রত্যেককে মিলেমিশে উত্তর পূর্বাঞ্চলকে শ্রেষ্ঠ বানানোর আহবান করেন সাংসদ রাজীব ভট্টাচার্য্য।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

বিজ্ঞাপন বিভাগ
জাগরণ

## জরুরী পরিষেবা



**হাসপাতাল :** জিবি : ২৩৫-৫৮৮৮ আইজিএম : ২৩২-৫৬০৬, টি এম সি : ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স :** একতা সংস্থা : ৯৭৭৪৯৯৮৯৯৬ ব্লু লোটাস ক্লাব : ৯৪৩৬৫৬৮২৫৬, শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল : ২৫১-৯৯০০, সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় : ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ কর্ণেল চৌমুহনী যুব সংস্থা : ৯৮৬২৫৭০১১৬/ সংহতি ক্লাব : ৮৭৯৪১ ৬ ৮২৮১, অনীক ক্লাব : ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, রামকৃষ্ণ ক্লাব : ৮৭৯৪১৬৮৮১ শতদল সংঘ : ৯৮৬২৯৩৯৭৮০, প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) : ৯৭৭৪১১৬৬২৪, রেডক্রস সোসাইটি : ২৩১-৯৬৭৮, টিআরটিসি : ২৩২৫৬৮৫, এগিয়ে চলো সংঘ : ৯৪৩৬১২১৪৮৮, লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় : ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, মানব ফাউন্ডেশন: ২৩২৬১০০। চাইল্ড লাইন : ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক :** জিবি : ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), আইজিএম: ২৩২-৫৭৩৬, আই এল এস : ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ কসমোপলিটন ক্লাব : ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান :** নব অঙ্গীকার ৮৭৯৪৫১৪৩১১, সেন্ট্রাল রোড যুব সংস্থা : ৭৬৪২৮৪৪৬৫৬ বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি : ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, সমাজ কল্যাণ ক্লাব : ৯৭৭৪৬৭০২৪২, সংযোগ সংঘ : ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, ব্লু লোটাস ক্লাব : ৯৪৩৬৫৬৮২৫৬, ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট : ২৩৮-৫৮৫২, ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন : ২৩৮-৬৪২৬, রিলিভার্স : ৮৮৩৭০৫৯৫৯৮, কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন : ৮৯৭৪৫৮১৮১০, ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি : ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) : ৮৭২৯৯১১২৩৬, আগন্তুক ক্লাব : ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন : ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস :** প্রধান স্টেশন : ১০১/২৩২-৫৬৩০, বাধারঘাট : ১০১/২৩৭-৪৩৩৩, কুঞ্জবন : ২৩৫-৩১০১, মহারাজগঞ্জ বাজার : ২৩৮ ৩১০১ **পুলিশ :** পশ্চিম থানা : ২৩২-৫৭৬৫, পূর্ব থানা : ২৩২-৫৭৭৪, আমতলী থানা : ২৩৭-০৩৫৮, এয়ারপোর্ট থানা : ২৩৪-২২৫৮, সিটি কন্ট্রোল : ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ :** বনমালীপুর : ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। দুর্গা চৌমুহনী : ২৩২-০৭৩০, জিবি : ২৩৫-৬৪৪৮। বড়দোয়ালী : ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ আইজিএম : ২৩২-৬৪০৫। **বিমানবন্দর** এয়ার ইন্ডিয়া : ২৩৪১৯০২, ২৩৪-২০২০, এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর : ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, ইন্ডিগো : ২৩৪-১২৬৩, স্পাইস জেট : ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস :** রিজার্ভেশন : ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস :** টি আর টি সি বিল্ডিং : ২৩২-৫৬৮৫। আগরতলা রেলস্টেশন : ০৩৮১-২৩৭৪৫১৫।

# তুলাশিখরে পাঁচ বায়ো ভিলেজের পথ চলা শুরু

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি:** তুলাশিখর ব্লকের অন্তর্গত শীতের স্মৃতি কমিউনিটি হলে আজ বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের মন্ত্রী অনিমেষ দেববর্মার হাত ধরে পথচলা শুরু হয়েছে পঞ্চ বায়োভিলেজ ২.০ প্রকল্প। রাজ্যের বায়োটেকনোলজি দপ্তরের এই অভিনব উদ্যোগ ইতিমধ্যে দেশের নীতি আয়োগ দ্বারা সমাদ্রিত।

এদিন অনুষ্ঠানে মন্ত্রী দপ্তরের উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন এবং এই পর্যন্ত দপ্তর কর্তৃক বাস্তবায়িত ২১ টি বায়ভিলেজ প্রকল্পের সাফল্যের কথা তুলে ধরে। অনুষ্ঠানে ৩১৮ জন সুবিধাভোগীর হাতে ১২৭২ টি এলইডি বাল্ব, ৩১৮ টি করে স্টেট লাইট, ৪৭ টি ব্যাটারি চালিত ১৬ লিটার স্পেয়ার সহ ৩৩০ লিটার জৈব তরল সার বিতরণ করা হয়েছে। প্রসঙ্গত, খোয়াই জেলার তুলাশিখর ব্লকের অন্তর্গত পূর্ব বেহালাবাড়ি, বিদ্যাবিল, পশ্চিম রাজনগর, পশ্চিম চাম্পা ছেড়া এবং পূর্ব তাকছায়া গ্রামগুলো কয়েক মাস আগেও অনেকের অজানা ছিল। বায়োটেকনোলজি দপ্তরের বায়োবিলেজ ২.০ প্রকল্প বাস্তবায়নের ফলে এই পাঁচটি গ্রাম আজ শিরোনামে। প্রত্যেকটি গ্রামই জনজাতি অধ্যুষিত এবং কিছু কিছু ক্ষেত্রে উড়িয়া সম্প্রদায়ের বাস। কথা হচ্ছিলো বায়োটেকনোলজি দপ্তরের জয়েন্ট ডাইরেক্ট অঞ্জন সেনগুপ্ত সাথে যার মাথায় প্রথম এই অভিনব চিন্তা এসেছিল এবং যার সফল বাস্তবায়ন এবং স্বীকৃতি আজ জাতীয় স্তরে। তিনি বলছিলেন এই প্রকল্প লেখার সময়ে কখনো ভাবেন নি যে এটি আজ এক মহিরুহ এর আকার নেবে। গত ২০১৮ সালে প্রথম বায়োভিলেজ ২.০- এর আর্থিক সহায়তা করেছিলো ওনজিসি ত্রিপুরা। দেশের প্রথম একসাথে পাঁচটি জনজাতি বায়োভিলেজ ২.০- উদ্বোধনের তুলাশিখরে নতুন নজির তৈরী হল।

এবিষয়ে সেনগুপ্ত জানান, বর্তমানে ত্রিপুরাতে ২৬টি বায়োভিলেকে কাজ বাস্তবায়িত হয়েছে ন কথা হচ্ছিলো পশ্চিম চাম্পাছেড়া গ্রামের এক জনজাতি রমনির সাথে নাম তার অবলা দেববর্মা। তিনি এই পাঁচ গ্রামের মোট ৩১৮ জন সুবিধাভোগীর একজন। যিনি বায়োভিলেজ ২.০ প্রকল্পে নিজের পছন্দ অনুসারে বিদ্যুৎ সাশ্রয়ী থেকে শুরু করে শূকর ছানা, শূকর প্রতি পালনের জন্য প্রয়োজনীয় রেশন সামগ্রী, সৌরশক্তি চালিত পাম, হাঁসের ছানা ইত্যাদি বায়োটেকনোলজি দপ্তর কর্তৃক বাস্তবায়িত বায়োভিলেজ ২.০ প্রকল্প থেকে পাবেন। এরমধ্যে প্রথম চারটি উপাদান ইতিমধ্যে ঘরে তোলা হয়েছে।

ঠিক একই রকমভাবে পাঁচটি গ্রামের নির্বাচিত বাকি ৩১৭ জন সুবিধাভোগী ও পর্যায়ক্রমে বিদ্যুৎ সাশ্রয়ী শুরু করে কেউবা ছাগলছানা সাথে হাসের ছানা, প্রাণী খাদ্য , মাশরুম, মাছের পোনা আবার কেউবা বিদ্যুৎ সাশ্রয়ী সাথে বায়োগ্যাস ,সৌর চালিত চুল্লি, মৌমাছি পালনের উপাদান, মুরগির ছানা ইত্যাদি পাবেন।

## খড়ের মোড়ল

● আটের পাতার পর

দীর্ঘক্ষন চেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে আনে।

আজ সকালে বাড়ির মালিক খোকন আচার্য্য সাংবাদিকদের জানিয়েছেন, এটি একটি নাশকতামূলক অগ্নিকাণ্ড। তিনি আরো জানিয়েছেন সেই খড়গুলি গরুর খাদ্যের জন্য রেখেছিলেন। তার ঘরের পাশে মোট তিনটি বড় বড় খরের গাদা ছিল তার মধ্যে একটি খরের গাদায় অগ্নিকান্ডের ঘটনায় সম্পূর্ণ খর নষ্ট হয়ে গেছে বলে জানিয়েছেন তিনি। তবে সময়মত অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীরা দমকলের ইঞ্জিন নিয়ে আসায় আরো দুইটি খড়ের মোরাল সহ পাশে থাকা তার রাবার বাগান এবং তার বসত ঘর এই ভয়াবহ অগ্নিকান্ডের হাত থেকে রক্ষা পেয়েছে।

## প্রতিযোগিতা

● আটের পাতার পর

বিধানসভা ।বিশেষ অতিথি ভুলন সাহা, চেয়ারপার্সন, ডুকলি পঞ্চায়েত সমিতি ।চেয়ারম্যান, স্কুল পরিচালন কমিটি আনন্দনগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয় ।সভাপতিত্ব করেন বিমলেন্দু চক্রবর্তী, প্রধান শিক্ষক, আনন্দনগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল ছাত্র-ছাত্রীদের পড়াশোনার পাশাপাশি খেলাধুলা ও শরীর চর্চায় নোযোগী হতে আহ্বান জানান।

## মুখ্যমন্ত্রী

● প্রথম পাতার পর

যুবতীরা এই পলিসির মাধ্যমে আর্থিক সহ বিভিন্ন সহযোগিতা পাবেন। যুবা সম্প্রদায়ের উদ্যোগপতি হওয়ার স্বপ্নপূরণে ত্রিপুরা স্টার্টআপ পলিসি-২০২৪ সহায়ক ভূমিকা নেবে। এই পলিসির লক্ষ্য হচ্ছে যুবক-যুবতীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা। শুধু তাই নয় এই পলিসির মাধ্যমে যুবক-যুবতীরা জব ক্রিয়েটর হিসেবেও নিজেদের তৈরি করতে পারবেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ত্রিপুরা স্টার্টআপ পলিসি, ২০২৪ এর তথ্য সম্বলিত প্রচার বাহনের ফ্ল্যাগঅফ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তথ্য প্রযুক্তিমন্ত্রী প্রণজিৎ সিংহরায়।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা স্টার্টআপ ত্রিপুরা পোর্টালের সূচনা করেন। এছাড়াও ত্রিপুরা স্টার্টআপ ভেঞ্চার ক্যাপিটাল ফান্ড থেকে মুখ্যমন্ত্রী আগস্ত্য এডুটেক স্টার্টআপের সিইও'র হাতে ৭৫ লক্ষ টাকার চেক তুলে দেন এবং আই-লগিট্রন টেকনোলজিস প্রাইভেট লিমিটেড এবং এক্স-লেয়ার টেকনোলজি প্রাইভেট লিমিটেডকে এলিজিবিলিটি সার্টিফিকেট তুলে দেন।

অনুষ্ঠানে মুখ্যসচিব জে কে সিনহা বলেন, উদ্ভাবনী ক্ষেত্রে রাজ্যের যুবক যুবতীদের কৌতূহল লক্ষণীয়। ত্রিপুরায় স্টার্টআপ ইকোসিস্টেমকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে তরুণ উদ্যোগীদের মধ্যে উৎসাহ লক্ষ্য করা যাচ্ছে। রাজ্যে গত তিন বছরে ১২৭টি স্টার্টআপের রেজিস্ট্রেশন হয়েছে। ত্রিপুরা স্টার্টআপ পলিসি বিভিন্ন উদ্ভাবনী ক্ষেত্রে উদ্যোগীদের জন্য সহায়ক হবে। উল্লেখ্য, এই পলিসিতে রাজ্যের বেকার যুবারা ২ লক্ষ টাকার প্রাথমিক পুঁজির সুবিধা, ২০ হাজার টাকা পর্যন্ত মাসিক পরিচালন ব্যয় ভর্তুকি, মহিলা এবং দিব্যাঙ্গজনদের নেতৃত্বাধীন স্টার্টআপগুলির জন্য আরও কিছু সুবিধা দেওয়া হবে। প্রোটোটাইপ পর্যায়ে ১০ লক্ষ টাকা পর্যন্ত সহায়তা, ৫ লক্ষ টাকা পর্যন্ত বিপণন সহায়তা, জিএসটি ব্যয় মেটানো এবং ১০ লক্ষ টাকা পর্যন্ত পেটেন্ট ফাইলিং সাপোর্ট দেওয়া হবে।

অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন তথ্য প্রযুক্তি দপ্তরের সচিব কিরণ গিত্যে ও অধিকর্তা জেয়া রোগুল গেশান বি, মেইটি স্টার্টআপ হাবের সিইও পান্নীরসেলভাম মদনগোপাল এবং তামিলনাড়ু টেকনোলজি হাবের সিইও বনিতা বেণুগোপাল। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলার জেলাশাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল ও অন্যান্য অতিথিগণ।

## বীরজিৎ

● প্রথম পাতার পর

করা হয়নি। এমনকি বন্যা নিয়ন্ত্রণ দপ্তরের পক্ষ থেকে কোনো আধিকারিক বাঁধ পরিদর্শন করেন নি দীর্ঘদিন ধরে। দপ্তরের আধিকারিকদের উদাসীনতার কারনেই মনু নদীর পাড়ের বাঁধ এত শোচনীয় হয়ে রয়েছে। বিধায়ক বিরজিত সিনহা আরও জানান যে, কৈলাসহর মহকুমায় মনু নদীর পাড়ের বাঁধ এবং সুইস গেইট গুলো সংস্কার কিংবা পুনর্নির্মাণ করার দাবীতে আগামীকাল অর্থাৎ ২৫ জানুয়ারি কংগ্রেস দলের পক্ষ থেকে সকাল দশটায় কৈলাসহর-কুমারঘাট রাস্তা অবরোধ করে বিক্ষোভ করা হবে এবং কৈলাসহরের রাঙ্গাউটি গ্রাম পঞ্চায়েতের দেবীপুর এলাকায় ভারত বাংলাদেশের আন্তর্জাতিক সীমান্তের পাশে বাংলাদেশ সরকার অবৈধভাবে যে বাঁধ নির্মাণ করছে তার প্রতিবাদে দুপুর বারোটায় দেবীপুর এলাকায় ভারত বাংলাদেশের আন্তর্জাতিক সীমান্তের উদ্দেশ্যে টিলাবাজার থেকে কংগ্রেস দল লং মার্চ শুরু করবে।

## পরপর চুরি

● প্রথম পাতার পর

সকাল ৯টায় এসে দেখেন দোকানের দরজা খোলা রয়েছে। সাথে সাথে তিনি দোকানে চুরি যাওয়ার বিষয়টি দেখতে পেয়েছেন। চোরের দল হানা নিয়ে বিভিন্ন সামগ্রী নিয়ে পালিয়ে যায়। প্রায় আনুমানিক ২৫ হাজার টাকার জিনিস নিয়ে পালিয়েছে চোর।

তাঁর দাবি, রাতের শহরের নিরাপত্তা ব্যবস্থা বেহাল দশায় পরিণত হয়েছে তার বাস্তব রূপ আরও একবার প্রকাশ্যে বেড়িয়ে আসলো। আগেও তার দোকানে ভয়ানক চুরির ঘটনা সংগঠিত করে নিশি কুটুম্বের দল। এখনও পর্যন্ত ওই ঘটনায় কোন অভিযুক্তকেই আটক করতে পারেনি পুলিশ।

## ছাত্রছাত্রী

● প্রথম পাতার পর

৬ জন মেধাবী পড়ুয়াকে তাঁদের মেধা ও মননের ভিত্তিতে নির্বাচিত করে দিল্লীতে পাঠানো হচ্ছে। তিনি জানান, কেন্দ্রীয় সামাজিক ন্যায়বিচার মন্ত্রকের পক্ষ থেকে সারাদেশে ৪১৫ জন ওবিসি ভুক্ত জনগণকে এই অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানানো হয়েছে। রাজ্য থেকে ১০ জন উপস্থিত থাকার কথা থাকলেও পরীক্ষা ও ব্যক্তিগত কারণে চারজন অংশ নিতে পারছে না। শনিবার এই ৬ জন নয়াদিল্লিতে পৌঁছবে। ছয় জনের মধ্যে উত্তর জেলা, ধলাই, খোয়াই এবং পশ্চিম জেলার ছাত্রছাত্রী রয়েছেন।

## রতন

● প্রথম পাতার পর

উদ্দ্যোগে আয়োজিত আজকের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কৃষিমন্ত্রী রতন লাল নাথ, মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া, বিধায়ক প্রমোদ রিয়াং, বিধায়িকা সপ্না মজুমদার, বিশিষ্ট সমাজসেবী দীপায়ন চৌধুরী সহ অন্যান্যরা।

আজকের মন্ত্রী বলেন, রাজ্য সরকার কৃষকদের মান উন্নয়নে কিকি পদক্ষেপ গ্রহন করেছে ও কি কি কর্মসূচী বাস্তবায়িত হয়েছে তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। আজকের দিনে আয়োজিত অনুষ্ঠানে যে সকল কৃষকরা গ্রেইভস কোম্পানির কৃষিজ সামগ্রী পেয়েছেন তারা সকলে খুবই আনন্দিত।

## যুবক

● প্রথম পাতার পর

নন্দননগরে। ঘটনার বিবরনে জানা যায়, বিদ্যুতের খুঁটিতে আচমকাই উঠে যায় এক যুবক। খুঁটিতেই বিদ্যুৎপৃষ্ঠ হয়ে মাটিতে লুটিয়ে পড়ে সে। সঙ্গে সঙ্গে প্রত্যক্ষদর্শীরা খবর দেয় অগ্নি নির্বাপক দপ্তরে। তারা তড়িঘড়ি ছুটে এসে আহত যুবককে উদ্ধার করে জিবি হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে আসে। আহত যুবকের পরিচয় জানা যায়নি। মূলত আত্মহত্যা করার জন্যেই সে বিদ্যুতের খুঁটিতে উঠেছিল বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে।

## চাঞ্চল্য

● প্রথম পাতার পর

লোকনাথ মন্দিরের বিপরীতে আন্ডার গ্রাউন্ড বিদ্যুৎ লাইনের কন্টোল বক্সে আগুন লাগার দৃশ্য দেখতে পান। সাথে সাথে তাঁরা দমকলবাহিনীকে খবর দিয়েছেন। দমকলকর্মীরা একটি ইঞ্জিন নিয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছে। তাঁরা আসলেও অনেক সময় পর আগুন নিয়ন্ত্রণে আনা হয়। কারণ, যে সংস্থা কন্টোল বক্স বসিয়েছে সেই কোম্পানির কর্মীরা আসার পর আগুন নেভানো হয়েছে। এদিকে, ঘটনাস্থলে ছুটে গিয়েছে বিদ্যুৎ কর্মীরা। তাদের প্রচেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। ফলে, বড়সড় অগ্নিকান্ড থেকে অল্পে রক্ষা পেয়েছে গোটা এলাকা এমনটাই অভিমত এলাকাবাসীর।

# কুয়াশার দাপটে জনজীবন বেকায়দায়; ফেরি, রেল ও সড়কপথে বিঘ্ন

কলকাতা, ২৪ জানুয়ারি (হি. স. ) : ভোররাত থেকেই ছিল ঘন কুয়াশার আস্তরণ। এর দাপটে রাজ্যবাসী বেকায়দায়। রেলপথ থেকে সড়কপথে এবং জলপথ ও আকাশপথে দুর্ভোগে পড়তে হল। পূর্ব ও দক্ষিণ পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক এর দফতরের তরফেও এ নিয়ে বিস্তারিত জানানো হয়েছে।

গ্রাম বাংলার পাশাপাশি শহর কলকাতা কুয়াশায় আচ্ছন্ন শুক্রবার। হাওড়া থেকে ফেরি সার্ভিস বেলা পর্যন্ত বন্ধ থাকে। আলো ফুটতেই এরপর লঞ্চ সার্ভিস চালু করা হয়েছে। হুগলি নদী জলপথ পরিবহন থেকে এই তথ্য মিলেছে। এদিকে, বিমান অবতরণেও যথেষ্ট দেরি হয়েছে। নিরাপত্তার কারণেই এই ব্যবস্থা বলে জানিয়েছেন বিমানবন্দর কর্তৃপক্ষ।

উল্লেখ্য, আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী কিছু দিন এমনই কুয়াশা থাকতে পারে। এদিন কলকাতা সহ উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, বীরভূম, মুর্শিদাবাদ, পশ্চিম বর্ধমান, ও নদীয়া জেলা কুয়াশা আচ্ছন্ন ছিল।

# উত্তর প্রদেশ এখন "উত্তম প্রদেশ"-এ পরিণত হয়েছে : উপরাষ্ট্রপতি

লখনউ, ২৪ জানুয়ারি (হি.স.): উত্তর প্রদেশ এখন "উত্তম প্রদেশ"-এ পরিণত হয়েছে। জোর দিয়ে বললেন উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড়। লখনউতে "উত্তর প্রদেশ দিবস"-এর উদ্বোধনী অনুষ্ঠানে শুক্রবার উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় বলেছেন, 'ইতিহাস এই সত্যের সাক্ষী যে, যে রাজ্যে যোগীদের পটভূমি আছে, সেই রাজ্যের ভাগ্য এখন সমর্থ। এখন একজন যোগীর হাতে উত্তর প্রদেশ, যা "উত্তম প্রদেশ" হয়ে গেছে।' উত্তর প্রদেশ প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে লখনউতে আয়োজিত "উত্তর প্রদেশ দিবস"-এর উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড়। এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ বলেছেন, এই বছরটি আমাদের সবার জন্য গুরুত্বপূর্ণ। এই শতাব্দীর প্রথম মহাকুম্ভ শুরু হয়েছে ১৩ জানুয়ারি - পৌষ পূর্ণিমায়। গত ১০ দিনে দেশ এবং বিশ্বজুড়ে ১০ কোটিরও বেশি ভক্ত ত্রিবেণী সঙ্গমে পবিত্র ডুব দিয়েছেন।

# আগামীকাল জাতীয় ভোটার দিবস, এই উপলক্ষ্যে নানা অনুষ্ঠানের আয়োজন

কলকাতা, ২৪ জানুয়ারি (হি.স.): আগামীকাল ২৫ জানুয়ারি, জাতীয় ভোটার দিবস। এই উপলক্ষ্যে ওই দিন দেশের অন্যান্য অংশের সঙ্গে পশ্চিমবঙ্গেও দিনটি যথাযথ মর্যাদায় পালন করা হবে। রাজ্য স্তরের মূল অনুষ্ঠানটি হবে কলকাতার ভাষা ভবন অডিটোরিয়ামে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের পরিচালনায় আয়োজিত ওই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রাজ্যের মুখ্য সচিব মনোজ পন্থ। এছাড়া রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক দিবেন্দু দাস ও উপস্থিত থাকবেন। উল্লেখ্য, দেশের গণতান্ত্রিক কাঠামো সম্পর্কে ভোটারদের অবগত করা, নবাগত তরুণ ভোটারদের ভোটার তালিকায় নাম নথিভুক্তকরণে উৎসাহিত করা হল জাতীয় ভোটার দিবসের মূল লক্ষ্য। জাতীয় ভোটার দিবস উপলক্ষ্যে আগামীকাল কলকাতার ভাষা ভবনে রাজ্য স্তরের মূল অনুষ্ঠান সম্পর্কে রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী বলেন

# ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ জয়শঙ্করের

নয়াদিল্লি, ২৪ জানুয়ারি (হি.স.): বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর শুক্রবার নতুন দিল্লিতে ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি প্রবোও সুবিয়ান্তোর সঙ্গে সাক্ষাৎ করেছেন। ডঃ জয়শঙ্কর এই সাক্ষাতের পর এক্স মাধ্যমে জানিয়েছেন, ভারতের ৭৬-তম প্রজাতন্ত্র দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি অংশগ্রহণ করবেন। এতে দু'দেশের পারস্পরিক সম্পর্ক আরও সুদৃঢ় হবে।

এস জয়শঙ্কর নিজের এক্স হ্যান্ডেলে জানান, ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি প্রবোও সুবিয়ান্তোর সঙ্গে সাক্ষাৎ করে আনন্দিত। আমাদের দ্বিপাক্ষিক সম্পর্কের উন্নয়নের জন্য তাঁর ভাবনা মূল্যবান।

# রাজ্য সরকার ডাক্তারদের বিরুদ্ধে, তোপ শুভেন্দু অধিকারীর পাল্টা কটাক্ষ কুণালের

কলকাতা, ২৪ জানুয়ারি (হি.স.): স্যালাইন কাণ্ডে রাজ্য সরকারের তীব্র সমালোচনা করলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তাঁর কথায়, রাজ্য সরকার ডাক্তারদের বিরুদ্ধে। পাল্টা কুণাল আক্রমণ করেছেন শুভেন্দুকে। মেদিনীপুর মেডিক্যাল কলেজে মেয়াদোত্তীর্ণ স্যালাইন দেওয়ার কারণে প্রসবের পরে এক মহিলার মৃত্যুর ঘটনায় বিজেপি নেতা ও কর্মীরা শুক্রবার বিক্ষোভ মিছিল করেছেন। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী-সহ অনেক বিজেপি নেতৃবৃন্দ ওই মিছিলে পা মেলান। শুভেন্দু এদিন বলেছেন, 'শুধু চিকিৎসকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। আরএল স্যালাইন কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া উচিত ছিল। ডাক্তারদের সেল গভর্নরের কাছে যাচ্ছে এবং আমিও তাঁদের সঙ্গে যাব। সংস্থার বিরুদ্ধে কোনও এফআইআর দায়ের করা হয়নি এবং এমনকি কাউকে গ্রেফতারও করা হয়নি। তাঁরা (রাজ্য সরকার) চিকিৎসকদের বিরুদ্ধে।'

এই অভিযোগ প্রসঙ্গে তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ বলেছেন, 'শুভেন্দু অধিকারী যা বলছেন তা ভুল। ইতিমধ্যেই স্যালাইনের (কোম্পানি) বিরুদ্ধে তদন্ত চলছে। নমুনা পুনরায় পরীক্ষার জন্য পাঠানো হয়েছে। কিছু ডাক্তার দায়িত্বজ্ঞানহীন মনোভাব দেখিয়েছেন। দায়িত্বপ্রাপ্ত সিনিয়র চিকিৎসকরা উপস্থিত ছিলেন না। জুনিয়র ডাক্তারদের অপারেশন থিয়েটারে পাঠানো হয়।'

স্যালাইন কাণ্ডে তদন্ত হওয়া উচিত, আর পুলিশ তা করছে : কুণাল ঘোষ

কলকাতা, ২৪ জানুয়ারি (হি.স.): স্যালাইন কাণ্ডে তদন্ত হওয়া উচিত, আর পুলিশ তা করছে। এমনটাই মন্তব্য করলেন তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী শুক্রবার অভিযোগ করেন, সরকার ডাক্তারদের বিরুদ্ধে। এই অভিযোগ খারিজ করে দিয়ে কুণাল বলেছেন, 'শুভেন্দু অধিকারী যা বলছেন তা ভুল। ইতিমধ্যেই স্যালাইনের (কোম্পানি) বিরুদ্ধে তদন্ত চলছে। নমুনা পুনরায় পরীক্ষার জন্য পাঠানো হয়েছে। কিছু ডাক্তার দায়িত্বজ্ঞানহীন মনোভাব দেখিয়েছেন। দায়িত্বপ্রাপ্ত সিনিয়র চিকিৎসকরা উপস্থিত ছিলেন না। জুনিয়র ডাক্তারদের অপারেশন থিয়েটারে পাঠানো হয়।'

কুণাল ঘোষ আরও বলেছেন, 'এ বিষয়ে (স্যালাইন কাণ্ড) তদন্ত হওয়া উচিত এবং পুলিশ তা করছে। এতে তাঁদের সহযোগিতা করা উচিত, ভয় পাওয়ার কী আছে?... তদন্তে তাঁর (শুভেন্দু অধিকারীর) কী সমস্যা? তাঁরা কি সমর্থন করছেন যে, সিনিয়র সরকারি ডাক্তাররা নিজেদের দায়িত্ব পালন করেন না এবং জুনিয়র ডাক্তাররা ওটিতে গুরুতর অপারেশন করবেন এবং একজন রোগী নিজের জীবন হারান? তাঁরা কি এটা সমর্থন করছে?'

# স্যালাইন কাণ্ডে তদন্ত হওয়া উচিত, আর পুলিশ তা করছে : কুণাল ঘোষ

কলকাতা, ২৪ জানুয়ারি (হি.স.): স্যালাইন কাণ্ডে তদন্ত হওয়া উচিত, আর পুলিশ তা করছে। এমনটাই মন্তব্য করলেন তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী শুক্রবার অভিযোগ করেন, সরকার ডাক্তারদের বিরুদ্ধে। এই অভিযোগ খারিজ করে দিয়ে কুণাল বলেছেন, 'শুভেন্দু অধিকারী যা বলছেন তা ভুল। ইতিমধ্যেই স্যালাইনের (কোম্পানি) বিরুদ্ধে তদন্ত চলছে। নমুনা পুনরায় পরীক্ষার জন্য পাঠানো হয়েছে। কিছু ডাক্তার দায়িত্বজ্ঞানহীন মনোভাব দেখিয়েছেন। দায়িত্বপ্রাপ্ত সিনিয়র চিকিৎসকরা উপস্থিত ছিলেন না। জুনিয়র ডাক্তারদের অপারেশন থিয়েটারে পাঠানো হয়।'

কুণাল ঘোষ আরও বলেছেন, 'এ বিষয়ে (স্যালাইন কাণ্ড) তদন্ত হওয়া উচিত এবং পুলিশ তা করছে। এতে তাঁদের সহযোগিতা করা উচিত, ভয় পাওয়ার কী আছে?... তদন্তে তাঁর (শুভেন্দু অধিকারীর) কী সমস্যা? তাঁরা কি সমর্থন করছেন যে, সিনিয়র সরকারি ডাক্তাররা নিজেদের দায়িত্ব পালন করেন না এবং জুনিয়র ডাক্তাররা ওটিতে গুরুতর অপারেশন করবেন এবং একজন রোগী নিজের জীবন হারান? তাঁরা কি এটা সমর্থন করছে?'

# মনসুখের সঙ্গে দীর্ঘ কথা, শিলিগুড়িতে আন্তর্জাতিক মানের স্টেডিয়াম গড়ার দাবি শঙ্করের

কলকাতা, ২৪ জানুয়ারি (হি. স.) : কেন্দ্রীয় ক্রীড়া ও যুবকল্যাণ মন্ত্রী ড. মনসুখ মান্ডভিয়ার কাছে উত্তরবঙ্গের জন্য এক বিশেষ অনুরোধ জানালেন শিলিগুড়ির বিজেপি বিধায়ক শঙ্কর ঘোষ। শিলিগুড়িতে আন্তর্জাতিক মানের এক স্টেডিয়াম নির্মাণের দাবি করেছেন তিনি। সেই সঙ্গে তিনি ক্রীড়ার উন্নয়নের সুবিধার্থে প্রশাসনিক দফতর চালু করার আর্জি পেশ করেন। সম্প্রতি দিল্লিতে একটি কর্মশালায় যোগদান করতে গিয়েছিলেন শঙ্কর। সেই সময় মনসুখের সঙ্গে তাঁর দেখা হয়নি।

তবে, আজ কেন্দ্রীয় ক্রীড়া এবং যুব কল্যাণ দফতরের থেকে যোগাযোগ করা হয় শঙ্করের সঙ্গে। মন্ত্রী ফোনে শঙ্করের সঙ্গে কথা বলেন।

# ৩৮ তম জাতীয় গেমসে উত্তরাখন্ডে ৩৯৫ জনের বাংলা দল, ৮টি ইভেন্টে যোগদান

কলকাতা, ২৪ জানুয়ারি (হি.স.) : উত্তরাখন্ডে বসছে জাতীয় গেমসের আসর। চলতি মাসের ২৮ তারিখ থেকে আরম্ভ হবে ৩৮ তম জাতীয় গেমস। চলবে আগামী মাসের ১৪ ফেব্রুয়ারি পর্যন্ত। ইতিমধ্যেই বাংলার যোগদান ঘোষণা করা হয়েছে। এই রাজ্যের প্রতিযোগীর সংখ্যা - ৩১৪ জন। বালক বিভাগে ২০০ জন ও বালিকা বিভাগে ১১৪ জন নির্বাচিত হয়েছে। বেঙ্গল অলিম্পিক অ্যাসোসিয়েশন সংক্ষেপে বি ও এ - র সাধারণ সম্পাদক, জহর দাস শুক্রবার নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে রাজ্য ক্রীড়া সংস্থার দফতরে এক সাংবাদিক সম্মেলনে এ নিয়ে বিস্তারিত জানিয়েছেন। তিনি বলেন, সেখানে মোট ২৫ টি ডিসিপ্লিনের মধ্যেই ৮টি ইভেন্টে রাজ্য স্তরে বাংলার কৃতিরা যোগদান করবে। ৩৯৫ জন বাংলা থেকে সেখানে যাচ্ছেন। ২০০ জন পুরুষ ও ১১৪ জন মহিলা রয়েছে বাংলার জাতীয় দলে। এছাড়াও কোচ এবং কর্মকর্তারাও রয়েছেন। বাংলা দলের শেফ দ্য মিশন হয়েছেন বিশ্বরূপ দে। ডেপুটি হিসেবে রয়েছেন অনিমেষ রায়। সব মিলিয়ে বাংলা দল উত্তরাখন্ডে শীঘ্রই যাচ্ছে। সেখানে নয়টি স্থানে একযোগে চলবে এই জাতীয় স্তরের প্রতিযোগিতা।

# াঙ্গন

## রঞ্জি : ভিত শক্ত করে এগোচ্ছে সার্ভিসেস এমবিবি-তে ত্রিপুরার এখন বোলার ভরসা

ত্রিপুরা - ২১২ সার্ভিসেস - ১১৪/১

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। ত্রিপুরাকে চেপে ধরলো সার্ভিসেস। শনিবার তৃতীয় দিনের শুরুতে যদি ত্রিপুরার বোলাররা জ্বলে উঠতে না পারেন তাহলে অনায়াসে লিভ নিয়ে নেবে সফররত সার্ভিসেস। এবং বড় ব্যবধানে লিড নিয়ে সরাসরি জয়ের জন্য ঝাঁপাবে। দ্বিতীয় দিনের শেষে আপাতত চালকের আসনে বসতে চাইছে সার্ভিসেস। রঞ্জি ট্রফি ক্রিকেটে। এমবিবি স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে ত্রিপুরার ২১২ রানের জবাবে দ্বিতীয় দিনের শেষে সার্ভিসেস এক উইকেট হারিয়ে ১১৪ রান করে। মূলত রাজ্য ক্রিকেট সংস্থার কর্তাদের এক ঘুয়েমি মনোভাবের ফলে চাপে ত্রিপুরা। কোমরের চোট থাকা অভিজিৎ সরকারের পরিবর্তে একজন ভালো মানের বোলার দলে নেওয়ার প্রয়োজনীয়তা উপলব্ধি করেননি রাজ্য সংস্থার কর্তারা। যার খেসারত দিতে হচ্ছে দলকে। বোলিং সহায়ক উইকেটে যদি অজয় সরকারকে নেওয়া হতো তাহলে হয়তোবা সফররত দলকে কিছুটা চাপে রাখতে পারতো দল। প্রথম দিনের চার উইকেটে ১১৪ রান নিয়ে খেলতে নেমে ত্রিপুরার ইনিংস গুটিয়ে যায় ২১২ রানে। ত্রিপুরার পক্ষে দুই অপরাজিত ব্যাটসম্যান শরৎ ১৩৭ বল খেলে দশটি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারির সাহায্যে ছিয়াত্তর এবং রজত দে ১১৩ বল খেলে ছয়টি বাউন্ডারির সাহায্যে ৪০ রান করেন। ওই দুজন ছাড়া মনি শংকর মুড়াসিং ৩৭ বল খেলে দুটি বাউন্ডারি সাহায্যে ১৮ এবং অর্জুন দেবনাথ ২৬ বল খেলে দুটি বাউন্ডারির সাহায্যে ১৫ রান করেন। সার্ভিসেসের পক্ষে বরুণ চৌধুরী ৩৯ রানে, পুলকিত নারাং ৪৪ রানে তিনটি করে উইকের দখল করেন। জবাবে খেলতে নেমে প্রথম দিনের শেষে সফররত সার্ভিসেস ৩৩ ওভার ব্যাট করে এক উইকেট হারিয়ে ১১৪ রান করে। দিনের শেষে ওপেনার এস জি রুহিল্লা ৮৮ বল খেলে দশটি বাউন্ডারির সাহায্যে ৫৭ রানে এবং এ পি শর্মা ৭১ বল খেলে দুটি বাউন্ডারির সাহায্যে ২৬ রানে অপরাজিত রয়েছেন। কুমার পাঠকের উইকেটটি তুলে নেন অর্জুন দেবনাথ। কুমার ৩৩ বল খেলে তিনটি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারির সাহায্যে কুড়ি রান করেন। সার্ভিসেস এখন ৯৮ রানে পিছিয়ে রয়েছে।

## অনূর্ধ ১৫ ক্রিকেটে বাধারঘাটকে হারিয়ে জয় অব্যাহত দশমীঘাট কোচিং সেন্টারের

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। টানা দ্বিতীয় জয় পেলো দশমীঘাট কোচিং সেন্টার। প্রথম ম্যাচে জুয়েলসের কাছে ১৩০ রানে হেরে কিছুটা পিছিয়ে পড়লেও দ্বিতীয় ম্যাচেই জয় ফিরে ফিরেছিল পোলস্টারকে ৪ উইকেটে হারিয়ে। শুক্রবার পাঁচ উইকেটে পরাজিত করলো দুর্বল বাধারঘাট কোচিং সেন্টারকে।

রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত সদর অনূর্ধ- ১৫ ক্রিকেটে। নীপকো মাঠে হয় ম্যাচটি।

এ দিন সকালে টসে জয়লাভ করে প্রথম ব্যাট করতে নেমে বাধারঘাট কোচিং সেন্টার ১৬১ রান করে। দলের পক্ষে অর্পণ বিশ্বাস ৫৩ বল খেলে আটটি বাউন্ডারি ও দুটি ওভার বাউন্ডারির সাহায্যে ৫২, দিপজয় দাস ৭৫ বল খেলে সাতটি বাউন্ডারি ও দুটি ওভার বাউন্ডারির সাহায্যে ৪৬ এবং রোহিত সরকার ৩২ বল খেলে দুটি বাউন্ডারির সাহায্যে কুড়ি রান করে। দল অতিরিক্ত খেতে পায় ২৯ রান। দশমিঘাটের পক্ষে ঋতমান দাস ১৩ রানে এবং জয়ন্ত সাহা ৩৭ রানে দুটি করে উইকেট দখল করে। জবাবে খেলতে নেমে দশমীঘাট কোচিং সেন্টার ২৭.১ ওভারে পাঁচ উইকেট হারিয়ে যাওয়ার জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। দলের পক্ষে প্রশান্ত বিশ্বাস ২৩ বল খেলে পাঁচটি বাউন্ডারির দুটি ওভার বাউন্ডারির সাহায্যে ৩৬, জয়ন্ত সাহা ১৬ বল খেলে একটি বাউন্ডারি ও তিনটি বাউন্ডারির সাহায্যে ২৩, বিপ্রজিত দাস ৩৭ বল খেলে তিনটি বাউন্ডারির সাহায্যে ১৮ এবং অর্ণব দাস ৩৫ বল খেলে তিনটি বাউন্ডারি সাহায্যে ১৫ রান করে। দল অতিরিক্ত খেতে পায় ৪৭ রান।

## জার্সিতে থাকবে পাকিস্তানের নাম, আইসিসি-র হুঁশিয়ারির পরেই মত বদল ?

চ্যাম্পিয়ন্স ট্রফিতে ভারতের জার্সিতে থাকবে পাকিস্তানের নাম। সংবাদ সংস্থা পিটিআই-কে এমনটাই জানিয়েছেন ভারতীয় ক্রিকেট বোর্ডের সচিব দেবজিৎ শইকীয়া। ভারতীয় দলের জার্সিতে পাকিস্তানের নাম না থাকার বিষয়টি ভুয়ো খবর বলে উড়িয়ে দিয়েছেন তিনি।

পাকিস্তান ক্রিকেট বোর্ডের এক কর্তা জানিয়েছিলেন, ভারত না কি জার্সিতে আয়োজক দেশ পাকিস্তানের নাম রাখতে চাইছে না। যা সত্যি নয় বলে জানিয়েছেন শইকীয়া। তিনি বলেন, "চ্যাম্পিয়ন্স ট্রফিতে আইসিসি-র নিয়ম মেনেই জার্সি পরবে ভারত। অন্য সব দেশ যেমন ভাবে লোগো রাখবে, আমরাও তেমনটাই রাখব।"

নিয়ম অনুযায়ী, আইসিসি-র প্রতিযোগিতায় আয়োজক দেশের নাম সব দেশের জার্সিতে থাকবে। সাধারণত জার্সির বাঁ দিকে প্রতিযোগিতার লোগো এবং আয়োজক দেশের নাম থাকে। কিন্তু ভারতীয় দল জার্সিতে পাকিস্তানের নাম রাখতে রাজি নয় বলে শোনা গিয়েছে। যদিও এই বিষয়ে বোর্ডের কোনও কর্তা কিছু জানাননি। কিন্তু জার্সি নিয়ে বিতর্ক শুরু হয়ে গিয়েছে।

জল্পনার উদ্রেক হয়েছিল এক সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে পাকিস্তানের এক কর্তার কথায়।

তিনি বলেছিলেন, "বিসিসিআই ক্রিকেটের মধ্যে রাজনীতি নিয়ে আসছে। এটা খেলার জন্য ভাল নয়। ওরা পাকিস্তানে আসতে চায়নি। অধিনায়ককেও ছবি তোলার জন্য পাঠাতে রাজি নয়। এখন শুনছি, জার্সিতে পাকিস্তানের নামও রাখতে চাইছে না। আশা করব আইসিসি এমনটা হতে দেবে না।"

ভারত যদি জার্সিতে আয়োজক দেশের নাম না রাখত তা হলে, তাদের শাস্তিও হতে পারত। আন্তর্জাতিক ক্রিকেট সংস্থা (আইসিসি) সরকারি ভাবে কিছু না জানালেও শোনা গিয়েছে, তারা ভারতীয় বোর্ডকে হুঁশিয়ারি দিয়েছিল। তার পরেই বিসিসিআই সচিব জানালেন ভারতীয় দলের জার্সিতে থাকবে পাকিস্তানের নাম।

## ডোপ পরীক্ষায় বসতে হবে সূর্যকুমার, বুমরাহ, হার্দিককে

ডোপ পরীক্ষা দিতে হবে জসপ্রীত বুমরাহ, সূর্যকুমার যাদব এবং হার্দিক পাণ্ড্যকে। ন্যাশনাল অ্যান্টি ডোপিং এজেন্সি (নাডা) যে তালিকা প্রকাশ করেছে, তাতে রয়েছে এই তিন ক্রিকেটারের নাম। ২০২৫ সালে যে কোনও সময় পরীক্ষা দিতে হবে তাঁদের।

ভারতের পুরুষ এবং মহিলা দলের একাধিক ক্রিকেটারের নাম রয়েছে নাডার তালিকায়। প্রায় সব ক্রিকেটারকেই রাখা হয়েছে নাডার তালিকায়। তাঁদের পরীক্ষা দেওয়া বাধ্যতামূলক। তালিকায় যাঁদের নাম নেই, তাঁদেরও পরীক্ষা দিতে হতে পারে। তালিকায় নাম রয়েছে ঋষভ পন্থ, শ্রেয়স আয়ার, লোকেশ রাহুল, শুভমন গিল, যশস্বী জয়সওয়াল, আরশদীপ সিংহ, সঞ্জু স্যামসন, তিলক বর্মার নাম। মহিলা ক্রিকেটারদের মধ্যে শেফালি বর্মা, রেণুকা সিংহ ঠাকুর, দীপ্তি শর্মাদের নাম রয়েছে।

তালিকায় থাকা খেলোয়াড়দের জানাতে হবে বছরের কোন সময় তাঁরা কোথায় থাকবেন। প্রতিযোগিতা নেই এমন সময় খেলোয়াড়দের বলা জায়গায় পৌঁছে যাবেন নাডা কর্তৃপক্ষ। ডোপ পরীক্ষার জন্য খেলোয়াড়দের নমুনা সংগ্রহ করা হবে। দিতে হবে ফোন নম্বর, ইমেল আইডি, বাড়ি ঠিকানা। নাডা কর্তৃপক্ষ খেলোয়াড়দের নমুনা সংগ্রহের দিন জানাবেন। সেই নির্দিষ্ট দিনে প্রস্তুত থাকতে হবে সংশ্লিষ্ট খেলোয়াড়কে এবং পরীক্ষার জন্য অন্তত এক ঘণ্টা সময় রাখতে হবে। নিয়ম অনুযায়ী কোনও খেলোয়াড় পর পর তিন বার নাডার নির্দিষ্ট দিনে পরীক্ষা না দিলে, তাঁকে ডোপিংয়ের দায়ে শাস্তি পেতে হয়।

ক্রিকেটারদের সাধারণত প্রতি বছর তালিকায় রাখে না নাডা। ভারতীয় দলের সূচি এবং ক্রিকেটারদের সুবিধা মতো ডোপ পরীক্ষা করা হয়। এর আগে ২০২০ সালে নাডার তালিকায় নাম ছিল রবীন্দ্র জাডেজা, চেতেশ্বর পুজারা, স্মৃতি মন্ধানা, দীপ্তি শর্মার।

## ভারতীয় দলের ড্রেসিংরুমের খবর ফাঁস করছেন তরুণ তারকা !

বর্ডার-গাভাসকর ট্রফি। সাম্প্রতিক সময়ে ভারতীয় ক্রিকেটের সবচেয়ে বিতর্কিত সিরিজ। অশ্বিনের অবসর, রোহিতের নিজেকে সরিয়ে নেওয়া, ড্রেসিংরুমে অশান্তির পাশাপাশি এই সিরিজে ড্রেসিংরুম থেকে খবর ফাঁস হওয়ার মতো কাণ্ডও ঘটেছে। যা নিয়ে নানাবিধ প্রশ্ন উঠছে ক্রিকেট মহলে। কিন্তু টিম ইন্ডিয়ার হাঁড়ির খবর বাইরে আনছেন কে? ড্রেসিংরুমের অন্দরের ভিলেনটি কে?

বোর্ড সূত্রের খবর, ড্রেসিংরুমের ওই 'ভিলেন'টিকে খুঁজে পেয়ে গিয়েছেন কোচ গৌতম গম্ভীর। ভারতীয় দল অস্ট্রেলিয়া থেকে ফেরার পর বিসিসিআই যে রিভিউ মিটিংয়ে বসেছিল তাতে নাকি বোর্ড কর্তাদের সেই ক্রিকেটারের নামও বলেছেন গম্ভীর। কোনও সিনিয়র তারকা ওই কাণ্ড ঘটাননি। গম্ভীরের দেওয়া রিপোর্ট অনুযায়ী কাণ্ডটি ঘটিয়েছেন টিম ইন্ডিয়ার তরুণ তারকা সরফরাজ খান। এমনটাই দাবি করা হয়েছে এক সর্বভারতীয় সংবাদমাধ্যমের রিপোর্টে।

বোর্ড সূত্রের খবর, বিসিসিআইকে গম্ভীর যে রিপোর্ট দিয়েছেন সেই রিপোর্ট অনুযায়ী ড্রেসিংরুমের খবর সাংবাদিকদের হাতে দিয়েছেন তরুণ মুম্বইকরই। যদিও সরকারিভাবে বিসিসিআই এ নিয়ে মুখ খোলেনি।

আসলে বর্ডার-গাভাসকর ট্রফিতে মেলবোর্নে টেস্ট হারের পর ড্রেসিংরুমে মেজাজ হারিয়েছিলেন ভারতীয় কোচ। শোনা যায় হারের পর নাকি ক্রিকেটারদের সঙ্গে বাকবিতণ্ডায় জড়ান কোচ গৌতম গম্ভীর। তাঁর রোষে পড়েন অধিনায়ক রোহিত শর্মা থেকে শুরু করে বিরাট কোহলিও। ঋষভ পন্থের দায়িত্ববোধ নিয়ে প্রশ্ন তোলেন তিনি। সেই সব খবর সংবাদমাধ্যমে ফাঁস হয়ে যায়। যা নিয়ে রীতিমতো বিতর্ক বেঁধে যায়। এভাবে ড্রেসিংরুমের খবর বাইরে যাওয়া ভারতীয় দলের সাজঘরের পরিবেশ নিয়ে প্রশ্ন তুলে দেয়। সর্বভারতীয় সংবাদমাধ্যমের দাবি অনুযায়ী, কাণ্ডটি ঘটিয়েছেন সরফরাজ খান, আর সেটা গৌতম গম্ভীরের রিপোর্টেই প্রকাশ্যে এসেছে।

## সদর ক্রিকেটে জুয়েলসকে হারিয়ে জয়ের ধারা অব্যাহত চাম্পামুড়া কোচিং সেন্টারের

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। জয়ের ধারা অব্যাহত রেখে এগোচ্ছে চাম্পামুড়া কোচিং সেন্টার। দ্বিতীয় ম্যাচেও দুর্দান্ত জয় পেয়েছে, ৮৬ রানের ব্যবধানে, জুয়েলস কোচিং সেন্টার কে হারিয়ে। খেলা টিসিএ আয়োজিত অনূর্ধ ১৫ এ গ্রুপের লীগ পর্যায়ের। তালতলা স্কুল গ্রাউন্ডে কুয়াশাচ্ছন্ন সকালে ম্যাচ শুরু হতে প্রায় দুই ঘন্টা অপেক্ষা করতে হয়েছে। অতঃপর ম্যাচ শুরুতে টস জিতে চাম্পামুড়া কোচিং সেন্টার প্রথমে ব্যাটিংয়ের সিদ্ধান্ত নেয়। ৩৬ ওভারে সব কটি উইকেট হারিয়ে ১৫৩ রান সংগ্রহ করতে সক্ষম হয়। পাল্টা ব্যাট করতে নেমে জুয়েলস কোচিং সেন্টার ২৫.২ ব্যবহার খেলে ৬৭ রানে ইনিংস গুটিয়ে নিতে বাধ্য হয়। বিজয়ী দলের আকাশ দেবনাথ (৭-৩-১৩-৫) দুর্দান্ত বোলিংয়ের সৌজন্যে প্লেয়ার অব দ্যা ম্যাচের খেতাবও পায়। ব্যাটিংয়ে অয়ন দেবনাথের ৪৭ রান, সন্দীপন দাসের ২৮ রান এবং শুভজিৎ ভট্টাচার্য্যের ২৭ রান বেশ উল্লেখযোগ্য। বোলিংয়ে নিলয় শীল ২১ রানে তিনটি উইকেট পেয়েছিল। জুয়েলসের অভয় দেব সিংও তিনটি উইকেট পেয়েছে ৩১ রানের বিনিময়ে।

## রোহিত ৩, যশস্বী ৪, শুভমন ৪ ! রঞ্জিতেও রান পেলেন না শর্মা, ব্যর্থ বাকি দুই ব্যাটারও

রান নেই রোহিত শর্মার ব্যাটে। শুধু আন্তর্জাতিক ক্রিকেটে নয়, ঘরোয়া ক্রিকেটেও ব্যর্থ ভারত অধিনায়ক। মুম্বইয়ের হয়ে রঞ্জি খেলতে নেমে মাত্র ৩ রান করে জম্মু-কাশ্মীরের অনামি বোলারের হাতে আউট হলেন রোহিত। একই হাল ভারতের জাতীয় দলের আরও দুই ব্যাটার যশস্বী জয়সওয়াল ও শুভমন গিলের। দু'জনেই ৪ রান করে আউট হয়েছেন।

মুম্বইয়ের শরদ পওয়ার ক্রিকেট অ্যাকাডেমির মাঠে জম্মু-কাশ্মীরের বিরুদ্ধে খেলতে নেমেছে মুম্বই। ওপেন করতে নামেন রোহিত ও যশস্বী। সকলের নজর ছিল তাঁদের দিকে। জম্মু-কাশ্মীরের বোলিং আক্রমণে তেমন নামকরা কেউ নেই। তাঁদের কাছেই আটকে গেলেন রোহিতেরা।

প্রথমে আউট হন যশস্বী। আট বল খেলে ৪ রানের মাথায় আকিব নবির বলে এলবিডব্লিউ হন তিনি। একটি মাত্র চার মারেন যশস্বী। রোহিত শুরু থেকে ধরে খেলছিলেন। তাড়াহুড়ো করেননি। কিন্তু তাতে বিশেষ সুবিধা হল না তাঁর। ১৯ বল খেলে ৩ রান করে আউট রোহিত। উমরান নাজিরের বল ফ্লিক করতে যান। ব্যাটের কানায় লেগে বল উঠে যায়। ঠিক একই ভাবে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে গোলাপি বলের টেস্টে আউট হয়েছিলেন রোহিত। পুল করতে গিয়েও থমকে গিয়েছিলেন। এই ম্যাচেও সেটা দেখা গেল। লাল বলের বিরুদ্ধে রোহিতের দুর্বলতা আরও এক বার প্রকাশ্যে এল।

একই হাল শুভমনেরও। বেঙ্গালুরুর চিন্নাস্বামী স্টেডিয়ামে কর্নাটকের বিরুদ্ধে প্রথমে ব্যাট করতে নেমেছে পঞ্জাব। ওপেন করেন শুভমন। কিন্তু আট বলের বেশি খেলতে পারেননি তিনি। ৪ রান করে অভিলাস শেট্টির বলে ক্যাচ দিয়ে ফেরেন শুভমন।

ভারতের জাতীয় দলের আরও দুই ক্রিকেটার রঞ্জি খেলছেন। রবীন্দ্র জাডেজা সৌরাষ্ট্র ও ঋষভ পন্থ দিল্লির হয়ে খেলছেন। তাঁরা একে অপরের বিরুদ্ধে খেলছেন।

## সি কে নাইডু ট্রফি : পিটিএজি-তে আজ থেকে ত্রিপুরা-কেরালা ম্যাচ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। প্রস্তুতি পর্ব চূড়ান্ত। দু দলই নিজেদের তৃতীয় ম্যাচ খেলার জন্য পুরোপুরি প্রস্তুত। আগামীকাল থেকে ২৮ জানুয়ারি পর্যন্ত ত্রিপুরা খেলবে কেরালার বিরুদ্ধে। ম্যাচটি দ্বিতীয়, তৃতীয় ম্যাচের মতোই ত্রিপুরার ঘরের মাঠ পুলিশ ট্রেনিং একাডেমী গ্রাউন্ডে। ইতোমধ্যে কেরালার খেলোয়াররা আগরতলায় পৌঁছে যথারীতি মাঠ দেখে নিয়ে প্রয়োজনীয় প্রস্তুতি সেরে নিয়েছে। উল্লেখ্য, ১৩ অক্টোবর থেকে সারাদেশ জুড়ে বিসিসিআই আয়োজিত কর্নেল সি কে নাইডু ট্রফি তথা অনূর্ধ ২৩ জাতীয় ক্রিকেট টুর্নামেন্ট শুরু হয়েছে। ঔরাঙ্গাবাদে প্রথম রাউন্ডের খেলায় মহারাষ্ট্রের কাছে ত্রিপুরা ২৫ রানে পরাজিত হলেও ৮ দলীয় গ্রুপে ত্রিপুরার অবস্থান ছিল পঞ্চম স্থানে, ৬ পয়েন্ট পেয়ে। ২০ থেকে ২৩ অক্টোবর দ্বিতীয় রাউন্ডের খেলা শেষে ত্রিপুরার অবস্থান একেবারে অষ্টম স্থানে। কেননা পুলিশ ট্রেনিং একাডেমি গ্রাউন্ডে তথা ঘরের মাঠে কর্নাটকের বিরুদ্ধে ত্রিপুরার এ ধরনের ইংনিস সহ ১৩১ রানের বিশাল ব্যবধানে পরাজয় অনেক ক্রিকেটপ্রেমীরা হতাশ প্রকাশ করেছিলেন। এলিট গ্রুপ এ-তে দ্বিতীয় রাউন্ডের খেলায় এই পিটিএজি গ্রাউন্ডে তামিলনাড়ু সহ ৩৫ রানের ব্যবধানে ত্রিপুরা কে পরাজিত করেছিল। এপর্যন্ত পাঁচ ম্যাচের শেষে ত্রিপুরা দলের অবস্থান ১৮ পয়েন্ট নিয়ে অষ্টম স্থানে। সেস্থলে কেরালা রয়েছে ষষ্ঠ স্থানে ৪১ পয়েন্ট পেয়ে।

এদিকে, প্র্যাকটিসে চোট পেলো আরমান হোসেন। কর্নেল সি কে নাইডু ট্রফিতে সে দলের সঙ্গে ছিলো। ম্যাচের লক্ষ্যে শুক্রবার প্র্যাকটিসের সময় চোট পায় আরমান। চোট গুরুতর। তাই ফিজিও তাকে রেস্ট করার নির্দেশ দিলেন। তাই তার পরিবর্তে এবার সি কে নাইডু ট্রফির ষষ্ঠ ম্যাচে রাজদীপ দত্ত সুযোগ পেলো। টিসিএ-র তরফে এক বিবৃতিতে এই খবর জানালেন সচিব সুব্রত দে।

## উত্তরাখণ্ডে ৩৮-তম জাতীয় গেমসে অংশ নিতে রাজ্য দলের রওয়ানা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। ৩৮তম জাতীয় গেমস উত্তরাখণ্ডে অনুষ্ঠিত হচ্ছে। আগামী ২৮ জানুয়ারি থেকে তা শুরু হয়ে চলবে ১৪ ফেব্রুয়ারি পর্যন্ত। ত্রিপুরা দল এতে পাঁচটি ইভেন্টে অংশগ্রহণ করবে বলে স্থির হয়েছে। সে অনুযায়ী রাজ্য দলের খেলোয়াড়দের নামের তালিকাও নথিভুক্ত করানোর জন্য পদ্ধতি অনুযায়ী প্রেরণ করা হয়েছে। ট্রায়থলন দলের খেলোয়ার আফতাব হোসেন এবং সঙ্গীতা ভৌমিক বৃহস্পতিবার, উত্তরাখণ্ডের উদ্দেশ্যে রওয়ানা হয়েছেন। সঙ্গে রয়েছেন টেকনিক্যাল অফিসিয়াল অমিয় কুমার দাস। এছাড়া, স্কোয়াশ রেকেট ইভেন্টে খেলবে রৌনক আচার্য্য।

যোগাসন ইভেন্টে অংশ নেবে পুজা সাহা, ঈসা সূত্রধর, কিষান দেবনাথ ও সুমন আচার্য্য। জিমনাস্টিক্সে রিয়া দেবনাথ, সোনালী আচার্য্য, সঙ্গীতা দেব ও সঞ্চিতা মজুমদার। জুডোতে রিকশন দেববর্মা ও সুমি মগ। রাজ্য দলের সঙ্গে সেফ দ্যা মিশন হিসেবে রতন সাহা এবং ডেপুটি সেফ দ্যা মিশন পিনাকী চক্রবর্তী ও যাচ্ছেন। উল্লেখ্য, শুক্রবার সন্ধ্যায় দিল্লি বিমান বন্দরে ত্রিপুরার ট্রায়াথলন দলকে শুভেচ্ছা জানালেন রাজ্য ট্রায়াথলন সংস্থার মুখ্য উপদেষ্টা সুজিত রায় ও সচিব অমিয় কুমার দাস। বলা বাহুল্য, ত্রিপুরা দলের অন্যান্য খেলোয়াড়রা ইতোমধ্যে রওনা হচ্ছেন।

## ইডেনে খেলেননি শামি, শনিবার চেন্নাইয়ে কি খেলবেন ? ধোঁয়াশা

ইডেনে ভারতীয় জার্সিতে প্রত্যাবর্তন হয়নি মহম্মদ শামির। ইংল্যান্ডের বিরুদ্ধে প্রথম টি-টোয়েন্টিতে খেলেননি তিনি। শামিকে বাইরে রেখেই দল গড়েছিল ভারত। কেন শামিকে নেওয়া হয়নি সে বিষয়ে কিছু বলেননি ভারত অধিনায়ক সূর্যকুমার যাদব। শনিবার চেন্নাইয়ে দ্বিতীয় টি-টোয়েন্টিতে কি খেলবেন শামি? এই বিষয়ে নিয়ে মুখ খুললেন আরশদীপ সিংহ। তবে তাঁর কথাতেও ধোঁয়াশা রয়েছে।

ইডেনে ইংল্যান্ডের ব্যাটিংয়ের ভিত নড়িয়ে দেন আরশদীপ। নতুন বলে দুই উইকেট নেন তিনি। ভারতের হয়ে টি-টোয়েন্টিতে সর্বাধিক উইকেটের মালিক হয়েছেন এই বাঁহাতি পেসার। খেলা শেষে শামিকে নিয়ে প্রশ্নের জবাবে আরশদীপ বলেন, "আর কয়েকটা দিন অপেক্ষা করুন। শামিকে সকলেই বল করতে দেখবেন। আশা করি, সকলেই উপভোগ করবেন।" আরশদীপের কথা থেকে পরিষ্কার, আরও কিছু দিন পরে খেলতে নামবেন শামি। কিন্তু সেটা কত দিন পরে তা বলেননি আরশদীপ। শনিবার চেন্নাইয়ে, না কি তার পরে মঙ্গলবার রাজকোটে শামি নামবেন? উত্তর অজানা।

শামির প্রত্যাবর্তন নিয়ে স্পষ্ট করে কিছু না বললেও তাঁর বোলিংয়ের প্রশংসা করেছেন আরশদীপ। অনুশীলনে শামিকে ছন্দে দেখা যাচ্ছে।

আরশদীপ বলেন, "আগের দিন অনুশীলনে ওর হাত থেকে যে ভাবে বল বার হচ্ছিল, তা দেখে অবাক হচ্ছিলাম। ভাবছিলাম, কী ভাবে এক জন এ রকম নিয়ন্ত্রণ রাখতে পারে। শামি ভাইকে দেখে মনে হচ্ছিল ২২ বছরের এক তরুণ বল করছে। আগামী দিনে সকলে সেটা দেখতে পাবেন।"

শনিবার ইডেনে খেলা শুরুর আগে নেটে বল করতে দেখা যাচ্ছিল শামিকে।

তাঁর দু'পায়ের হাঁটুতে স্ট্র্যাপ বাঁধা থাকলেও পুরো রান আপে বল করছিলেন তিনি। তাঁকে নিয়ে হয়তো ঝুঁকি নিতে চাইছে না ম্যানেজমেন্ট। ফেব্রুয়ারি মাসে চ্যাম্পিয়ন্স ট্রফি। সেখানে জসপ্রীত বুমরাহ খেলতে না পারলে শামিকে বড় দায়িত্ব নিতে হবে। সেই কারণেই হয়তো ধীরে ধীরে শামিকে খেলানোর পরিকল্পনা করেছে ম্যানেজমেন্ট। তিনি কবে মাঠে নামেন, সে দিকেই তাকিয়ে সকলে।

## রোনাল্ডোর 'সেঞ্চুরি'তে সহজ জয় আল নাসেরের

বয়স ৩৯। কিন্তু রেকর্ড গড়া থামাচ্ছেন না ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। সৌদি লিগে জোড়া গোল করে আল নাসেরকে জেতানোর পাশাপাশি নতুন নজিরও গড়লেন তিনি। সেই সঙ্গে ১০০০-র গোলের দিকে আরও এগোলেন সিআর৭।

সৌদি প্রো লিগে আল নাসেরের ম্যাচ ছিল আল খালিজের বিরুদ্ধে। সেখানে ৬৫ মিনিটে প্রথম গোল করলেন রোনাল্ডো। বক্সের বাইরে থেকে মাটি ঘেঁষা শট প্রতিপক্ষের জালে জড়িয়ে যায়। তবে ৮০ মিনিটে সমতা ফেরায় আল খালিজ। পরের মিনিটেই ব্যবধান বাড়ান আল নাসেরের সুলতান। ম্যাচের একেবারে শেষ মুহূর্তে ৩-১ করেন রোনাল্ডো। মাঝমাঠ থেকে বাড়ানো বল ধরে রোনাল্ডোকে অ্যাসিস্ট করেন সাদ হাকাউই। এই নিয়ে সৌদি প্রো লিগেও ১০০টি গোল হয়ে গেল তাঁর। আর তার জন্য নিলেন মাত্র ৯২টি ম্যাচ। পরিসংখ্যান বলছে, যে কটি ক্লাবে রোনাল্ডো অন্তত ৭০টি ম্যাচ খেলেছেন, সেখানে ন্যূনতম ১০০টি গোলে অবদান রয়েছে। ফুটবল দুনিয়ায় এই রেকর্ড আরও কারোর নেই। কেরিয়ারে সব মিলিয়ে ৯১৯টি গোল হয়ে গেল রোনাল্ডোর। ১০০০-র গোলের দিকে ক্রমশ এগিয়ে চলেছেন পর্তুগিজ মহাতারকা। এখানেই শেষ নয়। চলতি মরশুমে ১৩টি গোল হয়ে গেল রোনাল্ডোর। এবারের সৌদি প্রো লিগে বর্তমানে সর্বোচ্চ গোলদাতা। লিগ টেবিলে ১৬ ম্যাচে ৩২ পয়েন্ট নিয়ে আল নাসের রয়েছে তৃতীয় স্থানে। প্রথম স্থানে থাকা আল হিলালের পয়েন্ট সমসংখ্যক ম্যাচে ৪৩। ফলে এই মরশুমেও লিগজয় ক্রমশ তাঁর ধরাছোঁয়ার বাইরে চলে যাচ্ছে।

## ইডেনে নজির আরশদীপের

মাত্র ২৫ বছর বয়সেই নজির গড়েছেন আরশদীপ সিংহ। ইডেন গার্ডেন্সে প্রথম টি-টোয়েন্টি ম্যাচে ইংল্যান্ডের বিরদ্ধে ২ উইকেট নিয়েছেন তিনি। ফলে ভারতের হয়ে টি-টোয়েন্টি ক্রিকেটে সর্বোচ্চ উইকেটের মালিক হলেন তিনি। ছাপিয়ে গেলেন যুজবেন্দ্র চহলকে।

এত দিন টি-টোয়েন্টিতে ভারতের সর্বোচ্চ উইকেটের মালিক ছিলেন চহল। ৮০টি ম্যাচে ৯৬টি উইকেট রয়েছে তাঁর। তবে দীর্ঘ দিন জাতীয় দলে ব্রাত্য তিনি। সেই সুযোগ কাজে লাগিয়েছেন আরশদীপ। টি-টোয়েন্টিতে ৬১টি ম্যাচে তাঁর উইকেটের সংখ্যা ৯৭।

ইডেনে আরশদীপ ইংল্যান্ডের দুই ওপেনার ফিল সল্ট ও বেন ডাকেটের উইকেট নিয়েছেন। নতুন বলে পর পর দু'ওভারে উইকেট নিয়েছেন তিনি। তাঁর দাপটেই শুরুটা ভাল হয়নি ইংল্যান্ডের। ৪ ওভার বল করে ১৭ রান দিয়েছেন আরশদীপ। সবে ২৫ বছর বয়স আরশদীপের। এখনও বেশ কয়েক বছর খেলবেন তিনি। অর্থাৎ, টি-টোয়েন্টিতে বিশ্বে সর্বাধিক উইকেটের নজির গড়ারও সুযোগ রয়েছে তাঁর।

টি-টোয়েন্টিতে ভারতের হয়ে সর্বোচ্চ উইকেটের তালিকায় তিন নম্বরে রয়েছেন ভুবনেশ্বর কুমার। ৮৭ ম্যাচে ৯০টি উইকেট নিয়েছেন তিনি। চার নম্বরে থাকা জসপ্রীত বুমরাহ ৭০ ম্যাচে ৮৯টি উইকেট নিয়েছেন। পাঁচ নম্বরে রয়েছেন হার্দিক পাণ্ড্য। ১০৯ ম্যাচে ৮৯টি উইকেট নিয়েছেন তিনি।

■ Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021- 2023


# রক্তদানে এগিয়ে আসার আহবান মুখ্যমন্ত্রীর



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি:** শুক্রবার আগরতলা বড়দোয়ালী নবঅঙ্গীকার সামাজিক সংস্থার পক্ষ থেকে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। নব অঙ্গীকার সামাজিক সংস্থার পক্ষ থেকে শুক্রবার এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী ডঃ মানিক সাহা, ক্লাব সেক্রেটারি দেবদাস বক্সী সহ অন্যান্যরা। এই রক্তদান শিবিরে মোট ৩০ জন রক্তদাতা স্বেচ্ছায় রক্তদান করেছেন।

এদিন রক্তদান শিবিরে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী ডঃ মানিক সাহা বলেন রক্তদান মহৎ দান। রক্তদান করার মধ্য দিয়ে যে তৃপ্তি পাওয়া যায় অন্য কোন কাজ করে সেই তৃপ্তি লাভ করা সম্ভব নয়। রক্তদানে সমাজের সব অংশের মানুষকে এগিয়ে আসতে তিনি আহ্বান জানিয়েছেন।মুখ্যমন্ত্রী বলেন রাজ্যের ব্লাড ব্যাংক গুলিতে রক্তের সংকট রয়েছে। চিকিৎসার প্রয়োজনে রক্ত খুবই জরুরী। বিজ্ঞানের আবিষ্কার যতই উন্নত হোক না কেন এখনো বিজ্ঞানীরা রক্তের বিকল্প কোন কিছুই আবিষ্কার করতে পারেননি। একমাত্র রক্তদানের মধ্য দিয়েই রক্তের সংকট দূর করা সম্ভব। তাই প্রত্যেককে রক্তদানে এগিয়ে আসার আহবান জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

# যান দুর্ঘটনা আহত দুই

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি:** ঘন কুয়াশার মধ্যে রাতে বাইক চালাতে গিয়ে ভয়াবহ দুর্ঘটনার কবলে পড়েছে চালক ও আরোহী। তাতে আহত হয়েছেন দুজনেই। ঘটনাটি ঘটেছে কলসিমুড়া রাধাগোবিন্দ মন্দিরের কাছে।ঘটনার বিবরনে প্রকাশ, কলসিমুড়া রাধা গোবিন্দ মন্দিরের সামনে নিয়ন্ত্রণ হারিয়ে ভয়াবহ বাইক দুর্ঘটনায় মারাত্মকভাবে আহত হয়েছেন বাইক চালক সহ আরোহী। ঘটনা বৃহস্পতিবার গভীর রাতে। আহতদের প্রাথমিক চিকিৎসা করে জিবিপি হাসপাতালে রেফার করা হয়।তাদের একজনের বাড়ি বাগবের ও হাঁপানিয়া এলাকায়। মূলত কুয়াশা ঘন রাতে নিয়ন্ত্রণ হারিয়ে ঘটে এই দুর্ঘটনা।

# কস্তুরবানগর বিধানসভার লাজপত নগরের বিক্রম বিহারে আলোচনাসভায় সাংসদ বিপ্লব কুমার দেব



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।।** দিল্লি বিধানসভা নির্বাচন উপলক্ষ্যে আজ শুক্রবার কস্তুরবানগর বিধানসভার লাজপত নগরের বিক্রম বিহারে মাতৃশক্তির সাথে অর্থপূর্ণ আলোচনা অনুষ্ঠিত হয়েছে বলে সামাজিক মাধ্যমে বলেছেন সাংসদ বিপ্লব কুমার দেব। তিনি বলেন, বিজেপি সরকার সমগ্র দেশে নারীদের সম্মান ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য যে কাজ করেছে তা সকলের সামনে। দরিদ্র মহিলাদের জন্য প্রতি মাসে ২৫০০ টাকা আর্থিক সহায়তা, গর্ভবতী মহিলাদের জন্য পুষ্টির কিট এবং মাত্র ৫০০ টাকায় এলপিজি সিলিন্ডারের মতো প্রকল্পগুলি প্রযোজ্য হবে।

# আগুনে পুড়ে ছাই গৃহস্থের খড়ের মোড়ল

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি:** আগুনে পুড়ে ছাই গৃহস্থের খড়ের মোড়ল।ধারনা করা হচ্ছে, নাশকতার আগুনে পুড়ে ছাই খড়ের মোড়ল। গতকাল গভীর রাতে ঘটনা কাঞ্চনমালা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র সংলগ্ন এলাকার বাসিন্দা খোকন আচারেয্যর খড়ের মোড়ল আগুনে পুড়ে ছাই হয়েছে। ভয়াবহ অগ্নিকাণ্ডের হাত থেকে অল্পেতে রক্ষা পেল তার বসত ঘর সহ রাবার বাগান।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, গোলাঘাটি বিধানসভার অন্তর্গত কাঞ্চনমালা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র সংলগ্ন এলাকার বাসিন্দা খোকন আচার্য্য বৃহস্পতিবার রাত আনুমানিক বারোটা নাগাদ অন্যান্য দিনের মতো খাওয়া-দাওয়া সেরে বিছানায় যাওয়ার প্রস্তুতি নিচ্ছিলেন। ঠিক সেই সময় তার বসত ঘরের পাশে খড়ের মোড়ালে আগুন দেখতে পায়। চোখের পলকেই সেই আগুন ভয়াবহ রূপ নেয়। আগুন দেখতে পেয়ে চিৎকার শুরু করে খোকন আচার্য্য সহ তার পরিবারের লোকজন। তাদের চিৎকারে ছুটে গিয়েছেন পার্শবর্তী বাড়ি ঘরের লোকজন। সাথে সাথে খবর দেওয়া হয়েছে আনন্দনগরের দমকলবাহিনীকে। খবর পেয়ে দমকলকর্মীরা একটি ইঞ্জিন নিয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছে। ☛ ৬ এর পাতায় দেখুন



২৮শে জানুয়ারি শ্রী শ্রী মহানাম অঙ্গন মন্দির গোপাল বনভোজনের আয়োজন করা হয়েছে।

# অনুপ্রবেশ ঃ দুই শিশু সহ ৫ বাংলাদেশী আটক

**নিজস্ব আগরতলা, ২৪ জানুয়ারি:** সীমান্ত রক্ষীবাহিনীর চোখে ধুলো দিয়ে ত্রিপুরায় অনুপ্রবেশের দায়ে দুই শিশু সহ পাঁচজন বাংলাদেশী নাগরিককে আটক করে সাব্রুম থানার পুলিশ। তাদের বিরুদ্ধে সুনির্দিষ্ট মামলা দায়ের করা হয়েছে। প্রসঙ্গত, ত্রিপুরায় প্রতিনিয়তই বাংলাদেশি অনুপ্রবেশ চলছে। সীমান্ত সুরক্ষা বাহিনী কঠোর নজরদারি থাকা সত্ত্বেও বাংলাদেশি অনুপ্রবেশ বন্ধ করা যাচ্ছে না। দালালদের মারফতে কাঁটাতারের বেড়া অতিক্রম করে রাজ্যে বাংলাদেশের অনুপ্রবেশ এর ঘটনা নিত্যদিনের হয়ে দাঁড়িয়েছে। আজ সকালে সাব্রুম থানায় খবর আসে সাব্রুমের প্রত্যন্ত উপজাতি জনপদ মাগরুম এডিসি ভিলেজ এলাকায় কাঁটাতারের বেড়া পেরিয়ে ত্রিপুরায় অনুপ্রবেশ করে একই পরিবারের ৫ সদস্য। তাদেরকে আটক করা হয়েছে। সাব্রুমের মহকুমা পুলিশ আধিকারিক নিত্যানন্দ সরকার জানিয়েছেন, গোপন সংবাদের ভিত্তিতে থানায় খবর আসে সাব্রুমের প্রত্যন্ত উপজাতি জনপদ মাগরুম এডিসি ভিলেজ এলাকায় কাঁটা তারের বেড়া দিয়ে বাংলাদেশীরা ত্রিপুরায় প্রবেশ করবে। সেই খবরের ভিত্তিতে পুলিশ ও বিএসএফের যৌথ অভিযান চালিয়েছে। তিনি আরও জানিয়েছেন, সীমান্ত রক্ষী বাহিনী বিএসএফের সহযোগিতায় মাগরুম এডিসি ভিলেজ এলাকা থেকে এই পাঁচ বাংলাদেশী অনুপ্রবেশকারীদের আটক করে সাব্রুম থানায় নিয়ে আসে। আটককৃত বাংলাদেশিরা হলেন সনাতন মিশ্র দে (৩৫), তন্নি দে (২৫), নারায়নী দে (৫৭) এছাড়াও তাদের সাথে সাড়ে তিন বছর ও আড়াই বছরের দুই কন্যা সন্তানও রয়েছে। তাদের সকলের বাড়ি বাংলাদেশের রাঙ্গামাটিতে।

# উদ্ধার কচ্ছপের মাংস

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি:** রাজ্য সরকারে নিষেধাজ্ঞা সত্বেও অবৈধভাবে কচ্ছপ মাংস বিক্রি করা হচ্ছে। গতকাল রাতে চড়িলাম বন দপ্তরের কর্মীদের হাতে আটক কচ্ছপের মাংস সহ এক ব্যাক্তি।

জানা গেছে, বৃহস্পতিবার রাতে বিশালগড় জাঙ্গালিয়াস্থিত বন দফতরে খবর আসে মধুপুর থানার অন্তর্গত আনন্দ চৌমুহনীতে কচ্ছপের মাংস বিক্রি করা হচ্ছে। সেই খবর পেয়ে বিশালগড় ও চড়িলামের বনকর্মীরা যৌথভাবে সেখানে ছুটে গিয়েছে। সঞ্জীব দেববর্মার দোকানে অভিযান চালিয়ে কচ্ছপ মাংস বাজেয়াপ্ত করা হয়েছে। সাথে তার কর্মচারী দূরন্ত দেববর্মাকে আটক করা হয়েছে।

# জেলাভিত্তিক পুষ্প প্রদর্শনী ও প্রতিযোগিতা

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ২৪ জানুয়ারি:** ঊনকোটি জেলার কৈলাসহরের কলাক্ষেত্রে শুরু হয়েছে তিনদিনব্যাপী জেলাভিত্তিক পুষ্প প্রদর্শনী ও প্রতিযোগিতা। এই প্রতিযোগিতায় জেলার বিভিন্ন জায়গা থেকে ফুল, পাতাবাহার ও বিভিন্ন ধরনের গাছের টব আনা হয়েছে দর্শকদের দেখার জন্য। এই প্রদর্শনীর আয়োজক উদ্যান ও ভূমি সংরক্ষণ বিভাগ এবং কৈলাসহর পৌর পরিষদ।

এই অনুষ্ঠানের শুরুতেই অতিথিরা একটি ফুলের টবে জল দেন। এই মহতি অনুষ্ঠানের মঞ্চে উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস, কৈলাসহর মহকুমা শাসক প্রদীপ সরকার, গৌরনগর ব্লকের কৃষি তথ্যাবধায়ক পরাগ রায় চৌধুরী, কৈলাসহর মিউনিসিপাল কাউন্সিলের চেয়ারপার্সন চপলা দেবরায়, জেলা শিক্ষা দপ্তরের আধিকারিক প্রশান্ত কিলিকদার সহ অন্যান্যরা। বক্তারা ফুল চাষের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।

# অল ত্রিপুরা কেমিস্ট এন্ড ড্রাগিস্ট অ্যাসোসিয়েশনের রক্তদান শিবির

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি:** অল ত্রিপুরা কেমিস্ট এন্ড ড্রাগিস্ট অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে আগরতলা প্রেসক্লাবে শুক্রবার এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। কেমিস্ট এন্ড ড্রাগিস্ট অ্যাসোসিয়েশনের সর্বভারতীয় সংগঠনের ৫০ বছর পূর্তি উপলক্ষে দেশব্যাপী সামাজিক কর্মসূচির অঙ্গ হিসেবে আগরতলা প্রেস ক্লাবে আজ এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। রক্তদান শিবিরে প্রধান অতিথি ও সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী এবং সাংসদ রাজীব ভট্টাচার্য সহ বিধায়ক অভিষেক দেবরায়। শিবিরে দুই শতাধিক সদস্য রক্তদান করেন।

# গ্রামের রাস্তা ব্যবহার করা নিয়ে একই পরিবারের দুই ভাইয়ের মধ্যে ঝামেলা, থানায় অভিযোগ

**নিজস্ব প্রতিনিধি, কুমারঘাট, ২৪ জানুয়ারি:** গ্রামের রাস্তা ব্যবহার করা নিয়ে একই পরিবারের দুই ভাইয়ের মধ্যে ঝামেলা। দু-পক্ষের অভিযোগ পাল্টা অভিযোগে বিষয়টি গড়ালো থানা পর্যন্ত। প্রশাসনের কাছে ন্যায্য বিচারের দাবি উভয়ের। ঘটনা ফটিকরায় থানাধীন সায়দারপাড় এলাকায়।

গ্রামের সরকারী রাস্তা ব্যবহার করা নিয়ে মারমুখী ঝামেলায় জড়ালো একই পরিবারের দুই ভাই। ঘটনা ঊনকোটি জেলার ফটিকরায় থানাধীন সায়দারপাড় এলাকায়। এলাকার বাসিন্দা নিখিল দেবনাথ অভিযোগ করেন এলাকায় জনৈক বিকাশ দাসের পুকুর খননের কাজ করছেন সজল দেবনাথ। আর গাড়ি করে সেই পুকুরের মাটি সরকারী রাস্তা ব্যবহার করে অন্যত্র নিয়ে ফেলতে গেলে তাদের বাঁধা দিচ্ছে তারই আরেকভাই নারায়ন দেবনাথ। এমনকি কাজ করতে গেলে তাদের উপর আক্রমনাত্মক হয়ে উঠার অভিযোগ তোলেন নিখিল দেবনাথ।

তিনি জানান এই বিষয় নিয়ে অভিযোগ জানানো হয়েছে ফটিকরায় থানায়। পুলিশ গিয়ে ঝামেলার মীমাংশা করলেও অবস্থা তথৈবচ। এদিকে নিখিল দেবনাথের উত্থাপিত অভিযোগ খণ্ডন করেছেন নারায়ন দেবনাথ। তিনি দাবী করেন, সরকারী রাস্তা ব্যবহার করা নিয়ে কোন আপত্তি নেই তাদের। তিনি এও জানান গাড়ী দিয়ে মাটি আনা-নেওয়ার ফলে খারাপ হচ্ছে রাস্তা। ফলে সেই রাস্তায় চলাচলে সমস্যায় পড়তে হচ্ছে তাদেরকে। বিষয়টি প্রশাসনকে খতিয়ে দেখার আবেদন জানিয়েছেন নারায়ন দেবনাথ।

# রামঠাকুর পাঠশালা বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি:** শুক্রবার রামঠাকুর পাঠশালা বালক দ্বাদশ শ্রেণীর বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

শুক্রবার এক অনুষ্ঠানের মধ্য দিয়ে রামঠাকুর পাঠশালা বালক দ্বাদশ শ্রেণী বিদ্যালয় এর ৬১ তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য্য সহ স্কুলের শিক্ষক শিক্ষিকা ,ছাত্রছাত্রীরা। বিভিন্ন প্রতিযোগিতায় যারা যারা প্রথম দ্বিতীয় তৃতীয় হয়েছে তাদেরকে পুরস্কৃত করলেন সাংসদ রাজীব ভট্টাচার্য্য। অনুষ্ঠানে সাংসদ রাজীব ভট্টাচার্য্য ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার পাশাপাশি শরীর চর্চা ও খেলাধুলায় মনোযোগী হতে পরামর্শ দেন।

অন্যদিকে, প্রতিবছর ন্যায় এই বছরও আনন্দনগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় উপস্থিত ছিলেন উদ্বোধক ও প্রধান অতিথি রামপ্রসাদ পাল, মাননীয় উপাধ্যক্ষ, ত্রিপুরা ☛ ৬ এর পাতায় দেখুন

# সিপিএম'র ২৪ তম রাজ্য সম্মেলনকে ঘিরে সাব্রুমে বাইক র‍্যালি

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি: ২৪-তম সিপিআইএমেট ত্রিপুরা রাজ্য সম্মেলনকে সফল করার আহ্বান জানিয়ে সাব্রুমের রাজপথে লালঝান্ডার সুবিশাল বাইক র‍্যালির আয়োজন করা হয়েছে।

এদিন সংগঠনের নেতৃত্ব অমল চক্রবর্তী সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেন, আগামী ২৯, ৩০ এবং ৩১ জানুয়ারি সিপিআইএমের ২৪তম রাজ্য সম্মেলনকে সামনে রেখে প্রচার জোর কদমে চলছে। ওই সম্মেলনকে ঘিরে আগরতলার রাজপথ সহ বিভিন্ন এলাকায় ব্যাপক সাড়া পাচ্ছেন সংগঠনের নেতৃত্বরা। এরই উপলক্ষ্যে সাব্রুমের রাজপথে লালঝান্ডার সুবিশাল বাইক র‍্যালির আয়োজন করা হয়েছে।

এদিন তিনি আরও বলেন, ওই সম্মেলন বিবেকানন্দ ময়দানে আয়োজিত করার জন্য সরকারের কাছে আবেদন করা হয়েছিল। কিন্তু সরকারের সেই আবেদন খারিজ করেছে। প্রথম দিকে সরকার আস্তাবল ময়দান দেওয়ার কথা বললেও পড়ে এটা নিয়ে জল ঘোলা রাজনীতি করেছে বলে অভিযোগ করেন তিনি।

# বিজেপি মহিলা মোর্চার উদ্যোগে সংবিধান গৌরব অভিযান উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি:** বিজেপি মহিলা মোর্চার উদ্যোগে সংবিধান গৌরব অভিযান কর্মসূচি অঙ্গ হিসাবে প্রদেশ বিজেপি কার্যালয়ে এক আলোচনা সভার আয়োজন করা হয় শুক্রবার।

বাবা সাহেব আম্বেদকরের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে এদিনের কর্মসূচির সূচনা হয়। এদিনের সভায় বক্তব্য রাখতে গিয়ে সদর শহর জেলা কমিটির সভাপতি অসীম ভট্টাচার্য্য বলেন, বাবা সাহেব আম্বেদকর সংবিধান করেছেন। কিন্তু বাবা সাহেব আম্বেদকর বিগত সরকারের আমলে কোনো দিনই যোগ্য সম্মান পাননি। বিজেপি সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরেই সংবিধান রচিতা বাবা সাহেব আম্বেদকরকে সম্মানিত করা হয়েছে।

এদিনের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপির সভাপতি রাজীব ভট্টাচার্য্য, সদর জেলা কমিটির সভাপতি অসীম ভট্টাচার্য্য, সাধারণ সম্পাদিকা পাপিয়া দত্ত সহ অন্যান্যরা।

# পণের জন্য নির্যাতনের শিকার বধূ আইনের দ্বারস্থ হচ্ছেন মহিলা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি:** বাপের বাড়ি থেকে টাকা নিয়ে দেওয়ার জন্য দীর্ঘ ১০বছর ধরে গৃহবধূর উপর নির্য্যাতন করছে স্বামী সহ শ্বশুরবাড়ির লোকজন। বেশ কয়েকবার সালিশি সভায় বিচার হলেও নির্য্যাতন বন্ধ নেই স্বামীর। তাই এবারে পুলিশের দ্বারস্থ হয়েছেন নির্য্যাতিতা মহিলা। হালেমা খাতুন(৩৩) নামে নির্য্যাতিতা মহিলার বাপের বাড়ি যাত্রাপুর থানার অন্তর্গত কাঠালিয়া গ্রাম পঞ্চায়েত এলাকার খাদ্যাখলা গ্রামে। অপরদিকে ১৫ বছর আগে আনুষ্ঠানিকভাবে বিয়ে হয় কাকড়াবন থানার অন্তর্গত গজি'' পঞ্চায়েত এলাকার মামুন মিয়ার সাথে সামাজিক ও আনুষ্ঠানিকভাবে।

বিয়ের পাঁচ বছর পর্য্যন্ত সংসার সুখেরই ছিল। তারপর থেকেই বাপের বাড়ি থেকে টাকা এনে দেওয়ার জন্য গৃহবধূর উপর ক্রমশ নির্য্যাতন করতে থাকে তার স্বামী, এমনি অভিযোগ গৃহবধূর। এই ঘটনাকে কেন্দ্র করে বহুবার সালিশি সভা হয়েছে। এমনকি গৃহবধূর পাষন্ড স্বামীর বিরুদ্ধে কাকড়াবন থানায় অভিযোগ জানানো হয়েছিল। কিন্তু কোনো লাভ হয়নি। তাই এবারে ফের একবার আইনের দ্বারস্থ হওয়ার সিদ্ধান্ত নিয়েছে নির্য্যাতিতা মহিলা। এদিন সোনামুড়ার যাত্রাপুর থানায় ওই মহিলা অভিযোগ জানাবেন বলে জানিয়েছেন।

# আগামী ২৬ জানুয়ারি ৭৬তম প্রজাতন্ত্র দিবস বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে উদযাপন করা হবে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি:** আগামী ২৬ জানুয়ারি সারা রাজ্যে বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে ভারতের ৭৬তম প্রজাতন্ত্র দিবস উদযাপন করা হবে। প্রজাতন্ত্র দিবসের মূল অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে আগরতলা আসাম রাইফেলস ময়দানে। এদিন সকাল ৯টায় আসাম রাইফেলস ময়দানে জাতীয় পতাকা উত্তোলন করবেন ও কুচকাওয়াজে অভিবাদন গ্রহণ করবেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নান্নু। তিনি অনুষ্ঠানে পুরস্কার ও পদক প্রদান করবেন। আয়োজন করা হয়েছে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানেরও।

আগামী ২৬ জানুয়ারি আগরতলা প্রজাতন্ত্র দিবসের অনুষ্ঠান শুরু হবে সকালে সব সরকারি ও বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে। সকাল ৬টা ৩০ মিনিটে গান্ধীঘাটে গান্ধী বেদীতে মাল্যদান করে জাতির জনকের প্রতি শ্রদ্ধা জানাবেন কৃষি দপ্তরের মন্ত্রী রতনলাল নাথ। তিনি সকাল ৭টায় এলবার্ট এক্কা পার্কে শহীদ বেদীতে মাল্যদান করে শ্রদ্ধা নিবেদন করবেন। সকাল ৭টা ৩০ মিনিটে সচিবালয়ে প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন করবেন কৃষিমন্ত্রী রতনলাল নাথ। প্রজাতন্ত্র দিবসের কর্মসূচির অঙ্গ হিসেবে সকাল ১০টা ৩০ মিনিটে জিবি ও আইজিএম হাসপাতালের রোগী, বাধারঘাটের দৃষ্টিহীন শিক্ষা প্রতিষ্ঠান, বিশালগড়স্থিত কেন্দ্রীয় সংশোধনাগার, নড়সিংগড়স্থিত পুলিশ, বিএসএফ, সিআরপিএফ হাসপাতালের রোগী, নির্মলা শিশু ভবন, নড়সিংগড়ের দৃষ্টিহীন শিক্ষা প্রতিষ্ঠান প্রভৃতি আবাসিকদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হবে। দুপুর ১২টা ৩০ মিনিটে প্রজ্ঞাভবনে অনুষ্ঠিত হবে প্রাক্তন সৈনিকদের অনুষ্ঠান। রাজভবনে ঘরোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে বিকাল ৪টায়। সন্ধ্যা ৫টা ৩০ মিনিটে রবীন্দ্রকাননে হর্টিকালচার প্রদর্শনীর পুরস্কার বিতরণ করা হবে। সন্ধ্যা ৬টায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনে রাজ্যভিত্তিক জনজাতি লোকনৃত্য অনুষ্ঠানের পুরস্কার বিতরণ করা হবে। রাত ৮টা ৩০ মিনিটে মহারাণী তুলসীবতী বালিকা বিদ্যালয়ে জনজাতি নেতৃবৃন্দের প্রীতি নৈশভোজের আয়োজন করা হয়েছে।প্রজাতন্ত্র দিবস উদযাপন কর্মসূচির অঙ্গ হিসেবে আগামীকাল সকাল ৭টায় উমাকান্ত একাডেমি প্রাঙ্গণ থেকে শুরু হবে ক্রসকাটি দৌড় প্রতিযোগিতা। সকাল ১১টায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনে অনুষ্ঠিত হবে জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা। বিকাল ৩টায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনে অনুষ্ঠিত হবে বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের সাংস্কৃতিক অনুষ্ঠান।

# গান্ধীগ্রাম স্বাস্থ্যকেন্দ্রে উদ্বোধন হল ওরিয়েন্টেশন প্রোগ্রাম




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জানুয়ারি।।** গান্ধীগ্রাম প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে উদ্বোধন হলো ওরিয়েন্টেশন প্রোগ্রাম অফ এনসিডি নন কমিউনিকেবেল ডিজিজ , স্ক্রিনিং অফ ইন্ডিভিজুয়ালস এজড ৩০ অ্যাণ্ড এবাভ আন্ডার জুরিসডিকশন অফ পটুনগর আয়ুষ্মান আরোগ্য মন্দির। স্বাস্থ্য দপ্তরের মাননীয় সচিব কিরণ গিত্যের হাত ধরে শুভ সূচনা হলো এই উদ্যোগের। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মিশন অধিকর্তা, জাতীয় স্বাস্থ্য মিশন ডঃ সমিত রায় চৌধুরী , স্টেট প্রোগ্রাম অফিসার স্টেট প্রোগ্রাম অফিসার ডিএস ও এইচ ডব্লিউসি ডাঃ অভিজিৎ দাস, মুখ্য স্বাস্থ্য আধিকারিক পশ্চিম ত্রিপুরা জেলা ডাঃ রঞ্জন বিশ্বাস, ব্লক ডেভেলপমেন্ট অফিসার বামুটিয়া, মেডিকেল অফিসার ইনচার্জ গান্ধীগ্রাম হাসপাতাল ডাঃ অর্পিতা সিনহা। এছাড়াও উপস্থিত ছিলেন অঙ্গনওয়াড়ি ওয়ার্কার, আশা কর্মী এবং স্বাস্থ্য দপ্তরের বিভিন্ন স্বাস্থ্য আধিকারিক এবং স্বাস্থ্যকর্মীরা। ৩০ বছর এবং তার ঊর্ধে এই এলাকার যত নাগরিক রয়েছেন প্রত্যেকেই যেন এই প্রোগ্রামের অধীনে আসেন এবং প্রত্যেকেই যেন এর সমস্ত সুযোগ সুবিধা পান তার জন্য স্বাস্থ্যকর্মীদের প্রতি স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে নির্দেশ দেন। এই এনসিডি পরিষেবার মধ্যে রয়েছে হার্ট ডিজিজ, লাং ডিজিজ ,ক্যান্সার এবং ডায়াবেটিস। স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে জানান, এই পরিষেবা সহজেই যেন মানুষের কাছে পৌঁছে যায় তার জন্য একটি মোবাইল অ্যাপ্লিকেশন খুব শীঘ্রই চালু হবে যার মাধ্যমে সাধারণ মানুষের কাছে অন্যান্য পরিষেবার মত এন সি ডি আক্রান্ত লোকেদের কাছেও খুব সহজেই তথ্য পৌঁছে যাবে। গোটা রাজ্যে এই গান্ধীগ্রাম হাসপাতালে পাইলট প্রজেক্ট হিসেবে এ কাজটি শুরু হয়েছে, আগামী দিনে রাজ্যের বিভিন্ন প্রান্তে এ পরিষেবা পৌঁছে যাবে। বিশেষ করে নীতি আয়োগ সদস্য ডাঃ বি কে পল এর ভিশন এ এই পাইলট প্রজেক্ট শুরু হয়, যার মাধ্যমে হাজার হাজার মানুষ উপকৃত হবেন।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক সন্দীপ বিশ্বাস কর্তৃক রেণ্বো প্রিন্টিং ওয়ার্কস, আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল. এন. বাড়ী রোড, আগরতলা, ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক - সন্দীপ বিশ্বাস।
Printed by the Owner, Publisher and Printer Sandeep Biswas from Rainbow Printing Works, Agartala and Published from Jagaran Office, L.N. Bari Road. Agartala, Tripura. Editor- Sandeep Biswas